قَوْمٍ بَيْنَكُمْ وَبَيْنَهُم مِّيثَٰقٌ . وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ وَإِنِ اسْتَنصَرُوكُمْ فِى الدِّينِ فَعَلَيْكُمُ النَّصْرُ إِلَّا عَلَىٰ . يُهَاجِرُوا مَا لَكُم مِّن وَلَٰيَتِهِم مِّن شَىْءٍ حَتَّىٰ يُهَاجِرُوا
تَفْعَلُوهُ تَكُن فِتْنَةٌ فِى الْأَرْضِ وَفَسَادٌ كَبِيرٌ بَصِيرٌ . وَالَّذِينَ كَفَرُوا بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ . إِلَّا .

নিশ্চয়ই যারা ঈমান এনেছে, (দ্বীনের জন্য) হিজরত করেছে, স্বীয় জান ও মাল দ্বারা আল্লাহর পথে জেহাদ করেছে এবং যারা তাদেরকে আশ্রয় দিয়েছে ও সাহায্য সহায়তা করেছে, তারা একে অপরের বন্ধু। আর যারা ঈমান এনেছে কিন্তু (দ্বীনের জন্য) হিজরত করেনি তাদেরকে সাহায্য করার কোন দায়িত্ব তোমাদের নেই যতক্ষণ না তারা হিজরত করে। অবশ্য যদি তারা দ্বীনের ব্যাপারে তোমাদের সহায়তা কামনা করে, তবে তাদের সাহায্য করা তোমাদের কর্তব্য। কিন্তু তোমাদের সাথে যাদের চুক্তি রয়েছে তাদের বিরুদ্ধে নয়। তোমরা যা কিছু কর, আল্লাহ সবই দেখেন। আর যারা কাফের তারা একে অপরের বন্ধু। যদি তোমরা তা না কর (অর্থাৎ একে অপরের সাহায্যে এগিয়ে না আস) এমন ব্যবস্থা না কর, তবে দুনিয়াতে ফেতনা ও মহা বিপর্যয় দেখা দেবে। সূরা আনফাল ৭২-৭৩

৬ষ্ঠ পরিচ্ছেদঃ

শত্রু ও তাদের সহগামীদের রাজনৈতিক চাল সঠিকভাবে বোঝা এবং শরিয়া রাজনীতি (সিয়াসাত) অনুসারে সেগুলো মোকাবেলায় পদক্ষেপ নেওয়া।

[রাজনীতি বোঝা একটি গুরুত্বপূর্ণ বিষয়]

আমরা এ বিষয়ে জোর দেই যে, ইসলামী আন্দোলনের অধিকাংশ নেতাকেই একজন সামরিক কমান্ডার হতে হবে, কিংবা কমপক্ষে রণক্ষেত্রে লড়াই করার মত যোগ্যতাসম্পন্ন হতে হবে। একইভাবে আমরা এ বিষয়েও জোর দেই যে, যেমনিভাবে সমরশাস্ত্রে তাদের ব্যাপক অভিজ্ঞতা থাকতে হবে, তদ্রুপ রাজনীতি সম্পর্কেও থাকতে হবে সমান প্রজ্ঞা।

ছিন্ন-বিচ্ছিন্ন দেহ, খুলি ও রক্তের মাঝে জয় পরাজয়ের যে দীর্ঘ পথ আমরা পাড়ি দিয়েছি সে দীর্ঘ পথে কিছু (ইসলামী) আন্দোলন একেবারে বিলুপ্ত হয়ে গেছে, আবার কিছু বাকি রয়েছে।

যে সব আন্দোলন এখনো টিকে আছে তাদের মাঝে আমরা মিলিটারি একশনের সাথে সাথে পলিটিক্যাল একশনও দেখতে পাই। অবশ্য টিকে থাকা আন্দোলনগুলোর মধ্যে কিছু আন্দোলন কিছু পরিস্থিতিতে শরিয়াহ বহির্ভূত কিছু পলিসি অবলম্বন করেছে এবং টিকে থাকার ব্যবস্থা করেছে, যদিও স্বাভাবিকভাবেই তাদের টিকে থাকাটা বরকতপূর্ণ ছিলনা। কিন্তু কিছু ইসলামী আন্দোলন রয়েছে যারা শত্রুর পলিসি বুঝে শরিয়াহ নীতি অনুযায়ী শত্রুর মোকাবেলা করেছে। ফলে তারা আল্লাহ্‌র দীনকে সাহায্য করার কারণে ও শরিয়াহ অমান্য না করার কারণে বরকতের মধ্য দিয়ে বেড়ে উঠেছে এবং পরিশুদ্ধতা ও অবিচলতার সাথে পর্যায়ক্রমে উৎকর্ষ সাধন করেছে। সমস্ত প্রশংসা আল্লাহ্ তা'আলার।

যেসব আন্দোলন- জিহাদ, কিতাল ও সামরিক পদক্ষেপ নিয়েছিল, কিন্তু পলিটিক্সকে অবজ্ঞা করেছিল ও একে শয়তানের নোংরা কাজ বলে বিবেচনা করেছিল অথবা যারা শরিয়াহ বহির্ভূত কুফরী পলিটিক্সে নিমজ্জিত ছিল, দুঃখজনভাবে এ উভয় শ্রেণির পরিণতি এই হয়েছে যে- তারা কাফের ও মুরতাদদের বাহনে পরিণত হয়েছে এবং ওরাই তাদের জিহাদের ফল ভোগ করেছে।

রাজনৈতিক পদক্ষেপ খুবই গুরুত্বপূর্ণ ও ঝুঁকিপূর্ণ বিষয়। কেউ একজন বলেছিল, "একটি রাজনৈতিক ভুল শত সামরিক ভুলের থেকেও অধিকতর ক্ষতি বয়ে আনে"। কথাটিতে যদিও অতিরঞ্জন আছে তথাপি বিষয়টির গুরুত্ব বুঝানোর ক্ষেত্রে তা বেশ যথার্থ।

অবশ্য আমাদের কেউ কেউ যখন রাজনীতিতে লোকদের কদর্যপূর্ণ অবস্থান প্রত্যক্ষ করে এবং দেখে যে রাজনীতিকরা নীতি-নৈতিকতা ও মানবিকতা হারিয়েছে এবং প্রতারণা, মিথ্যা, কূট চক্রান্ত ও বিশ্বাসঘাতকতায় পূর্ণ শয়তানের পথ অনুসরণ করছে, তখন তারা ওদের সেই কূট রাজনীতিকে এড়িয়ে চলার পথ অবলম্বন করে। কিন্তু বাস্তবতা হলো, আমাদের রাজনীতি পরিত্যাগ করা উচিত নয়।

তেমনিভাবে এমন একদল লোকও আছে যারা সামরিক কার্যক্রমের পাশাপাশি নিজেদের জ্ঞানানুপাতে ছকবাঁধা কিছু রাজনৈতিক কর্মকান্ডে জড়িত হয়। কিন্তু আফসোসের ব্যাপার হল, এ শ্রেণিটিও আজ পর্যন্ত শত্রুর রাজনৈতিক কলা-কৌশল ও এর বাস্তবতা বুঝতে সক্ষম হয়নি।

শত্রু ও তার সহগামীদের রাজনৈতিক কৌশলগুলো ও তাদের রাজনৈতিক বাস্তব পদক্ষেপগুলো গুরুত্বের সাথে বুঝা, অতঃপর সেগুলো মোকাবেলায় শরিয়াহ পলিসির ভিত্তিতে সঠিক রাজনৈতিক পদক্ষেপ গ্রহণ কোনভাবেই সামরিক কর্মকান্ডের তুলনায় কম গুরুত্বপূর্ণ নয়। বিশেষকরে যদি আমরা জিহাদের ফলাফল সংগ্রহের মুহুর্তটি বিবেচনা করি- যে মুহুর্তটিকে মুজাহিদদের দীর্ঘ সময়ের আত্মত্যাগের ফসল হিসেবে বিবেচনা করা হয়- সেই মুহুর্তটি আসে রাজনৈতিক পদক্ষেপ ও দৃঢ় সিদ্ধান্তের ভিত্তিতে। যদিও এর পূর্বে সামরিক নানা পদক্ষেপ আবশ্যকীয়ভাবে থাকে, তারপরও জিহাদের সর্বশেষ মুহূর্ত ও এর ফলাফল নির্ভর করে দক্ষতাপূর্ণ রাজনৈতিক ব্যবস্থাপনার উপর। বরং যুদ্ধের পুরো সময়টাতেই দক্ষ রাজনৈতিক ব্যবস্থাপনার প্রয়োজন পড়ে, যাতে করে সবচেয়ে ভাল ফলাফল অর্জন করা যায়।

[রাজনৈতিক সিদ্ধান্তগুলো সামরিক নেতৃত্ব থেকে আসবে]

এছাড়াও একটি খুবই গুরুত্বপূর্ণ বিষয় হলঃ রাজনৈতিক ব্যবস্থাপনার ধরণ এমন হওয়া উচিত যে, রাজনৈতিক সিদ্ধান্তগুলো সামরিক নেতৃত্ব থেকে আসবে। বরং সম্পূর্ণ রাজনৈতিক প্রশাসন অথবা রাজনৈতিক প্রশাসনের অধিকাংশ গঠিত হবে সামরিক নেতাদের এসিস্ট্যান্ট যোদ্ধাদের নিয়ে। আর তাদের উচিত হবে অত্যন্ত গুরুত্বের সাথে রাজনীতি বিষয়টি নিয়ে অধ্যয়ন ও গবেষনা করা। অন্যের সাথে যুদ্ধে জড়ানোর পূর্বে নিজেরা যুদ্ধের একটি কাল্পনিক রূপ তৈরি করতে হবে। সুতরাং যাদের কোন কারণে সামরিক লড়াইয়ের অভিজ্ঞতা নেই, তাদের হাতে রাজনৈতিক সিদ্ধান্ত ছেঁড়ে দেওয়ার মত ঝুঁকিপূর্ণ বিষয় গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। কারণ সবশেষে যুদ্ধটা হল মুজাহিদদের যুদ্ধ।

[শত্রুর রাজনৈতিক কিছু কলা-কৌশল]

এখন আমি শত্রু ও তাদের সহগামীদের রাজনৈতিক কলা-কৌশল নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করবো, ইনশাআল্লাহ্। সেগুলো আলোচনার উদ্দেশ্য এই নয় যে, এগুলো থেকে আমরা উপকৃত হতে চাই বা এগুলো প্রয়োগ করতে চাই, যেমনটা করেছিল কিছু ভ্রান্ত দল – আল্লাহ আমাদের হেফাজত করুন-। বরং উদ্দেশ্য হল, আমরা যেন শত্রুর লক্ষ্য জানতে পারি এবং ইসলামী সিয়াসাহ বা রাজনীতি অনুযায়ী তাদের মোকাবেলা করতে পারি। অতঃপর আমরা প্রয়োগযোগ্য কিছু গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করবো। যদিও গুরুত্বপূর্ণ বিষয়ের সংখ্যা অনেক, কিন্তু এই সংক্ষিপ্ত পরিসরে তরুণ মুজাহিদদের অধ্যয়ন ও আমলের জন্য প্রাথমিক কিছু আলোচনাই যথেষ্ট মনে করছি।

- যে লক্ষ্য শত্রুদেরকে যুদ্ধের প্রতি উদ্বুদ্ধ করে তা হল বস্তুগত লক্ষ্য। সুতরাং কাফির ও মুরতাদদের [পক্ষ থেকে] অন্যদের সাথে সংঘাতে জড়ানোর নীতিটি বৃহদাংশে একটি বস্তুগত দুনিয়াবী স্বার্থ। তারা তাদের বস্তুগত দুনিয়াবী উদ্দেশ্যকে ধর্মীয় বা বানোয়াট কিছু মিথ্যা সাংস্কৃতিক উদ্দেশ্যের আড়ালে গোপন করে। শুধু ধর্মীয় বিশ্বাসই যুদ্ধে একমাত্র কারণ নয়; বরং যুদ্ধে ঠেলে দেয়ার জন্য যেসব কারণ রয়েছে এটি এর একটি মাত্র। তবে কাফির, মুরতাদদের অজ্ঞ অনুসারীদের দৃষ্টিতে ধর্ম একটি শক্তিশালী কারণ। কিন্তু বাস্তবতা হলো, বস্তুগত স্বার্থ এবং বেঁচে থাকার আকাংখাই তাদের যুদ্ধের পিছনে মূল ইন্ধন, এ উদ্দেশ্যেই তাদের সংঘাত। আবার শুধু কোনরকম বেঁচে থাকাই নয়; বরং তা হতে হবে আরাম ও বিলাসিতার গ্যারান্টিযুক্ত বেঁচে থাকা। তাদের মিত্র ও সমর্থকদের ব্যাপারটা হল, তারা জোটে অবিচল থাকে ততক্ষন, যতক্ষন জোটের কারণে তাদের স্বার্থ পূরণ হয়। এ বিষয়টি আমাদের অবশ্যই ভাল করে বুঝতে হবে।

সুতরাং বুঝা গেল, শত্রুদের রাজনীতির একটি গুরুত্বপূর্ণ নীতি হলো স্বার্থনীতি। তাদের এই 'স্বার্থনীতি' কখনোই কোনো নৈতিক মূল্যবোধের সামনে মাথানত করে না। বরং তাদের স্বার্থনীতির সামনে অন্যান্য সকল নীতি গৌণ। বন্ধুত্ব-শত্রুতা, শান্তি-যুদ্ধ এ সবই নির্ধারিত হয় স্বার্থের ভিত্তিতে।

পশ্চিমা রাজনীতিকরা একটি স্লোগানের মাধ্যমে বিষয়টি তুলে ধরেঃ "রাজনীতিতে কোন স্থায়ী বন্ধুত্ব বা শত্রুতা নেই, আছে শুধু স্থায়ী স্বার্থ।"

এ কারণে স্বার্থের ভিন্নতা তাদের নিজেদের মধ্যে ভয়ংকর রক্তক্ষয়ী যুদ্ধের কারণ হয়। তবে এই ব্যাপারটা যেন আমাদেরকে এই বাস্তবতাও ভুলিয়ে না দেয় যে, সকল কাফির ও মুরতাদ সম্প্রদায়ের ইসলামের প্রতি থাকা বিদ্বেষই তাদের সকলের একসাথে কাজ করার ভিত্তি। তবে আমারা বলতে পারি, ইসলামের বিরুদ্ধে তাদের আদর্শগত জোট হল একটি দূর্বল জোট এবং এই জোট প্রত্যেক গ্রুপের বস্তুগত স্বার্থ দ্বারা সীমাবদ্ধ। একারণে শত্রুদের কোন জোটের সর্বনিম্ন কী পরিমাণ স্বার্থ থাকলে তাদের জোট সক্রিয় থাকবে, তা আমাদেরকে খুব ভালো ভাবে বুঝে, পরিমাপ করে নিজেদের সামরিক ও রাজনৈতিক পরিকল্পনা করতে হবে এবং ওই জোটের শরিকদের মাঝে বিদ্বেষ বাড়ানোর কাজটি করতে হবে। একারণে জোটের শরিকদের কার, কোথায়, কী পরিমাণ স্বার্থ জড়িত তা আমাদের নেতাদের কাছে স্পষ্ট থাকতে হবে। এই স্বার্থের মানচিত্র সামরিক মানচিত্রের মতই গুরুত্বপূর্ণ।

আমরা বলতে পারি যে, দর কষাকষি হল শত্রুর রাজনীতির একটি চারিত্রিক দিক। কারণ তারা জানে, সফল দর কষাকষির (যদিও তাতে অর্জন সামান্যই হোক না কেন) বিকল্প যা আছে তা হল অব্যাহত যুদ্ধ, যা তাদের সকল স্বার্থ ধূলির সাথে মিশিয়ে দিতে পারে।

একারণে তারা রাজনীতিকে বলে,"সম্ভব সব কিছুর কলাকৌশল (the art of the possible)"। আর তারা অবিরাম যুদ্ধ চালিয়ে যায় তখনই যখন তারা ভাবে যে শত্রু দূর্বল এবং শত্রুর ইচ্ছা শক্তি শেষ করে দেয়া সম্ভব। তাই যখন তারা প্রচণ্ড প্রতিরোধের সম্মুখিন হয় এবং যুদ্ধে খরচ অনেক বেশি হয় এবং কোন ফলাফলই প্রায় অর্জিত হয়না তখন গ্রুপগুলো জোট থেকে একের পর এক নিজেদের সরিয়ে নেয়, নিজেদের নিরাপত্তা বিবেচনা করে অথবা পরবর্তীতে সুবিধাজনক অবস্থা না আসা পর্যন্ত সংঘাত থামিয়ে রাখে।

শত্রুর দর কষাকষির ধরণের স্থায়ী কোনো রূপ নেই। কারণ এই দর কষাকষি একটি নির্দিষ্ট সময়ে উভয় পক্ষের ক্ষমতার পরিমানের উপর নির্ভরশীল। আর বিভিন্ন পক্ষের ক্ষমতা সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়। একারণেই রাজনৈতিক চুক্তি ভাঙ্গতে দেখা যায়, বিধিসম্মত দর কষাকষি বিনষ্ট হয়, স্বাভাবিক ভাবেই যা অনৈতিক। এমনকি কিছু সময় অতিক্রান্ত হতেই যখন দেখা যায়, চুক্তি ভেঙ্গে ফেলা চুক্তি রক্ষা করার চেয়ে অধিক ফলদায়ক তখন সর্বসম্মত চুক্তিও ভেঙ্গে ফেলা হয়। একইভাবে, সাংঘর্ষিক স্বার্থ বিশিষ্ট গ্রুপগলোর সাথে একই সময়ে পারস্পরিক সাংঘর্ষিক চুক্তিও রাজনৈতিক অঙ্গনে স্বাভাবিক একটি ব্যাপার।

একটি গ্রুপ তার রাজনৈতিক সিদ্ধান্ত এবং তার ও তার জাতির সকল স্বার্থ বিভিন্ন কারণে বেচে দিতে পারে। যেমন একটি কারণ হতে পারে- দূর্বলতার দরুণ রাজনৈতিক রণক্ষেত্রে অংশগ্রহণে তার অযোগ্যতা। এর উৎকৃষ্ট উদাহরণ হলো- জরাজীর্ণ সেই ইসলামী আন্দোলনগুলো। আরেকটি কারণ হতে পারে, গ্রুপটি শুধুমাত্র নিজ দলের প্রতিনিধিত্ব করে। এর সুনির্দিষ্ট আকাঙ্ক্ষাগুলো জাতীয় নীতি থেকে ও জনতার আকাঙ্খা থেকে আলাদা থাকে। (এর নিকটতম উদাহরণ হল আরব দেশগুলোর সরকারগুলো।)

এগুলো হচ্ছে শত্রুর কিছু রাজনৈতিক চরিত্র ও বৈশিষ্ট্য, ইসলামের সাথে সংঘাতে যেগুলোর সরাসরি প্রভাব রয়েছে।

[কিছু নামধারী ইসলামী আন্দোলনের রাজনীতি]

আর অন্যান্য কিছু ইসলামী আন্দোলন –যারা তাদেরই সহগামী- তাদের রাজনীতি হল: শরীয়াহ রাজনীতি ও কাফিরদের 'স্বার্থের রাজনীতির' মিশ্রণে গড়া। তারা কুরআন বিকৃতির মাধ্যমে লোকজনকে প্রতারণা করে বিশ্বাস করাতে চায় যে তাদের এই মিশ্রিত রাজনীতি শরিয়াহ রাজনীতি থেকে গৃহীত। কোন ধরণের সামরিক সক্ষমতা ছাড়া এসকল গ্রুপ পরিকল্পিত রাজনীতিতে ও দর কষাকষির মাধ্যমে চুক্তি সম্পাদনে কতটা সক্ষম, এ বিষয়ে যে কেউ বিস্ময় প্রকাশ করতে পারে। তবে চিন্তাশীল ব্যক্তি মাত্রই বুঝবে যে, রাজনীতিতে তাদের যৎসামান্য দৌড়-ঝাপের মূলে রয়েছে তাদের যুবকদের সংখ্যা। একটি অবস্থায় এরকম সংগঠনের তরুণরা ইসলামের দুশমনদের নিকট বিপদের কারণ হতে পারে; যখন এসব সংগঠনের নেতারা তাদের মূল রাজনৈতিক উদ্দেশ্য থেকে নিজেদের সরিয়ে নেয়, -কারণ তাদের কোন প্রকৃত মূল্যবোধ নেই- আর সংগঠনের সঙ্গে যুবকদের সম্পর্ক ভেঙ্গে পড়ে। তখন শত্রু ভয় পায় যে, এই যুবকরা হয়তো মুজাহিদদের সাথে যোগ দিবে।

এখানে যে বিষয়টি স্পষ্ট করতে চাই তা হলো, সবচেয়ে গুরুত্বপূর্ণ যে নীতিটির কারণে এসব ইসলামী দলগুলো নিজেদের দ্বীন ও সকল শরয়ী স্বার্থ বেচে দেয় তা হলো, দল টিকে থাকুক (~~এখন~~ তা সে যেভাবেই হোক)।

[তাদের বিপরীতে আমাদের করণীয়]

স্বাভাবিকভাবেই এ পর্যন্ত যে আলোচনা হয়েছে তা ছিল কিছুটা আকার ইঙ্গিতে। অথচ শত্রু ও তার সহগামীদের নেতৃত্ব ও নীতি সম্পর্কে যথাসম্ভব বিস্তারিত ব্যাখ্যা থাকা দরকার, যেন একজন মুজাহিদ (শত্রু ও তার সহগামী) উভয় শ্রেণির রাজনীতি গভীরভাবে বুঝতে পারে এবং যেন সে এ ধারণা থেকে সরে আসতে পারে যে, শত্রু শুধু ইসলাম বিদ্বেষের কারণেই সংঘাতে লিপ্ত হয়। সে দেখবে যে, শত্রুর অনেক গ্রুপের কাছেই ধর্মীয় দিকটি দ্বিতীয় পর্যায়ের বা একেবারেই গৌণ। একইভাবে সামরিক কাজের পাশাপাশি রাজনৈতিক কমিটিগুলোতে কাজের যোগ্য হওয়ার জন্য একজন মুজাহিদ ছাত্রকে অবশ্যই প্রচুর ইতিহাস পড়তে হবে; পাশাপাশি তার মাঝে থাকতে হবে, কোনটি সঠিক আর কোনটি ভুল, তা যাচাই করার যোগ্যতা। এছাড়াও মনোবিদ্যার উপরও তার পড়াশুনা থাকতে হবে। তার সমাজ বিজ্ঞান পড়া উচিত এবং আরব ও ইসলামী বিশ্বে গোত্র ও গোষ্ঠীগুলোর ভুমিকা এবং প্রশংসনীয় গোত্রীয় ভ্রাতৃত্ববোধ (টান) ও নিন্দনীয় গোত্রীয় ভ্রাতৃত্ববোধের (আছাবিয়্যাতের) মাঝে কী পার্থক্য, এ সব বিষয়ে তার বেশ ভালো ধারনা থাকা উচিত। পাশাপাশি আধুনিক জাহিলী নিয়ম কানুন গোত্রগুলোর কাঠামোতে যে পরিবর্তন এনেছে এবং কীভাবে এই জাহেলী ব্যবস্থা গোত্রগুলোকে বিভাজন করে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে মিশিয়ে দিয়েছে অথবা গোত্রগুলোর একাত্মবোধকে জাহিলী ধারার একাত্মবোধে (আছাবিয়্যাতে) বিবর্তিত করেছে, এ বিষয়েও তার ধারনা থাকা উচিত।

আমরা জোর দিয়ে পুনরায় উল্লেখ করছি, আমাদের উচিত নিয়মতান্ত্রিক শরিয়াহ রাজনীতির মাধ্যমে শত্রু ও তার সহগামীদের রাজনীতিকে মোকাবিলা করা।

[ইবনুল কাইয়্যিম রহ.র উক্তি ও একটি গুরুত্বপূর্ণ নীতি]

কিন্তু এক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয় লক্ষনীয়: ইবনুল কাইয়্যিম (রহঃ) বলেনঃ "যুদ্ধ এবং 'ইসলাম ও তার অনুসারীদের' স্বার্থ সংশ্লিষ্ট বিধানসমূহ এবং শরিয়াহ রাজনীতির বিষয়গুলো অন্য লোকদের মতামত হতে নেওয়ার চাইতে আল্লাহ্‌র রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবন এবং তার পরিচালিত সামরিক অভিযান গুলো থেকে নেওয়াটা অধিকতর যুক্তিসঙ্গত ও উত্তম। অন্যদের মতামত থেকে নেওয়াটা এক ধরণের, আর আল্লাহ্‌র রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবন থেকে নেওয়াটা আরেক ধরণের। তৌফীক একমাত্র আল্লাহর পক্ষ থেকেই আসে।[14]

এখানে ইমাম ইবনুল কাইয়্যিম রহ. স্পষ্ট করেছেন যে, শরিয়াহ রাজনীতির বিষয়গুলো সুন্নাহ থেকে নেওয়াটাই অধিকতর যুক্তিসঙ্গত। লক্ষণীয় হল তিনি বলেননি যে, সুন্নাহ থেকে নেওয়া আবশ্যক। বিষয়টি যাতে কেউ ভুল না বুঝে সেজন্য আমরা ইবনুল কাইয়্যিমের অন্য একটি লেখার কিছু অংশ তুলে ধরবো যা ব্যাপারটিকে আরও স্পষ্ট করবেঃ

ইমাম ইবনুল কাইয়্যিম রহ. বলেন, 'ইবনে আকীল বলেন, 'রাজনীতি' হচ্ছে এমন যে কোনো কাজ, যা দ্বারা মানুষ কল্যাণের নিকটবর্তী হয় এবং অকল্যাণ ও ক্ষতি থেকে দূরে থাকে, যদিও আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাজটি করেননি বা সে বিষয়ে ওহী নাযিল হয়নি। এখন আপনি যদি রাজনীতির এই সংজ্ঞা দ্বারা ওই সকল বিষয়াদিকে রাজনীতির অন্তর্ভূক্ত করেন যা শরীয়াহর সাথে সাংঘর্ষিক নয় তাহলে কথাটি সঠিক। কিন্তু আপনি যদি বলেন যে, শরীয়াহ যা সুস্পষ্টভাবে বলে দিয়েছে তার বাইরে কোন রাজনীতি নাই, তবে আপনি ভুল করেছেন এবং এটা হবে সাহাবীদেরকেও ভুল প্রতিপন্ন করা।' [15]

এ থেকে শরয়ী রাজনীতির (সিয়াসাতের) বিষয়গুলোতে আমীরের এমন প্রতিটি সিদ্ধান্তের জন্য যা শরীয়ার সাথে সাঙ্ঘর্ষিক নয়, শরীয়া থেকে দলিল চাওয়া যে ভুল, তা স্পষ্ট হয়ে গেছে। কারণ এসব ব্যাপারে তিনি দুনিয়াবী ঘটনাবলিতে অভিজ্ঞ উলামাদের সাথে পরামর্শ করেই সিদ্ধান্ত নিয়ে থাকেন।

[ইসলামী রাজনীতির কিছু গুরুত্বপূর্ণ দিক]

এখন আমি কিছু গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করবো, অতঃপর একটি বাস্তব প্রয়োগযোগ্য উদাহরণ টেনে পরিচ্ছেদটি শেষ করব ইনশাআল্লাহ। আমি মনে করি উদাহরণে উল্লিখিত বিষয়টি যুদ্ধ পরিস্থিতিতে রাজনৈতিক বিভিন্ন দিক বুঝার জন্য ও অধ্যয়নের জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয়গুলোর একটি। অবশ্য সতর্ক থাকতে হবে যে, প্রয়োগযোগ্য উদাহরণটি শুধুমাত্র একটি উদাহরণ। একারণে উদাহরণটি প্রয়োগের সময় এর যথাযোগ্যতা বিবেচনা করা অথবা উদাহরণটির সংশ্লিষ্ট উপাদানগুলোর সাথে আরো বিভিন্ন উপাদান সংযোজনের কাজটি ফিল্ড কমান্ডার বা তারও উপরস্থ কমান্ডারদের উপর বর্তাবে।

১। শুধু এটাই যথেষ্ট না যে, মুসলিম পলিটিক্যাল লিডাররা এমন উচ্চ পর্যায়ে থাকবে যেখান থেকে উঁচু পর্যায়ের রাজনৈতিক কর্মকান্ড সম্পাদনে তারা সক্ষম হবে। বরং রাজনৈতিক কর্মকান্ড পরিচালনার জন্য উচ্চ পর্যায়ের ইসলামী নীতিমালাও থাকতে হবে, এর সঙ্গে থাকতে হবে উচ্চ পর্যায়ের উপলব্ধি। পাশাপাশি রাজনৈতিক সিদ্বান্ত গ্রহণের ক্ষেত্রে পূর্ব থেকে রাজনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণের অভিজ্ঞতা থাকাও জরুরি। বিশেষকরে যে সব বিষয়ে চূড়ান্ত পর্যায়ের ঝুঁকি রয়েছে বা যেসব বিষয়ের পরিণতি বেশ কঠিন।

অধিকাংশ সময় নেতৃত্বের প্রতি আস্থা কঠিন রাজনৈতিক সিদ্ধান্তগুলো মেনে নেওয়ার ক্ষেত্রে মূল ভূমিকা রাখে। হুদায়বিয়ার সন্ধিতে এই বিষয়টি আমরা দেখতে পাই। [যেখানে সাহাবায়ে কেরাম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সিদ্ধান্ত মেনে নিয়েছিলেন, যদিও সিদ্ধান্তটি তাঁদের মনের বিপরীত ছিল] । স্বভাবতই বর্তমান সময়ে নেতৃবৃন্দের প্রতি আস্থাশীলতা নির্ণয়ের ক্ষেত্রে উচিত, তা এমন সব তথ্যের ভিত্তিতে হওয়া যেগুলোর সত্যতা কার্যত বিভিন্ন ফিল্ডে যাচাই করা হয়েছে। কেননা সরাসরি ফিল্ড থেকে অর্জিত আত্মবিশ্বাস সেসব সুযোগ সন্ধানী চাটুকার নেতাদের আত্মবিশ্বাস থেকে আলাদা, যাদের ফিল্ড অভিজ্ঞতা নেই, বরং তারা ভান-ভনিতায় পারদর্শী এবং মিথ্যা ও প্রতারণার আশ্রয় নিয়ে অন্যদের নমনীয় করতে দক্ষ।

তেমনিভাবে রাজনৈতিক নীতিমালা অবলম্বন করে আরও উন্নত পর্যায়ে উন্নিত হওয়ার জন্য এমনভাবে কাজ করা যে, রাজনৈতিক সচেতনতার ক্ষেত্রে উন্নত উপলব্ধি তৈরি হয়। এভাবে কাজ করলে নেতৃবৃন্দের পক্ষ থেকে চূড়ান্ত রাজনৈতিক সিদ্ধান্তগুলো বুঝতে ও মেনে নিতে সহজ হবে ইনশাআল্লাহ।

২। সহগামী দল যেমন মুসলিম ব্রাদারহুড এবং তাদের নতুন অনুসারীরা যারা নিজেদেরকে সালাফি সংস্কারপন্থী বলে দাবী করে, তারা পরস্পরে অনেক রাজনৈতিক বিষয়ে ঐক্যমত্য পোষণ করে, আবার কিছু বিষয়ে মতবিরোধ করে এবং তাদের সাথে সম্পর্ক নির্ধারণের ক্ষেত্রে এসব বিরোধপূর্ণ বিষয়গুলো ভালভাবে বুঝা উচিত। এসব পার্থক্যগুলো বুঝলে সেসব দলের অবস্থান বুঝা যায় এবং বিভিন্ন ঘটনায় তাদের পদক্ষেপগুলো অনুমান করা যায়। তাছাড়া শরিয়াহ রাজনীতিতে জড়িত হওয়ার কিছু উদাহরণও তাদের রয়েছে।

৩। রাজনীতি অধ্যয়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপকারিতাগুলোর একটি হলো, কোনো পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে কি প্রতিক্রিয়া হতে পারে তা নির্ধারণ করা যায়। অর্থাৎ তা কি এই মুহূর্তেই বাস্তবায়ন করবে, নাকি উপযুক্ত সময় পর্যন্ত বিলম্বিত করবে, নাকি এর জন্য অনুকূল পরিস্থিতি তৈরি করবে? শত্রুর মধ্যকার কোন্ শ্রেণীকে আমরা প্রথমে আক্রমণের লক্ষ্যবস্তু বানাবো, এ বিষয়টিও রাজনীতি অধ্যয়নের দ্বারা লাভ হবে। একারণে, প্রত্যেক গ্রুপের উচিত তার আয়ত্বের মধ্যে থাকা টার্গেটকৃত সকল শত্রুর তালিকা তৈরি করা এবং ঝুঁকির মাত্রা বুঝে ও প্রতিরোধের প্রয়োজনীয়তা অনুসারে ধারাবাহিক তালিকা তৈরি করা। অপারেশন চালালে শত্রুর কোন্ পক্ষের সম্ভাব্য কি প্রতিক্রিয়া হবে তা বিবেচনা করে তালিকা করা এবং কীভাবে আমরা লক্ষ্যবস্তু হিসাবে চিহ্নিত শত্রুপক্ষকে দোষ স্বীকার করাতে পারি –যা তারা গোপন করে আসছিলো- তা বিবেচনায় রাখা। এর ফলে জনতার নিকট শত্রুকে আক্রমন করার যৌক্তিকতা প্রতিষ্ঠিত হবে।

৪। এই পরিচ্ছেদে আমি শত্রু ও তার সহগামীদের রাজনৈতিক চাল বুঝা এবং রাজনৈতিক কলা-কৌশলে দক্ষ হওয়ার গুরুত্ব নিয়ে আলোচনা করেছি। কারণ শরিয়াহ পলিসির মাধ্যমে শত্রুকে মোকাবেলা করার জন্য এগুলো জানা খুবই গুরুত্বপূর্ণ। একইসাথে বিভিন্ন পর্যায়ের মুজাহিদদের এবং শত্রুপক্ষ থেকে মুজাহিদ বাহিনীতে যোগ দেওয়া লোকদের ব্যবস্থাপনা করার জন্য শরীয়াহ রাজনীতি অধ্যয়ন ও বুঝার বিষয়টিও অবহেলা করা উচিত নয়। অনেক সময় দেখা যায়, ওরা হঠাৎ করে মুজাহিদদের সাথে এসে যোগ দেয়। তেমনিভাবে যখন প্রকাশ পাবে যে, আমাদেরই মাঝে রয়েছে খারেজী, রাষ্ট্রদ্রোহী, ধর্মত্যাগী বা পদ প্রত্যাশী বা শরীয়াহর সাথে সাংঘর্ষিক কোন আইন প্রণয়নে প্রত্যাশী কিংবা জাতিসংঘের সাথে যুক্ত হতে ইচ্ছুক এমন সব গোষ্ঠী- সেক্ষেত্রে তাদের সাথে আচরণ কীরূপ হবে তা আমাদের শিখতে হবে। একইভাবে যখন প্রকাশ পাবে যে, আমাদের মাঝে রয়েছে মদ পানকারী বা এমন ব্যক্তি যার অপকর্মের দরুণ হদ (শরয়ী শাস্তি) আসে; এই সব ধরণের লোকই আমাদের সারিতে থাকার সম্ভাবনা রয়েছে। (তাই তাদের সবাইকে কীভাবে ম্যানেজ করতে হবে তা আমাদেরকে শিখতে হবে) বিশেষ করে যখন আমাদের সকল কর্মকান্ডের ভিত্তি হল এই একটি কথা যে, বর্তমান জিহাদ পুরো উম্মাহর জিহাদ, বিশেষ কোনো দল বা গোষ্ঠীর নয়। সুতরাং যুদ্ধ চলাকালীন এসব দল প্রকাশ পাওয়ার ফলে খুবই স্পর্শকাতর ও জটিল পরিস্থিতি তৈরি হয়। প্রতিষ্ঠিত ইসলামী রাষ্ট্রের জন্য প্রযোজ্য শরীয়াহ বিধান ও দলিলাদি দ্বারা এসব দলের মোকাবেলা করা যায় না। বরং তা মোকাবেলা করতে হবে অতি সূক্ষ্ম শরয়ী রাজনৈতিক উপায়ে, যা আমরা আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ও সাহাবীদের অনুসৃত পথ থেকে পেতে পারি। তবে এটি করতে হবে অত্যন্ত সাবধানতার সাথে, যাতে করে যারা দ্বীন ইসলামের বিধি-বিধানকে হালকাভাবে নেয় আমরা যেন এসব বিষয়ে তাদের পথে না হাঁটি। বরং এ বিষয়ে সার্বক্ষণিক সতর্কতা আরোপ করতে হবে যে, উদ্ভূত পরিস্থিতিতে যে গুটি কয়েক মাসআলা আমরা নিরূপণ করেছি এটা বিশেষ পরিস্থিতি ও বিশেষ ব্যক্তিবর্গের সাথে সীমিত।

৫। যুদ্ধের ব্যাপারে শত্রুর মানসিক অবস্থা দূর্বল থাকে। তাই তারা অস্ত্র ও মেশিনারী জিনিসের মাধ্যমে এই দূর্বলতা পূরণ করার চেষ্টা করে। কিন্তু এসব যন্ত্রপাতির উপর স্থায়ীভাবে নির্ভর করা শত্রুর পক্ষে সম্ভব হয় না। এ কারণেই তারা প্রতারণাপূর্ণ প্রচার মাধ্যমের আশ্রয় নেয় এবং মুজাহিদদের পক্ষ থেকে যে কোন একশনের মোকাবেলায় মিডিয়ায় প্রতারণার আশ্রয় নেয়।

একারণে শত্রুর মিডিয়া পলিটিক্স বুঝা এবং তার মোকাবিলা করা সামরিক এবং রাজনৈতিক যুদ্ধে জয়ের জন্য খুবই গুরুত্বপূর্ণ। তাই কাংখিত শ্রোতাদের নিকট আমাদের প্রচারণাগুলো পৌঁছে দেওয়া, মিডিয়া পলিসি বাস্তবায়নে সাহায্যকারী সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয়ের একটি। কিছু কিছু প্রচার মাধ্যমের ব্যাপারে লক্ষ্য করা যায় যে, পূর্বের ধাপগুলোতে তারা কাংখিত লোকদের কাছে তাদের প্রচারণা চালাতে ব্যর্থ হয়েছিল। বিশেষকরে যে প্রচারণাগুলো একটি নির্দিষ্ট শ্রেণী এবং জাতিকে উদ্দেশ্য করে চালানো হয়েছিল। ব্যাপারটা এমন হয়েছিল যে, প্রচারণাগুলো বেশিরভাগ সমাজের অভিজাত শ্রেনীর নিকট পৌঁছানো হয়েছিল। অপরদিকে কিছু অনৈসলামিক সংগঠন তাদের বক্তব্য ও প্রচারণাগুলো প্রতিটি জনপদে এবং প্রতিটি বাড়িতে পৌঁছে দিতে সক্ষম হয়েছিল। তাই এই গুরুত্বপূর্ণ দিকটি অবহেলা করা উচিত নয়। বিশেষতঃ আমরা যখন শরয়ীভাবে আমাদের সামরিক ও রাজনৈতিক অবস্থানগুলো কী, তা স্পষ্টভাবে লোকদের জানাতে চাই এবং এর পক্ষে শরয়ী সমর্থন ও বুদ্ধিবৃত্তিক যৌক্তিকতা তাদের সামনে তুলে ধরতে চাই এবং দেখাতে চাই যে, এর মধ্যে রয়েছে উম্মাহর কল্যাণ। সুতরাং আমাদের উচিত, আমাদের বক্তব্যগুলো জনতার কাছে পৌঁছে দেওয়ার জন্য একটি গ্রুপ তৈরি করা এবং এ ব্যাপারটিকে খুব গুরুত্ব দেয়া। এমনকি যদিও এই কাজ করতে গিয়ে তারা একটি সামরিক অপারেশান চালানোর সমপর্যায়ের বিপদের মুখোমুখি হয়। এ ক্ষেত্রে একটি গ্রুপ প্রচারণাগুলো ছড়িয়ে দেয়ার কাজ করতে পারে এবং আরেকটি সশস্ত্র গ্রুপ তাদেরকে দূর থেকে ব্যাকআপ দিতে পারে। এমনকি এই উদ্দেশ্যে সামরিক অপারেশনও চালাতে হতে পারে। উদাহরণত, আমরা একজনকে অপহরণ করে বন্দী করতে পারি এবং পরে তাকে নিয়ে দেশজুড়ে হৈচৈ শুরু হলে আমরা টিভি রিপোর্টার এবং মিডিয়া নেটওয়ার্কগুলোকে বলতে পারি যে, আমরা বন্দীকে ছাড়তে পারি যদি আমদের বক্তব্য পুরোপুরিভাবে জনগণের নিকট প্রচার করা হয়। এটি একটি সম্ভাব্য উদাহরণ মাত্র। সুতরাং আমরা যা ঘোষণা করতে চাই তা হতে পারে কোনো সতর্ক বার্তা কিংবা কোনো গুরুত্বপূর্ণ জটিল অপারেশনের যৌক্তিকতা তুলে ধরে বিবৃতি বা এরকম অন্য কিছু।

৬। এখানে আমি সামরিক ও রাজনৈতিক পদক্ষেপের একটি প্র্যাকটিক্যাল উদাহরণ তুলে ধরব, যেখানে শত্রুর নীতিসমূহ বুঝে সে অনুযায়ী একশন নেওয়া হয়েছে, যে সব নীতি অনুসারে শত্রুর সামরিক এবং রাজনৈতিক কর্মকাণ্ড পরিচালিত হয়। মনে রাখতে হবে এটি একটি উদাহরণ মাত্র।

"তটস্থঃকরণ ও ক্রমঃশক্তিক্ষয়করণ" পর্বে আমরা যেসব টার্গেটগুলোতে সামরিক অভিযান চালাবো তারই ধারাবাহিকতায় এ একশনগুলো চালানো হবে। বিশেষকরে যখন আমাদের টার্গেট হবে শত্রুকে এবং তার সাহায্যকারী মুরতাদ ফোর্সগুলোকে তাদের শক্তি সামর্থসহ গুটিয়ে নির্দিষ্ট কিছু টার্গেটের আশপাশে সমবেত করা এবং তাদেরকে তাদের এলাকা থেকে প্রত্যাহারে বাধ্য করা, বিশেষকরে সাধারণ লোকালয় থেকে প্রত্যাহারে বাধ্য করা, যেন আমরা নৈরাজ্যপূর্ন পরিস্থিতির ব্যবস্থাপনা কাজ শুরু করতে পারি।

[সামরিক ও রাজনৈতিক পদক্ষেপের একটি প্র্যাকটিক্যাল উদাহরণ]

একইভাবে শত্রুর 'স্বার্থনীতি'র প্রেক্ষিতে আমরা তাদের অর্থনৈতিক সেক্টরগুলোকে টার্গেট বানাবো। সুতরাং আমাদের উচিত তাদের পেট্রোলিয়াম সেক্টরগুলোকে আক্রমণের লক্ষ্যবস্তু বানানো। কেননা পেট্রোল হল পশ্চিমাদের জীবনের ধমনীস্বরূপ। তেল আবিষ্কারের পর থেকেই আমেরিকা একে যুদ্ধের মৌলিক সরঞ্জাম এবং জীবনীশক্তি হিসেবে দেখে আসছে এবং তারা এটিকে শান্তি ও আন্তর্জাতিক প্রভাব-প্রতিপত্তির জন্য আবশ্যক মনে করে। শত্রুর অর্থনীতিকে টার্গেট বানানো একটি সামরিক কৌশল, যার সফলতা ঐতিহাসিকভাবেই সুপ্রতিষ্ঠিত। বিশেষকরে আক্রমণকারীর নিকট যদি অর্থনৈতিক স্বার্থ ও বস্তুগত স্বার্থের চেয়ে ধর্মীয় স্বার্থ বা অন্য যেকোন স্বার্থ অগ্রগণ্য হয় অথবা কোনো কারণে যদি তারা এ পরিমাণ বস্তুগত সুবিধা হারায় যে তাদের আর হারানোর কিছু না থাকে- এসব ক্ষেত্রে শত্রুর অর্থনীতিকে টার্গেট বানানো একটি গুরুত্বপূর্ণ কৌশল। যুদ্ধের এই কৌশল শরীয়াহ অনুমোদিত নীতিগুলো থেকেই পাওয়া।

এখানে আমরা যে প্র্যাকটিক্যাল উদাহরণটি পেশ করবো, তাতে আমরা দেখাব কীভাবে পর্যাপ্ত জান-মালের ক্ষয়ক্ষতি না করে অপারেশন চালাতে পারি এবং কীভাবে আমাদের বিরুদ্ধে শত্রুর মিডিয়ার অপপ্রচারণা এড়াতে পারি। কেননা শুরুতেই আমাদের বিরুদ্ধে শত্রুপক্ষ মিডিয়ার মাধ্যমে সব ধরণের মিথ্যা অভিযোগ দিতে শুরু করবে। বলবে যে, আমরা নাকি শ্রম শক্তি নষ্ট করছি এবং জাতীয় অর্থনীতিকে দূর্বল করার জন্য কাজ করছি ইত্যাদি ইত্যাদি। আর স্বাভাবিকভাবেই দেখা যাবে, তাদের সাথে কিছু দরবারি আলেম, দরবেশ টাইপের লোক এবং কিছু কিছু ইসলামী ব্যক্তিত্ব সুর মিলাবে। মিশরের 'আল জামাআতুল ইসলামিয়াহ' যখন পর্যটন ও ব্যাংকিং খাতে আক্রমণ চালিয়েছিল তখন আমরা এমনই দেখেছি। অবশ্য ওই দলটি তাদের সামরিক কৌশলের দূর্বলতার দরুণ খাত দুটিতে কার্যকর আক্রমণ পরিচালনা করতে পারেনি। যদিও তারা যে খাত দুটিকে লক্ষ্যবস্তু বানিয়েছিল (ব্যাংক, পর্যটন) সেগুলো ছিল হারাম কর্মকান্ডে ভরপুর, তথাপি তারা তাদের বিরুদ্ধে করা মিডিয়ার অপপ্রচারের মোকাবিলা করতে স্পষ্টভাবে ব্যর্থ হয়েছিল। তাহলে আমরা যদি পেট্রোলের মত অর্থনৈতিক খাতকে টার্গেট বানাই সেক্ষেত্রে কী পরিমাণ অপপ্রচারের শিকার হতে হবে? যেখানে এটি একটি বৈধ খাত, আবার সকলের মাথায় এ কথা বদ্ধমূল যে, এর মাধ্যমে আরব ও মুসলিম বিশ্বে লক্ষ লক্ষ মুসলমানের জীবিকা নির্বাহ হয়।

উপরোক্ত জটিল প্রশ্নগুলোর উত্তর যখন আমরা দিতে পারবো তখন যে কোন অর্থনৈতিক খাতকে আক্রমণের লক্ষ্যবস্তু করার পথ মসৃণ করতে পারবো। হোক তা পেট্রোল খাত বা অন্য কোন খাত। সুতরাং সমস্যাটি সমাধেনের যথাযথ উপায় কী?

[মিশরের 'আল জামাআতুল ইসলামিয়্যাহ'র ব্যর্থতার কারণ]

মিশরের 'আল জামাআতুল ইসলামিয়্যাহ' যখন পর্যটন ও ব্যাংকিং খাতে হামলা করেছিল, তারা তাদের এ হামলার পক্ষে দুটি যুক্তি তুলে ধরেছিল। এক. তারা সেসব খাতকেই টার্গেট করেছে যেগুলো হারাম। দুই. শত্রুর অর্থনীতিকে টার্গেট করার পক্ষে গঠণমূলক রাজনৈতিক যুক্তি পেশ করেছে।

কিন্তু আমরা দেখেছি- এরপরও তারা তাদের বিরুদ্ধে হওয়া মিডিয়ার অপপ্রচার মোকাবেলা করতে ব্যর্থ হয়েছিল। অথচ হামলার যৌক্তিকতা হিসেবে তাদের যুক্তিগুলো একটা পর্যায়ে যথেষ্টও ছিল। কিন্তু সমস্যা হয়েছিল, তারা এই যুক্তিগুলো জনতার কাছে স্পষ্টভাবে তুলে ধরতে পারেনি। অবশ্য মানুষের মুখে মুখে এ কথা ছিল যে, টার্গেটকৃত খাতগুলো হারাম ছিল। কিন্তু দ্বিতীয় যুক্তিটি যা ছিল সর্বাধিক গুরুত্বপূর্ণ, সেটা কেবল সমাজের কিছু সংখ্যক অভিজাত লোকদের কাছে পৌঁছেছিল। যার ফলে সাধারণ মানুষ বুঝতেই পারেনি, এ দলটির উদ্দেশ্য আসলে কী? তারা এও বুঝতে পারেনি যে, এই দলটি কি কিছু গৌণ বিষয়কে মৌলিক বিষয়ের উপর প্রাধান্য দিয়েছিল, নাকি তাদের উদ্দেশ্য আরও পরোক্ষ কিছু ছিল?

[পরিকল্পনা বাস্তবায়নে দু'টি পদক্ষেপ গ্রহণ করতে হবে]

এ কারণে যে কোন পরিকল্পনা বাস্তবায়নের সময় আমাদের প্রথম পদক্ষেপ হওয়া উচিত- শরয়ী প্রমাণাদি ও বুদ্ধিবৃত্তিক যৌক্তিকতার মাধ্যমে নিজেদের কার্যাবলীর বৈধতা প্রতিষ্ঠা করা এবং এ কথাও বুঝানো যে, আমাদের পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে দুনিয়া ও আখিরাতে কল্যাণ রয়েছে। দ্বিতীয় পদক্ষেপ হল, আমাদের কাজের যৌক্তিকতা পরিস্কারভাবে লোকদের কাছে এবং সমাজের সকল স্তরে পৌঁছে দেওয়া, যাতে করে মিডিয়ার মাধ্যমে আমাদের কাজকে বিকৃতভাবে প্রচার করার যেকোন প্রচেষ্টা নস্যাৎ হয়ে যায়। সুতরাং বুঝা গেল, মিডিয়ার দিকটা এ কাজের জন্য পৃষ্ঠপোষক হিসেবে কাজ করে, যার মাধ্যমে আমরা (আল্লাহর ইচ্ছায়) নিজেদের আত্মরক্ষা করে থাকি।

প্রথম পদক্ষেপঃ একটি মিডিয়া বিভাগ গবেষণা চালিয়ে একটি সমীক্ষা তৈরি করবে। যে বিভাগের কর্মীরা হবে অর্থনৈতিক পলিটিক্সে বিশেষজ্ঞ। সমীক্ষায় তারা পেট্রোলের প্রকৃত মূল্য ও গুরুত্ব তুলে ধরবে এবং দেখাবে যে, কীভাবে বহু গবেষণার পরও এখনো এর বিকল্প খুঁজে পাওয়া যায়নি। অথচ এই পেট্রোলই হলো একমাত্র পণ্য, যার মূল্য এ জাতীয় অন্যান্য পণ্যের তুলনায় অনেক কম। এমনকি লোকমুখে প্রচলিত আছে, মঞ্চে একজন কৌতুক অভিনেতার কৌতুকের মূল্য হাজার ব্যারেল পেট্রোলের চেয়েও বেশি। সুস্থ অর্থনৈতিক মানদণ্ডের আলোকে প্রতি ব্যারেল পেট্রোলের প্রকৃত মূল্য বা কাছাকাছি মূল্য কী হবে- তাও ওই গবেষণায় থাকবে। পাশাপাশি পেট্রোলের রাজনৈতিক গুরুত্বের কথা এবং যুগ যুগ ধরে এর স্বল্প মূল্যের দরুণ মুসলিম উম্মাহ কী পরিমাণ ক্ষতি ও লুটতরাজের শিকার হচ্ছে তাও ওই গবেষণায় থাকবে। এরপর গবেষণাপত্রটি মিডিয়া বিভাগের এমন একজন সদস্যের হাতে ন্যস্ত করতে হবে যিনি যৌক্তিক আলোচনাগুলো সুন্দরভাবে বিন্যস্ত করবেন। তিনি এ ধরণের যুক্তিকে সেখানে স্থান দিবেন না যে, আমরা পেট্রোল খাতে আক্রমণ করছি কারণ, পেট্রোল কাফেরদের কাছে বেচা হয়। কেননা এটি একটি অমিমাংসিত বা বিরোধপূর্ণ বিষয়, যা আমাদের বিরুদ্ধে মিডিয়াতে সমালোচনার দরজা উন্মুক্ত করবে, ফলে আমাদের কাজকে লক্ষ্যচ্যুত করে দিবে।

উক্ত বিবৃতিতে নিম্নলিখিত উপাদানগুলো থাকা উচিত

১। অর্থনীতিতে অবিজ্ঞ সেই মুজাহিদ কর্মী যিনি গবেষণা প্রবন্ধটি তৈরি করবেন তিনি অল্প কয়েক লাইনে তার একটি সার-সংক্ষেপও প্রস্তুত করে দিবেন, যেখানে পেট্রোলের স্বল্প মূল্যের দরুণ উম্মাহ যে জুলুমের শিকার হয়েছে তার বিবরণও থাকবে। এতে বিশ্লেষিত হবে যুগ যুগ ধরে অর্জিত এই সম্পদ – স্বল্পমূল্যের পাশাপাশি- কীভাবে উম্মাহর গঠনে কাজে না লাগিয়ে এর বৃহত্তর অংশ আরবদের মধ্যে থাকা পশ্চিমাদের গুটিকয়েক দোসর ও এজেন্টদের স্বার্থে কাজে লাগানো হয়েছে। ফলে মুসলিম উম্মাহর জন্য অতি ক্ষুদ্র অংশই অবশিষ্ট রয়েছে, যা ঝর্ণার পানিতে ছাই সমতুল্য। বর্তমানে ব্যারেল প্রতি তেলের মূল্য কত হওয়া উচিত তারও একটা ব্যাখ্যা ওখানে দেয়া হবে। এসবকিছুই হচ্ছে সূক্ষ্ম অর্থনৈতিক গবেষণার ফসল। এগুলো মুসলিম বিশ্বের অর্থনৈতিক ও রাজনৈতিক বিশ্লেষকদের কাছে এবং বড় বড় মিডিয়াগুলোর কাছে বিতরণ করতে হবে।

২। মুসলমানদের কাছ থেকে যেসব রাষ্ট্র পেট্রোল নেয় তাদের নিকট ঘোষণা করতে হবে যে, আমাদের গবেষণা ও বিবৃতিতে এর যেই প্রকৃত মূল্য ধার্য্য করা হয়েছে তাদেরকে অবশ্যই সেই মূল্য পরিশোধ করতে হবে। একইভাবে পূর্বে স্বল্পমূল্যে যে পরিমাণ পেট্রোল তারা নিয়েছিল তার সত্যিকার মূল্য পাওয়ার অধিকারও মুসলমানদের রয়েছে। যারাই পেট্রোলের উক্ত দাম নিয়ে মতবিরোধ করবে তাদেরকে আমরা বলে দিবো, মুসলিমরা তাদের সম্পদ এই মূল্যেই বেচবে। যারা এই দাম দিতে চাইবে না তারা কিনবে না এবং মুসলিমদের পেট্রোলের বিনিময়ে যে অর্থ পরিশোধ করা হবে তা আজকের পর আর রাষ্ট্রীয় কোষাগারে জমা হবে না, যে কোষাগারের বিভিন্ন ফাঁক গলে তা মূলত গিয়ে সুইস ব্যাংকে জমা হয়। বরং জাতীয় কমিটি এ অর্থ গ্রহণ করবে এবং এরাই সমাজের বিভিন্ন স্তরে অভাবীদের মাঝে তা খরচ করবে। আর তা হবে পেট্রোলিয়াম সেক্টরে যারা কর্মরত তাদের যথাযথ বেতন পরিশোধ করার পর। জাতীয়

কমিটি গঠিত হবে এমন ব্যক্তিদের দিয়ে যাদের বিশ্বস্ততা ও আমানতদারী সবার কাছে স্বীকৃত। তারা দেশের ব্যবসায়ী এবং (দেশের ও অন্যান্য। মুসলিম বিশ্বের স্বনামধন্য ব্যক্তিবর্গ হতে পারে। বিবৃতিতে এ কথাও উল্লেখ থাকবে যে, এটি উম্মাহর সামনের সারির বিশিষ্ট ব্যক্তিবর্গের পক্ষ থেকে প্রকাশিত হয়েছে, যারা কোনভাবেই নিজেদের ইচ্ছার বিরুদ্ধে ক্রমাগত পিষ্ট হতে চায় না।

৩। একটি যুক্তিসঙ্গত সময় দেওয়া; যাতে করে এ বিবৃতির ফলে তাদের কী পরিমাণ প্রতিক্রিয়া হয়েছে, তা স্পষ্ট হয় এবং সিরিয়াস পদক্ষেপ নেওয়া যায়। অন্যথায় পেট্রোলিয়াম প্লান্টগুলোতে হামলা পরিচালনা করা হবে, বিশেষকরে পাইপলাইনে আঘাত হানা, কেননা এতে কারো প্রাণহানী হবে না অথবা কাফিরদের নিয়ন্ত্রণাধীন ট্যাংকারগুলোতে আঘাত হানা। এভাবে যে সময়ে শ্রমিকরা থাকে না তখন প্লান্ট ও ফ্যাক্টরিগুলোতে আঘাত হানা, যাতে করে মুসলিমদের ক্ষতি এড়ানো যায় এবং মুসলমানদের জান ও মালের প্রতি আমাদের সম্মানের মনোভাবও জনতার নিকট জোরদার হয়। ওখানকার প্রহরীরা যদি মুরতাদ সরকারের সরকারি বাহিনীর অন্তর্ভুক্ত হয় তবে আমরা তাদেরকে উম্মাহর বিশ্বাসঘাতক হিসেবে গণ্য করব, তাদের কোন সম্মান আমাদের কাছে নেই। আর যদি প্রহরীরা বেসরকারি সিকিউরিটি প্রদানকারী কোন কোম্পানির সদস্য হয় তাহলে আমরা তখনই তাদেরকে প্রতিহত করব যখন তারা কোন মুজাহিদকে হত্যা কিংবা বন্দী করে মুরতাদ সরকারের হাতে তুলে দিতে চাইবে।

৪। সমাজের সর্ব স্তরের মানুষের সামনে একথা খুব ভালোভাবে স্পষ্ট করতে হবে যে, এটি একটি সংকটময় অবস্থায় করতে হয়েছে, যা করা ছাড়া আমাদের আর কোনো উপায়ও ছিল না এবং এটাও স্পষ্ট করতে হবে যে, সাময়িকভাবে পেট্রোল খাতগুলো বন্ধ থাকলে এ কারণে আমাদের সমাজে ক্ষতিকর কোনও প্রভাবই পড়বে না ইনশাআল্লাহ। কারণঃ

ক। পেট্রোল থেকে আসা অর্থের অধিকাংশ যায় কাফিরদের দোসর মুরতাদ সরকার ও তার সহযোগীদের ব্যাংক একাউন্টে। সেখান থেকে জাতির জন্য কেবল ততটুকুই খরচ হয় যাকে ঝর্ণার পানিতে পড়া ছাইয়ের সাথে তুলনা করা যায়।

খ। পেট্রোল বেচা বন্ধ হয়ে গেলে তা রিজার্ভে থেকে যাবে, যা আমরা ন্যায্য মূল্যে বর্তমানের চেয়ে বহুগুণ মূল্যে বেচতে পারবো, যা দিয়ে ফ্যাক্টোরিগুলোর ক্ষয়ক্ষতি বহুগুণে পুষিয়ে ফেলা যাবে ইনশাআল্লাহ্। আর এটা আল্লাহর ইচ্ছায় অল্প সময়ের মধ্যেই হয়ে যাবে। আর আমরা আশা করি এর ফলে পরবর্তীতে পুরো উম্মাহর অবস্থা পাল্টে যাবে। তাছাড়া উম্মাহ তার স্বাধীনতা, অধিকার ও সম্পদ ফিরে পাবে, যা পশ্চিমারা এবং উম্মাহর মধ্যে থাকা পশ্চিমাদের দোসর মুরতাদ সরকারগুলো ছিনিয়ে নিয়েছিল। আমাদের এই কাজ শুধুই উম্মাহর কল্যাণের জন্য এবং আমাদের লক্ষ্যসমূহ ও কার্যাবলীকে ভন্ডুল করার সরকারি সকল প্রোপাগান্ডাকে অবশ্যই মিথ্যা প্রতিপন্ন করতে হবে। যদি আমরা একটু ধৈর্য্যের সাথে কাজটি সম্পাদন করতে পারি তাহলে উম্মাহ তাদের অতীত অবস্থান ও মর্যাদা পুনরুদ্ধার করতে পারবে ইনশাআল্লাহ্।

দ্বিতীয় পদক্ষেপঃ অর্থনীতি সংক্রান্ত এ গবেষণাপত্রটি মুসলিম বিশ্বের অর্থনীতি, রাজনীতি ও মিডিয়া সংশ্লিষ্ট বিশিষ্ট ব্যক্তিদের কাছে যত বেশি সম্ভব পৌঁছে দেওয়া যায় সে চেষ্টা আমরা করবো। পাশাপাশি বহির্বিশ্বেও তা ছড়িয়ে দেওয়ার চেষ্টা করবো, যেন উম্মাহর দরিদ্র জনগোষ্ঠীর উপর চালানো অবিচার সম্পর্কে সবাই অবগত হতে পারে এবং পেট্রোল সমৃদ্ধ অন্যান্য দেশগুলোও যেন তাদের পেট্রোলের দাম বাড়াতে উৎসাহিত হয়। অপরদিকে সংক্ষিপ্ত একটি বিবৃতি যেভাবেই হোক উম্মাহর প্রতিটি ঘরে ঘরে পৌঁছে দিতে হবে। এমনকি তা ছড়িয়ে দেওয়ার জন্য যদি একজন ক্রুসেডার ম্যানেজার বা ইঞ্জিনিয়ারকে অপহরণ করতে হয় তাহলে তাই করতে হবে। অপহৃত ক্রুসেডার পেট্রোলিয়াম খাতের চাকুরিজীবী হলে আরও ভালো। (আমরা ঘোষণা দেব,) তাকে মুক্তি দেওয়া হবে না যতক্ষণ না আমাদের গবেষণা পত্রটি পত্রপত্রিকা ও টিভি চ্যানেলগুলোতে পুরোপুরিভাবে সম্প্রচার করা হবে। অপহরণ অপারেশনটি চালানো যেতে পারে (উদাহরণস্বরূপ) নাইজেরিয়া, সেনেগাল কিংবা পেট্রোল সমৃদ্ধ অন্য কোনো মুসলিম দেশে। এরপরও যদি আরো পরিকল্পিত অপারেশন চালাতে হয় তাহলে তা আরো বিভিন্ন স্থানে হতে পারে, যেমন উপসাগরীয় অঞ্চলে। যদি পশ্চিমা কোনো ক্রুসেডারকে অপহরণ করা কঠিন হয় তাহলে পেট্রোল খাতে কর্মরত কোনো আরব খ্রিষ্টানকে অপহরণ করা যেতে পারে। একইভাবে কোন পশ্চিমা রিপোর্টার বা পেট্রোল খাতের বাইরেও এমন যে কোনো ব্যক্তিকে অপরহরণ করা যেতে পারে যাকে অপরহরণ করলে আমাদের মিডিয়া বিষয়ক পরিকল্পনা বাস্তবায়ন করা যেতে পারে। আবার অপহরণের পরিবর্তে অন্য এমন কাজও করা যেতে পারে যা বিশ্ববাসীর নজর কাড়বে এবং সবার মধ্যে অপারেশন পরবর্তী বিবৃতি শোনার জন্য আগ্রহ তৈরি করবে।

[এ অপারেশনের মাধ্যমে আমাদের মূল লক্ষ্য]

কেউ কেউ হয়তো অবাক হবে, যদি বলি, এই বিবৃতিতে উল্লিখিত সকল দাবি পূরণ হওয়া আমাদের মূল লক্ষ্য নয়। বরং সম্ভাবনা রয়েছে, উপরোল্লিখিত 'দুটি পদক্ষেপ' নেয়ার পরও পশ্চিমারা বা মুরতাদ সরকারগুলো কোনও দাবি পূরণেই সাড়া দিবে না। বরং হুমকি ধমকি দিয়ে বিষয়টিকে শিথিল করে ফেলারও চেষ্টা তারা করবে, যদিও তারা ব্যাপারটিকে সর্বোচ্চ গুরুত্বের সাথে নিবে, বিশেষকরে যখন অপহরণের মাধ্যমে বিবৃতি সম্প্রচার করা হবে। বরং এ সম্ভাবনাও আছে, বিবৃতিতে আমাদের বেঁধে দেওয়া সময়সীমা শেষ হওয়ার পর সীমিত মাত্রায় অপারেশন পরিচালনা করা সত্ত্বেও পশ্চিমা দেশগুলোতে পেট্রোল দেওয়া

বন্ধ হবেনা। কিন্তু এর ফলে আর কিছু না হোক পেট্রোলের দাম বাড়বে। কমপক্ষে ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থা, তেলের পাইপ লাইন ও তেলের ফ্যাক্টোরিসহ আরো আনুষাঙ্গিক বিষয়াদির নিরাপত্তার জন্য মোতায়েনকৃত সৈন্য ও প্রহরীদের বেতন বাবদ পেট্রোলের দাম বাড়াতে হবে। বরং আমাদের আশা, অপারেশনের ফলে সৃষ্ট রাজনৈতিক অচলাবস্থার কারণে তেলের মূল্য আরও বাড়বে। বরং আমরা আশা করি, অপারেশন চালানোর পূর্বে শুধু বিবৃতি ও গবেষণাপত্র প্রকাশের ফলেই তেলের দাম বেড়ে যাবে। এর ফলে এ কথা খুব ভালভাবে ছড়িয়ে পড়বে যে, আমরা শুধু বিবৃতির মাধ্যমেই পেট্রোলের দাম বাড়াতে সক্ষম হয়েছি এবং এও ছড়বে যে, পরবর্তীতে সিকিউরিটি ব্যবস্থা দূর্বল এমন কিছু পেট্রোল স্থাপনায় গুটিকয়েক অপারেশনের মাধ্যমে দ্বিতীয় দফায় দাম বাড়াতে সক্ষম হয়েছি।

[গোলযোগ পরিস্থিতি তৈরি করে 'নৈরাজ্য ব্যবস্থাপনা'র দিকে আগানোই আমাদের মূল লক্ষ্য]

কিছু লোক খুবই অবাক হবে, যদি তুমি বল যে, উপরোল্লিখিত কোনো ফলাফলই আমাদের কাছে গুরুত্বপূর্ণ নয়। চাই ফলাফলগুলো নেতিবাচক হোক - যেমনটা আমরা পূর্বেই ধারণা করেছিলাম- বা ইতিবাচক, যদিও এর সম্ভাবনা নেই বললেই চলে। তবে আমাদের কাছে গুরুত্বপূর্ণ হল, শত্রুর এলিট ফোর্সগুলোকে অধিক পরিমাণে বিভিন্ন জায়গা হতে প্রত্যাহার করে অর্থনৈতিক লক্ষ্যবস্তুগুলোর নিরাপত্তা প্রদানে নিয়োজিত করা। যখন একটি দেশের সবচেয়ে ভালো ফোর্সগুলোকে হাজার হাজার অর্থনৈতিক স্থাপনা রক্ষার কাজে নিয়োজিত করা হবে, তখন দূরবর্তী এলাকাগুলো ও ঘনবসতিপূর্ণ এলাকাগুলো ফোর্স শূন্য হয়ে যাবে। যদি কিছু থাকেও তাহলে সেগুলো হবে খুবই দূর্বল, যাদেরকে সহজেই মোকাবিলা করা যাবে এবং তাদের উপস্থিতিতেই অলিখিত চুক্তির মাধ্যমে সহজেই সমাজের বিভিন্ন স্তরে মুজাহিদ সংগ্রহ করা যাবে এবং সমাজকে যুদ্ধের জন্য প্রস্তুত করা যাবে। আমরা সেখানে মুরতাদ সরকারের সেনাবাহিনী ও পুলিশ অফিসারদের সাথে কোনো ধরণের চুক্তি বা ঐক্যমতে যাবো না। আবার তাদেরকে হত্যাও করবো না, যদি তারা আমাদেরকে প্রশিক্ষণ নিতে, দাওয়াহ ছড়াতে ও ঘনবসতিপূর্ণ এলাকাগুলো এবং সীমান্তবর্তী এলাকাগুলো হতে স্বাধীনভাবে মুজাহিদ সংগ্রহ করতে কোনো ধরণের বাধা না দেয়। যদি তারা আমাদের জন্য বাধা সৃষ্টি করে, তবে তরবারির মাধ্যমেই আমরা এর জবাব দিবো। এভাবেই আমরা 'নৈরাজ্য ব্যবস্থাপনা' পর্বের দিকে ব্যাপকভাবে অগ্রসর হতে পারবো। এ পর্বের শুরুতেই সীমান্ত এলাকায় এবং ঘনবসতিপূর্ণ এলাকায় অবস্থানরত মুরতাদ বাহিনীর অবহেলিত সেনা সদস্যদেরকে যে কোনো একটি পথ বেছে নিতে বাধ্য করা হবে। যেহেতু সেনাবাহিনীর গুরুত্বপূর্ণ অংশ মুরতাদ সরকার ও খৃস্টানদের নিরাপত্তায় নিয়োজিত এবং অর্থনৈতিক, বিনোদন ও পর্যটন এলাকায় নিয়োজিত, তাই সীমান্তবর্তী ও ঘনবসতিপূর্ণ এলাকাগুলোর নিরাপত্তা ব্যবস্থা তুলনামূলক দূর্বল থাকবে। ফলে আমরা দূর্বল শক্তিগুলোকে বাধ্য করবো- হয় আমাদের বিরুদ্ধে লড়বে অথবা আমাদের সাথে যোগ দিবে অথবা অস্ত্র রেখে পালাবে। এবং তারা সেসব অঞ্চলের নিয়ন্ত্রণ আমাদের হাতে ছেড়ে দিবে যেখানে তাদের দূর্বল আধিপত্যের কারণে নৈরাজ্যপূর্ন পরিস্থিতি তৈরি হয়েছে, তেমনিভাবে যেখানে বিভিন্ন সন্ত্রাসী গোষ্ঠীর বিস্তার ঘটেছে এবং জনজীবন অনিরাপদ হয়ে গেছে। সেসব অঞ্চলের নিয়ন্ত্রণ গ্রহণ করার পর আমরা সমস্যা নিরসনে কাজ করবো এবং এই নৈরাজ্য ম্যানেজ করবো।

উল্লেখ্য, বিভিন্ন সন্ত্রাসী গোষ্ঠীর উত্থানের ফলে সৃষ্ট নৈরাজ্য ও অনিরাপদ পরিস্থিতি- শরিয়াহ এবং বাস্তবিক বিবেচনায় পরিস্থিতির উপর মুরতাদ কর্তৃপক্ষের নিয়ন্ত্রণের চাইতে অধিকতর শ্রেয়। কেননা (এসব পরিস্থিতিতে) মুরতাদরা জনসাধারণকে থানা-জেলে বন্দী করে অপমানিত করে, কুফরী মেনে নিতে বাধ্য করে, নিজেদের বানানো আইনে বিচার করে এবং তাগুতের সামনে নত হতে বাধ্য করে। আর এগুলোই মানুষের সবচেয়ে বেশি নিরাপত্তা বিনষ্ট করে। কেননা শিরক-কুফর-ই হল নিরাপত্তাহীনতার সবচেয়ে বড় প্রকাশ। কারণ, **জাহান্নামের আগুন হতে অনিরাপদ থাকাই হচ্ছে সবচেয়ে বড় ঝুঁকি, সবচেয়ে বড় ফেতনা।**

একারণে আমাদের ইমামগণ বলেছেন, "যদি কোন শহরবাসী ও গ্রামবাসী একে অপরের সাথে যুদ্ধে লিপ্ত হয় এবং এক পর্যায়ে একজনও জীবিত না থাকে, তবে এটাও শরিয়ত বিরোধী তাগুত শাসকের অধীনে থাকার চেয়ে বহুগুণে ভালো।"

আর সংঘবদ্ধ সন্ত্রাসী গ্রুপের সংখ্যা খুব বেশি হবে না, আর সাধারণ মানুষ আত্মরক্ষার্থে নিজেরাই অস্ত্র হাতে তুলে নিবে। অথচ মুরতাদদের অধীনে পরিস্থিতি এর বিপরীত ছিল। সাধারণ মানুষ তাগুত বাহিনীর সামনে আত্মসমর্পণ করতো। এখন স্থানীয়রা মসজিদের খতীবদের নছিহতের ফলে নিজেদের বিচারাচারে শরয়ী আইন মানতে শুরু করবে। তাগুত সরকারের কর্তৃত্ব দূর্বল হয়ে যাওয়া কিংবা তাদের নিয়ন্ত্রণ না থাকার ফলে তাদের বিচারিক ব্যবস্থা ভেঙ্গে পড়লেই এটা সম্ভব হবে। তখন আল্লাহর ইচ্ছায় আমাদের আকাংখা অনুযায়ী সব কিছু হতে থাকবে, কারণ সীমান্তবর্তী এলাকাগুলোতে আমরাই হবো সর্ববৃহৎ সংঘবদ্ধ শক্তি এবং নিরাপত্তা ও বিচারিক ব্যবস্থা নিয়ন্ত্রণে সক্ষম সবচেয়ে বড় ক্ষমতার অধিকারী ইনশাআল্লাহ।

[উদ্বেগ-উৎকণ্ঠা মন থেকে ঝেড়ে ফেলতে হবে]

অর্থনৈতিক লক্ষবস্তুকে বা পেট্রোলিয়াম খাতকে টার্গেট করে চালানো হামলাগুলোর কারণে আমাদের বিরুদ্ধে চালানো মিডিয়ার অপপ্রচারের কথা চিন্তা করে যারা আমাদের ব্যাপারে উদ্বিগ্ন, তাদেরকে বলতে চাই, বিষয়টিকে সহজভাবে নিন এবং এর চাইতেও ভয়ংকর কিছুর জন্য প্রস্তুত থাকুন, অন্যথায় জিহাদের পরিস্থিতি কখনোই তৈরি হবে না। যদি এখন থেকেই আমরা বিলাপ করা শুরু করি তাহলে বাড়িতে বসে থাকাই আমাদের জন্য উত্তম হবে। একারণে আমাদের উচিত, এ ধরণের মিডিয়া ক্যাম্পেইনে কান না দেওয়া এবং যতদূর সম্ভব এগুলো প্রতিহত করার চেষ্টা করা। যদি এখন এগুলো করতে না পারি তাহলে কখন পারবো? যে জিহাদের পথে পা রাখবে তার জানা উচিত, আমাদের উপর এমন একদিন আসবে যখন যুদ্ধের দামামা বেজে উঠবে -আমরা আল্লাহ্‌র কাছে ক্ষমা চাই এবং দীন, দুনিয়া ও আখেরাতে কঠিন পরিস্থিতি থেকে মুক্তি চাই- সেদিন আমরা দেখব, লাখ লাখ লোক মুরতাদ বা ইহুদী-খ্রিস্টানদের বিরুদ্ধে যুদ্ধের তাণ্ডবলীলা থেকে পালিয়ে অন্যত্র চলে যাচ্ছে। যেমনটি ঘটেছিল আফগানিস্তানে ও চেচনিয়ায়, যুদ্ধের ডংকা বেজে ওঠার পর।

আমরা মিডিয়া হামলার শিকারও হবো, বিভিন্ন ইসলামী আন্দোলনের নেতৃবৃন্দরাই তাতে অংশ নিবে আর বলবে, মুজাহিদদের কারণেই ওরা আজ উদ্বাস্তু। মুরতাদ এবং ক্রুসেডার সেনাবাহিনীর অনবরত বোমা বর্ষণের ফলে হাজার হাজার মানুষের মৃত্যু হবে। (এর জন্য আমাদেরকে দোষারোপ করা হবে) এসব কিছুর জন্য আমাদের নিজেদেরকে প্রস্তুত রাখতে হবে।

[এক আফগান কমান্ডারের মনোবল]

একবার এক আফগান কমান্ডার শায়খ আব্দুল্লাহ আযযাম রহ.র সাথে বসা ছিলেন। এমতাবস্থায় সেই কমান্ডারের কাছে একটি পত্র আসলো, যেখানে একটি গ্রামে বোমা হামলায় তার পরিবারের ২০ সদস্যের অধিক মারা গেছে মর্মে সংবাদ ছিল। এই খবর পাওয়ার পরও সেই কমান্ডার শায়খ আব্দুল্লাহ আযযাম রহ.র সাথে কথা চালিয়ে গেলেন। শায়খ তাকে জিজ্ঞাসা করলেন, "আপনার কাছে কী সংবাদ এসেছে?" কমান্ডার তখন শাইখকে খবরটি জানালেন। শাইখ আব্দুল্লাহ আযযাম রহ. বলেন, "সে আমাকে তার আত্মীয়ের মৃত্যু সংবাদ এমনভাবে শোনাচ্ছিল মনে হচ্ছিলো যেন তিনি বলছিলেন যে, বাদশাহ হারুনুর রশীদ এক বছর হজ করতেন, আরেক বছর যুদ্ধ পরিচালনা করতেন। এমনকি সেই কমান্ডার তার পূর্বের আলোচনা স্বাভাবিকভাবেই শেষ করলেন। মনে হচ্ছিলো যেন কিছুই ঘটেনি। এটাই হল যুদ্ধ। মুসলিম জনতাকে এর উপর অভ্যস্ত হতে হবে। যদি এখনই না হয়, তবে আর কখন হবে? কীভাবে আমরা ময়দানে তীহ থেকে বের হবো?

এ সবের পাশাপাশি আমাদের বিরুদ্ধে অপপ্রচারণা ঠেকাতে যথাসম্ভব প্রস্তুতি নিতে হবে। যদি আমরা নিষ্ঠার সাথে ও যত্নের সাথে আমাদের কাজ করতে পারি তাহলে আমাদের কথা জনসাধারণের অন্তরে পৌঁছবে এবং আমাদের বিরুদ্ধে করা তাদের যাবতীয় প্রোপাগান্ডা ও ভেলকি আমাদের 'লাঠি' ঠিকই গিলে খাবে ইনশাআল্লাহ্‌। লোকজন আমাদের প্রতি সহনশীল থাকবে যতক্ষণ পর্যন্ত আমরা উন্নত সহনশীলতার পরিচয় দিবো। কিন্তু আমরা যদি এখন থেকেই নানা অজুহাত দেখাতে থাকি, বিলাপ করি, আর উদ্বিগ্ন হই, তবে লোকজনেরও আমাদের ব্যাপারে উদ্বিগ্ন হওয়ার অধিকার আছে।

আমি পুনরায় উল্লেখ করতে চাই যে, **পেট্রোলিয়াম সম্পর্কে এখানে আমি যা উল্লেখ করলাম তা একটি উদাহরণ মাত্র**, যার উদ্দেশ্য আমাদের বিবেচনাবোধকে [বোধ-বুদ্ধি-কৌশলজ্ঞান] শাণিত করা। তবে এটা বাস্তব যে, সাধারণভাবে শত্রুর অর্থনীতিকে লক্ষ্যবস্তু করার কৌশলটি রাজনৈতিক, সামরিক উভয়দিক থেকেই একটি গুরুত্বপূর্ণ কৌশল। একটি যথার্থ আন্দোলনে এ কৌশলটি অনুপস্থিত থাকা উচিত নয়। মুজাহিদ নেতৃবৃন্দের একাধিক গবেষণা এবং বক্তব্যে এ বিষয়টি উঠে এসেছে।

৭ম পরিচ্ছেদঃ

মেরুকরণ

লেলিহান যুদ্ধ, মিডিয়া, ব্যবস্থাপনা কৌশল আয়ত্তকরণ, ঈমানী অবস্থার উৎকর্ষসাধণ, সরাসরি আলোচনা, ক্ষমা, অর্থ দিয়ে ঐক্য আনয়ন ও বন্ধুত্ব স্থাপন...

বর্তমান সময়ে সংস্কার আন্দোলনের কৌশল থেকে –যার সূচনা হয়েছে নব্বইয়ের দশকের মাঝামাঝি সময়ে- সর্বাধিক চমকপ্রদ যে লক্ষ্যটি অর্জিত হয়েছে তা হলো, এসব আন্দোলনের ফলে উম্মাহ'র মাঝে একটি চূড়ান্ত পর্যায়ের মেরুকরণ ঘটবে, এই পরিণতির কথা ভেবে আমরা শংকিত নই। সন্দেহ নেই যে আমাদের উচিত ছিল যুদ্ধে ইতিপূর্বের প্রতিটি ধাপে উম্মাহকে নিজেদের পক্ষে ভিড়ানোর চেষ্টা অব্যাহত রাখা, যাতে করে যুদ্ধ আশানুরূপভাবে সামনে অগ্রসর হয়। কিছু কিছু দেশে এমনটা করাও হয়েছিল এবং এতে উৎসাহব্যঞ্জক ফলাফলও পাওয়া গিয়েছিল। কিন্তু, অনেক দেশে জিহাদী আন্দোলনগুলো উম্মাহর মেরুকরণ তথা তাদেরকে নিজেদের পক্ষে ভিড়ানোর ব্যাপারে এই ভেবে শংকিত ছিল যে, তারা মেরুকরণের বিষয়টি সঠিকভাবে নিয়ন্ত্রণ করতে

পারবে কি না। এর পিছনে কারণ ছিল, উম্মাহর ব্যাপক অজ্ঞতা, মিডিয়ার অপপ্রচার, আলেমদের অপব্যাখ্যা এবং বিভিন্ন ইসলামী দলের দাঈগণ, যারা তাদের (দাওয়ার) পুরোটা সময় জাতীয়তাবাদের দিকে আহবান করে অতিবাহিত করছে। এসব দল অনেকটা আরব খ্রিস্টান ও ধর্মনিরপেক্ষ মুরতাদ রাজনৈতিক দলগুলোর মতো, যারা জাতীয়তাবাদের আহবান করে থাকে। এর দৃষ্টান্ত ভুড়িভুড়ি। এমনকি নামধারী এসব ইসলামী দল আরব খ্রিষ্টান এবং ধর্মনিরপেক্ষ মুরতাদ দলগুলোর সাথে মিটিংয়েরও আয়োজন করেছিল, যার উদ্দেশ্য ছিল মুজাহিদ গ্রুপগুলোর বিভিন্ন কাজের নিন্দা করা, তাদের দাবী, এই মুজাহিদরা জাতিকে দ্বিধাবিভক্ত করে ফেলবে। কিন্তু আল্লাহ তা'আলাই আমাদের জন্য যথেষ্ট তিনিই উত্তম অভিভাবক।

[মেরুকরণ দ্বারা উদ্দেশ্য]

উম্মাহর মেরুকরণ দ্বারা আমি এখানে জাতিকে যুদ্ধে টেনে আনা বুঝাচ্ছি, যাতে করে এর ফলে উম্মাহর মাঝে পূর্ণ মেরুকরণ ও ~~বিভক্তি~~ পার্থক্য প্রকাশ পায়। ফলে একদল লোক হকের পক্ষে আসবে, আরেকদল লোক বাতিলপন্থীদের সাথে গিয়ে মিশবে। তৃতীয় আরেকটি দল থাকবে নিরপেক্ষ, যারা বিজয়ী দলের সাথে যোগদান করার অপেক্ষায় থাকবে। আমরা অবশ্যই এই নিরপেক্ষ দলটির সহানুভূতি লাভ করার চেষ্টা করব, যেন তারা হক পন্থীদের বিজয় কামনা করে। কারণ, বর্তমান যুদ্ধের পরবর্তী ধাপগুলোতে এই নিরপেক্ষ লোকগুলোর স্পষ্ট ভুমিকা রয়েছে।

[লেলিহান যুদ্ধই পারে সর্বাধিক মেরুকরণ ঘটাতে]

জনতাকে যুদ্ধে টেনে আনতে বিভিন্ন ধরণের কাজ করতে হবে, যেগুলো যুদ্ধকে উসকে দিবে এবং যার ফলে তারা ইচ্ছায় বা অনিচ্ছায় যুদ্ধে জড়িয়ে পড়বে। ব্যাপারটা এমন হবে যে, প্রত্যেকে যে কোনো একটি পক্ষ নিয়ে ওটার সমর্থনে যুদ্ধে অংশ গ্রহণ করবে। আমরা এই যুদ্ধকে খুব তীব্র করে তুলবো, যেন প্রত্যেকের কাছেই মৃত্যু খুব কাছাকাছি মনে হয়। দুই পক্ষই যেন বোঝে যে, যুদ্ধে জড়ালে মৃত্যুর সম্ভাবনাই প্রবল। আর এই ব্যাপারটি প্রতিটি ব্যক্তিকে হকের পক্ষে লড়াই করে শহীদ হিসেবে মৃত্যু বরণ করতে ভীষণভাবে উৎসাহিত করবে। কারণ, বাতিলের পক্ষে মৃত্যুবরণ করে দুনিয়া-আখিরাত বরবাদ করার চেয়ে ওই মৃত্যু অনেক অনেক ভাল। এটাই ছিল (এ পথের) অগ্রদুতদের যুদ্ধনীতি, সমাজকে পরস্পর বিরোধী দুটি গ্রুপে বিভক্ত করে একটা ভয়ংকর যুদ্ধের সূচনা করা, যার শেষ হবে বিজয় অথবা শাহাদাতের মাধ্যমে। যে যুদ্ধে বেছে নিতে হবে- হয় বীরত্বপূর্ণ যুদ্ধ অথবা লাঞ্ছনাকর সন্ধি। যেখানে দুটি দলের একটি জান্নাতী, অপরটি জাহান্নামী। 'মোদের মৃতরা জান্নাতে, আর তোদের মৃতরা জাহান্নামে' | (قتلانا في الجنة وقتلاكم في السعير)

এই ভয়াবহ যুদ্ধ এবং বিভক্তি ঘটানোর মাধ্যমেই কেবল আমরা সবচেয়ে বেশি সংখ্যক লোককে মুজাহিদ বাহিনীতে টেনে আনতে সক্ষম হবো। এরপর অপর সারিতে থেকে কে ধ্বংসের পথ বেছে নিল তা নিয়ে আফসোস করার সুযোগও আমাদের নেই। হকপন্থীদের সারিতে যাদেরকে আল্লাহ শহীদ হিসেবে কবুল করবেন তাদেরকে নিয়ে আমরা উল্লসিত হবো। এই ভয়ংকর যুদ্ধ এবং বিভক্তিই (এক সময়) কাঙ্খিত ফল বয়ে আনবে ইনশাআল্লাহ। আমরা যদি জাতীয়তাবাদীদের মিথ্যা প্রবঞ্চনায় কান দেই তাহলে পরবর্তীতে ব্যর্থতার পর যে ভয়াবহ পরিস্থিতির সম্মুখীন হতে হবে তার চেয়ে প্রথম থেকেই ঘরে বসে থাকা ভালো।

নিঃসন্দেহে যুদ্ধ যতই তীব্র থেকে তীব্রতর হতে থাকে ততই সাধারণ মানুষ ও সমাজের উপর এর প্রচন্ড প্রভাব পড়তে থাকে, এটি শত্রুপক্ষে যেমন পড়ে তেমনি আমাদের পক্ষেও পড়ে। যুদ্ধ প্রত্যেকের মন-মস্তিষ্ককে প্রচন্ডভাবে নাড়া দেয় এবং এই তাণ্ডবলীলাই জনতার নিকট সবচেয়ে বড় প্রমাণ হিসেবে প্রতিভাত হয়। আর তখনই মানুষের মাঝে চূড়ান্ত পর্যায়ের মেরুকরণ সংঘটিত হয়। তবে একদিকে যুদ্ধ যখন ভয়াবহ রূপ ধারণ করে, তখন অপরদিকে আমরা দেখবো যে, যুদ্ধের প্রতিটি ধাপে আমাদেরকে কোমল ও যুক্তিযুক্ত কিছু কৌশল অবলম্বণ করতে হবে। যেন পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকে। বিশেষকরে যেসব দলকে আমরা নিজেদের সাথে ভিড়াতে চাই যুদ্ধের প্রতিটি ধাপে তাদের মাঝে পরিবর্তন পরিলক্ষিত হয়। সুতরাং তাদের প্রতি লক্ষ্য রেখে এবং এর বাইরে আরো অন্যান্য দলের প্রতিও নজর রেখে আমাদেরকে বিভিন্ন কৌশল অবলম্বণ করতে হবে।

[তরুণ প্রজন্মকে দলে ভিড়াতে হবে]

"তটস্থঃকরণ ও ক্রমঃশক্তিক্ষয়করণ" পর্বে উম্মাহর বিশেষ বিশেষ তরুণ-যুবকদের দলে ভিড়াতে হবে। এর জন্য সবচেয়ে ভাল উপায় হলো, অপেরেশনগুলোকে শরীয়া দলিল ও বুদ্ধিবৃত্তিক যুক্তির আলোকে তাদের সামনে পেশ করা। একটি কাজ সবচেয়ে বেশি পরিমাণ যৌক্তিক তখনই হয় যখন কাজটির মধ্যেই কাজটির যৌক্তিকতা স্পষ্ট থাকে। কিন্তু মিডিয়ার অপপ্রচারের কারণে এ ধরণের যৌক্তিক অপারেশনগুলো পরিচালনা করা খুবই কষ্টকর হয়। তবে আমরা যদি মিডিয়াকে অকার্যকর করার পর্যায়ে পৌঁছাতে পারি তখন এরকম অপেরেশন চালানো সম্ভব।

এটা সম্ভব হয় তখনই যখন গ্রুপগুলো উন্নতি সাধন করে ও শক্তিশালী হয় এবং অপারেশনগুলো সমন্বিত হয়। তখন মিডিয়াগুলো তাদের নিয়ে ঘাটাঘাটি করতে পারে না। তাদের অপারেশন ও টার্গেটের ব্যাপারে অপপ্রচার চালানোর সক্ষমতা রাখে না। কিন্তু যে ক্ষেত্রে বিরোধী মিডিয়াগুলো তাদের নিয়ে ঘাটাঘাটি করতে উৎসুক থাকে সেক্ষেত্রে তাদের অপারেশনগুলোর যৌক্তিকতা উল্লেখ করে লিখিত বক্তব্য প্রকাশ করা ছাড়া কোনো উপায় নেই। অপারেশনের পূর্বেই যে কোনো আগাম অডিও বা ভিডিও বার্তা লোকজনকে অপারেশনের জন্য প্রস্তুত করে। তবে স্বভাবতই তাতে নির্দিষ্ট করে কিছু উল্লেখ থাকবে না। অতঃপর অপারেশনের পর এর পক্ষে শক্তিশালী শরয়ী দলিলের পাশাপাশি এমনকিছু বুদ্ধিবৃত্তিক যুক্তি তুলে ধরতে হবে, যাতে করে যেসব গোষ্ঠীকে উদ্দেশ্য করে তা প্রস্তুত করা হয়েছে তারা এই যৌক্তিকতায় কান দেয়। এই বিবৃতি যেন সমাজের সকল মানুষের কাছে পৌঁছে তা নিশ্চিত করতে হবে। শুধু বিশিষ্ট ব্যক্তিদের কাছে পৌঁছলে চলবে না। অধিকাংশ বিবৃতিতে ঐ সমস্ত সাধারণ টার্গেটগুলোর কথা থাকবে যেগুলো সাধারণ মানুষের কাছে গ্রহণযোগ্য, এমনকি যদি তা অস্পষ্ট শব্দেও হয়। যেমন বলবে, "আমরা লড়াই করি উম্মাহর শত্রু ও তাদের এজেন্টদেরকে দেশ থেকে বিতাড়িত করার জন্য, যারা দেশের আদর্শ ও সংস্কৃতি ধ্বংস করছে, সম্পদ লুটপাট করছে এবং আমাদেরকে তাদের দাসে পরিণত করছে। প্রত্যেকেই তা দেখে এবং জানে যে, তারা স্পষ্টতই সব কিছু ধ্বংস করছে। এমনকি তারা আমাদের হত্যা ও ধ্বংস করার জন্য যা খরচ হয় তা পর্যন্ত আমাদের কাছ থেকে উঠিয়ে নিচ্ছে।"

'নৈরাজ্য ব্যবস্থাপনার' ধাপে মেরুকরণ এক ভিন্ন ধরণের গুরুত্ব বহন করে

যখন বেশ কিছু অঞ্চলে নৈরাজ্য তৈরি হয়- আমরা সেগুলোর ব্যবস্থাপনা করি বা না করি অথবা অঞ্চলগুলো কাছের হোক বা দূরের- তখন গোলযোগপূর্ণ এলাকায় বসবাসরত লোকদের মাঝে একধরণের স্বতঃস্ফূর্ত মেরুকরণ পরিলক্ষিত হয়। নিরাপত্তার স্বার্থে তারা দেশের বড় বড় ব্যক্তিত্ব বা দলীয় সংগঠন বা জিহাদী সংগঠন অথবা মুরতাদ সরকারের পুলিশ বা সেনাবাহিনীর অবশিষ্টাংশ থেকে গঠিত কোনো সামরিক সংগঠনের সাথে গিয়ে যোগ দেয়। এই জনতাকে মেরুকরণের জন্য তখনই আমরা প্রথম পদক্ষেপ নিবো। যেন তারা বিভিন্ন দল গঠনের মাধ্যমে হকপন্থীদের পক্ষাবলম্বন করে, যেসব দল তাদের কর্তৃত্বাধীন এলাকাগুলোকে সঠিকভাবে ব্যবস্থাপনার মাধ্যমে আমাদের অনুগত থাকবে। পাশাপাশি তারা মিডিয়াতে সুন্দর সুন্দর প্রোগ্রাম তৈরি করবে, যেখানে আমাদের নিয়ন্ত্রণাধীন অঞ্চলগুলোর নিরাপত্তা, শরয়ী আইন প্রতিষ্ঠার মাধ্যমে ন্যায়বিচার, অসহায়দের দায়িত্ব গ্রহণ, জিহাদের প্রস্তুতি, বিভিন্ন প্রশিক্ষণ, উৎকর্ষতা- ইত্যাদি তুলে ধরা হবে। আল্লাহ্‌র ইচ্ছায় এই প্রথম ধাপের সাথে সাথেই আমরা দেখবো যে, অন্যান্য এলাকা থেকে যুবকরা আমাদের এলাকায় আসছে, এসব এলাকার সহযোগিতার জন্য এবং এখানে বসবাসের জন্য। যদিও এ কারণে তাদের জীবন ও সম্পদহানির সমূহ আশংকা থাকবে অথবা শত্রুদের পক্ষ থেকে এসব এলাকায় চাপ বৃদ্ধি পাবে।

সারকথা

নৈরাজ্য ব্যবস্থাপনার ধাপে মেরুকরণের প্রথম পদক্ষেপ হলো আমাদের নিয়ন্ত্রনাধীন অঞ্চলগুলোকে সঠিকভাবে ব্যবস্থপনা করা। এই ধাপে মেরুকরণের অন্যান্য পদক্ষেপগুলোর মধ্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলো নিচে সংক্ষেপে উল্লেখ করছি-

ঈমানী অবস্থার উৎকর্ষসাধনঃ

আমাদের ব্যবস্থাপনাধীন নৈরাজ্যপূর্ন অঞ্চলগুলোর লোকদের মেরুকরণের জন্য সবচেয়ে সংক্ষিপ্ত উপায় হচ্ছে ঈমানী অবস্থার উৎকর্ষসাধন করা। যেসব লোক আমাদের প্রশাসন (ব্যবস্থাপনা) মেনে নেয় আমরা যেন তাদের নিরাপত্তার ব্যবস্থা করতে পারি এবং আরো অন্যান্য বিষয় দেখাশুনা করতে পারি- এসব লোক ওই সমস্ত লোকদের মতো নয় যারা সরাসরি আমাদের সারিতে এসে যোগ দেয়, আমাদের লক্ষ্য বাস্তবায়নে কাজ করে, বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করে এবং আমাদের সাথে যুদ্ধসহ আরো অন্যান্য কাজে অংশ নেয়। সুতরাং এমন নৈরাজ্যপূর্ন পরিস্থিতিতে সমাজের ঈমানী অবস্থার উৎকর্ষসাধন ওখানকার সাধারণ লোকদেরকে আমাদের প্রতি আকৃষ্ট করবে ও তাদেরকে আমাদের কর্মীতে পরিণত করবে ইনশাআল্লাহ।

সরাসরি আলোচনাঃ

অন্যান্য সংগঠনগুলো পার্শ্ববর্তী যেসব অঞ্চলকে নিয়ন্ত্রণ করছে সেসব অঞ্চলের নিয়ন্ত্রকদের কাছে দাওয়াতের উদ্দেশ্যে আমরা দূত পাঠাবো, যেন ওই পক্ষের লোকেরা তাওহীদপন্থী মুজাহিদীনের সাথে মৈত্রী স্থাপন করে। আমরা দেখবো যে, তারা আমাদের সাথে পুরোপুরি মৈত্রী স্থাপনে শংকিত থাকবে। কারণ তারা আশংকা করে, এতে করে শত্রু পক্ষ তাদের সাথেও ওইরূপ আচরণই করবে যা আমাদের সাথে করছে। একারণে এই অবস্থায় আমাদের দাওয়াতের উদ্দেশ্য হবে, কমপক্ষে যেন ন্যূনতম কিছু শরীয়াহ উদ্দেশ্য ও স্বার্থের উপর আমাদের মৈত্রী সংঘটিত হয়। সম্ভবত, পূর্বের মত এতেও তাদের অনেকে ভীত থাকবে। যদি আমরা বুঝি যে, তারা দুটি প্রস্তাবই প্রত্যাখ্যান করছে তাহলে আমরা তাদের সাথে সর্বশেষ ধাপের দিকে আগাবো। তবে [শেষ ধাপে এসেও] তাদের অঞ্চলে শরীয়া ব্যতীত ভিন্ন কোনো আইনে শাসন চলার বিষয়টি এক দিনের জন্যও আমরা মেনে নিবো না। যদি তারা এমন কিছু বলে

তাহলে এ পরিস্থিতিতে তাদের নিয়ন্ত্রণকে আমরা সম্পূর্ণভাবে শত্রুদের নিয়ন্ত্রণের মতই ধরে নিবো। সুতরাং সর্বশেষ ধাপে এসে যদি তাদের সাথে ন্যূনতম কোনো বিষয়ের উপরও সমঝোতা হয়, আশা করা যায় অচিরেই -আল্লাহর অনুগ্রহে- এ অঞ্চলের সাথে সম্পর্ক ঘনিষ্ঠ হয়ে উঠবে।

এই প্রবন্ধে আমি গুরুত্বপূর্ণ যে বিষয়টি নিয়ে আলোচনা করবো তা শুরু করার পূর্বে অন্য একটি গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরা উচিৎ যা বারবার প্রবন্ধের মধ্যে উল্লেখ করা প্রয়োজন হবে ~~লাগবে~~।

গুরুত্বপূর্ণ বিষয়টি হল, আমাদের অনেকেই যখন নিজেদের দিকে তাকাই, তখন হেদায়েত লাভের প্রথম সময়কালকে ঈমানী অবস্থার সবচেয়ে উত্তম অবস্থা বলে অনুভূত হয়। এ অবস্থাটি একেবারে প্রথম দিন থেকেই হওয়াটা শর্ত নয়। যদিও কখনো কখনো এমনটি প্রথম দিন থেকেই হতে পারে। তবে সাধারণভাবে এটি প্রথম সময়কালের সাথে সম্পৃক্ত। হয়তো এটি আমাদের কাছে তুলে ধরবে যে, আমাদের প্রথম প্রজন্মের উপর প্রথমদিকে ভয়াবহ মসিবত কীভাবে এসেছিল। কোনো কোনো গুরুজনেরা এভাবে ব্যক্ত করেছেন, "ঈমান অনেক সময় এক পাহাড় হয়ে জন্মগ্রহণ করে"। তবে এখানে কিছুটা পার্থক্য রয়েছে। প্রথম প্রজন্মের ঈমান অনেক বড় অবস্থায় জন্ম নিত তা ঠিক, কিন্তু তাঁরা যে পরীক্ষার সম্মুখীন হয়েছেন এবং পরীক্ষায় যে দৃঢ়তার পরিচয় দিয়েছেন, তাতে তাদের ঈমানের স্তর উত্তরোত্তর উপরের দিকেই উন্নিত হয়েছে। পক্ষান্তরে (আমাদের অবস্থা হলো) দুঃখজনকভাবে আমরা বহু মাশায়েখ ও শিক্ষকদের কাছ থেকে দুঃখ-দুর্দশা বয়ে আনবে এমন যে কোনো কাজ থেকে পলায়নের কৌশল শিক্ষা করি। ফলে আমরা ক্রমশ নিম্নমুখী এবং পতনের দিকে যেতে শুরু করি। অনুরূপভাবে প্রথম প্রজন্মের যারা মক্কাতে হেদায়েতের আলোতে আলোকিত হয়েছিলেন তাঁরা আবির্ভাবকালীন কুফরের কর্তৃত্বের কষ্ট মোকাবেলা করেছেন। আর যারা মদীনায় হেদায়েত পেয়েছিলেন তাঁরা জিহাদের ও তরবারির ঝলকের কষ্ট মোকাবেলা করেছেন।

এ পর্বে আমি কারাগার ও নির্যাতনের পরীক্ষা এবং জিহাদ ও তরবারীর ঝলকের পরীক্ষার মাঝে গুরুত্বপূর্ণ পার্থক্য নিয়ে আলোচনা করবো। এমনিভাবে মানব আত্মার অবস্থা, এর ধৈর্যের পরিমাণ এবং কী পরিমাণ কষ্ট সহ্য করার ক্ষমতা তার আছে তা নিয়ে আলোচনা করবো।

কিছু লোক আছে যারা বলে যে, "জিহাদের পূর্বে জেল, জুলুম, নির্যাতনের স্তর উন্নিত হওয়া নেহায়েত গুরুত্বপূর্ণ"। এ শ্রেনীর লোক আবার কয়েক ধরণের। একদল এ বিষয়ে এতটাই বাড়াবাড়ি করে যে, তাঁরা তাদের অনুসারীদেরকে স্বেচ্ছায় কারাবরণ করা, কষ্ট সহ্য করা এবং বাস্তব কোনো চেষ্টা-তদবীর না চালিয়েই কারাগার থেকে মুক্তিলাভের ব্যাপারে অপেক্ষা করার উপদেশ দিয়ে থাকেন। যারা এমন বলেন তাদের কারো লেখা আমি নিজে না পড়লে বিশ্বাসই করতাম না যে, এ ধরনের মানুষও পৃথিবীতে আছে।

তবে এ বিষয়ে মধ্যমপন্থার বক্তব্য প্রদান করে এমন দলও রয়েছে, যারা বলিষ্ঠভাবে বাতিলের সামনে হক তুলে ধরে থাকে, বাহ্যিক ও আধ্যাত্মিক প্রস্তুতি গ্রহণ করে, সশস্ত্র আনসার সংগ্রহ করে, কারাগার ও নির্যাতনকে স্বেচ্ছায় বরণ করে নেয় না। তবে যদি তা এসে যায় তখন ধৈর্য ধারণ করে এবং এটাকে ব্যক্তির জন্য শিক্ষা হিসাবে গ্রহণ করে।

আর তৃতীয় একদল রয়েছে যারা এ ব্যাপারে বেশ শিথিলতা করে থাকে। তারা নিজেদেরকে সব কিছু থেকে দূরে রাখে, যেমন বাতিলের সামনে স্পষ্ট হক বলা অথবা বাহ্যিক প্রস্তুতি গ্রহণ করা, যা শেষ পর্যন্ত সমস্যার দিকেই নিয়ে যায়। তবে এসকল লোকেরা মানুষের সামনে গর্বভরে চলতে ভুলে না, এ ধরনের ব্যক্তিরা বেশিরভাগ সময় এ বলে চিৎকার চেচামেচি করে থাকে যে, তারা এখন মক্কী ধাপ এবং ধৈর্যের ধাপে রয়েছে! আমি জানি না, তারা মাক্কী ধাপের কথা বলে (জিহাদ ও জিহাদের প্রস্তুতি গ্রহণ করা ছাড়া) ইসলামের আর কোন কোন বিধান ছেড়ে দিয়েছে? এ দলের লোকদের পথ অধিকাংশ ক্ষেত্রেই মাক্কী ধাপের বিপরীত। এটি আসলে চাটুকারিতা, সহাবস্থান ও সংশয়ের মধ্যে থাকা। ~~অবস্থান করা।~~

সারকথা

যা বলতে চাই তা হচ্ছে, উপরোক্ত তিনটি শ্রেনীই –অবস্থার ভিন্নতা সহকারেই- নিশ্চিতভাবে কুফর ও কুফফারদের প্রভাব ও আধিপত্যের নিচে ফেতনাগ্রস্ত। তারা যে সমাজে বসবাস করছে সে সমাজের সামাজিক আন্দোলনের উপর সেসব কুফফার গোষ্ঠীর বিভিন্ন পর্যায়ে নিয়ন্ত্রণ রয়েছে।

আমরা এই তিনো শ্রেনীকে -যাদের মধ্যে মধ্যপন্থী (মু'তাদিল) শ্রেনীটিও রয়েছে- এই বলে সতর্ক করতে চাই যে, দীর্ঘকাল যাবত জালিমদের অধিনস্ত হয়ে ফিতনার মধ্যে পড়ে থাকলে অনুসারীরা ধীরে ধীরে দল ত্যাগ করতে থাকে।[23] মানব মন যেহেতু নিষ্পাপ নয় তাই তা যত শক্তিশালীই হোক না কেন কর্তৃত্বধারী বাতিলের মোকাবেলায় দীর্ঘকাল প্রতিরোধ গড়ে রাখতে পারে না। সুতরাং বাতিলের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ না করে সময়কে দীর্ঘায়িত করা হলে এর (খারাপ) প্রভাব মুসলিম যুবকদের ওপর পড়েই, যারা দীর্ঘকাল ধরে মুসলিম যুবকদেরকে নিয়ে কাজ করে তারা এটিকে কোনো ভাবেই অস্বীকার করতে পারবে না। এই যুবকদের কেউ কেউ তো সম্পূর্ণরূপে আগের জীবনেই ফিরে যায়, আর কারো কারো গায়ে আপনি কেবল ইসলামের বাহ্যিক কিছু জিনিস যেমন ইসলামি পোশাক আর দাড়িই দেখতে পাবেন। (এ ছাড়া আর কিছুই দেখবেন না)

এখানে সেসব দলের ঘটনাই বলছি যারা ইতিপূর্বে দৃঢ়তার ক্ষেত্রে এবং খোলাখুলিভাবে সত্য প্রচারের ক্ষেত্রে সকলের কাছে উদাহরণ হিসেবে ছিল। যারা কারাগারে প্রবেশ করলে আরো দৃঢ় ও প্রত্যয়ী হয়ে বেরিয়ে আসতো। কিন্তু দেখা গেল যখন এদের অনুসারীদেরকে দীর্ঘ সময় ধরে কারারুদ্ধ করে রাখা হলো, তখন তাদের মাঝে পশ্চাতগামীতা ও অপসংস্কৃতির সামনে নতি স্বীকার প্রকাশ পেল।

এমনকি যে দলটি সত্য প্রচারের ক্ষেত্রে শিথিলতা প্রদর্শন করে এবং যাদের জেল-জুলুমের মত কঠিন পরীক্ষার সম্মুখীন হতে হয় না, তারাও একটা পর্যায়ে বাতিলের আধিপত্য ও প্রভাব-প্রতিপত্তির সামনে অসহায়ভাবে নতি স্বীকার করে, যেমনটা আমি পূর্বেও উল্লেখ করেছি। সুতরাং আপনি দেখবেন যে, এসব দল প্রাথমিকভাবে শক্তিশালী থাকলেও তা ভেঙ্গে পড়তে সময় নেয় না। এসব আন্দোলনে সক্রিয়ভাব বজায় থাকে না, যদি না এমন কিছু ঘটে যেখানে তাদের কিছু যুবক আন্দোলনের জন্য নতুন করে রক্ত ঝরায়। কিন্তু পরক্ষণেই সেই দলটি নতুন করে আবার অশুভ বৃত্তের মাঝে প্রবেশ করে।

এ জন্যই (আমরা দেখতে পাই) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যদিও তার সাহাবীদেরকে ধৈর্য্যের সাথে দ্বীনের উপর অবিচল থেকে আরও খোলাখুলিভাবে সত্য প্রকাশ করার জন্য উৎসাহিত করছিলেন কিন্তু তিনি এই স্তরের ফিতনাকে দীর্ঘায়িত করেননি। কারণ, তা তাদের জন্য বেশ কঠিন হয়ে যাবে। তাই তো তিনি (আল্লাহর নির্দেশে) তাদের জন্য প্রথমে আবিসিনিয়া এবং পরে মদিনায় হিজরত করার পথ উন্মুক্ত করে দেন। তেমনিভাবে (কাফেরদের অত্যাচার থেকে আত্মরক্ষার জন্য) নির্দিষ্ট কিছু কিছু পরিস্থিতিতে মুখে কুফরের বাক্য উচ্চারণ করারও অনুমতি দেন। এসবের পাশাপাশি তিনি বাতিলের মোকাবেলা করার জন্য প্রস্তুতি গ্রহণ করা এবং সশস্ত্র আনসার সংগ্রহ করার কাজও করে যাচ্ছিলেন। বিচক্ষণ কোন নেতা তার অনুসারীদেরকে দীর্ঘ

সময় ধরে শত্রুদের লুটপাট যোগ্য সম্পদে পরিণত করে রাখেন না। অন্যথায়, তারা ধীরে ধীরে দূরে সরে যাবে। অতএব, তার কর্তব্য তার অনুসারীদেরকে জুলুম থেকে পরিত্রাণের জন্য সর্বাত্মক চেষ্টা করা এবং তাদের অধিকার পুনরুদ্ধারের জন্য জোর প্রচেষ্টা চালানো। এজন্যই আপনি দেখবেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় স্থির হওয়ার অল্প কিছু সময়ের মধ্যেই কুরাইশের একটি কাফেলা আক্রমণ করে তাদের কিছু অধিকার পুনরুদ্ধার করার জন্য হযরত আব্দুল্লাহ বিন জাহাস রাযি. এর অধীনে একটি বাহিনী প্রেরণ করেন। (তিনি এই কাজটি করেছিলেন) যদিও এর দ্বারা (কুরাইশদের সাথে) সংঘর্ষ বাঁধার দরোজা খুলেছিল, যা কেউ কেউ ভেবেছিল যে, এটি নেতিবাচক ফল বয়ে আনতে পারে। তবে বাস্তবতা হচ্ছে, মানবআত্মা স্বাভাবিকভাবেই নিজের অধিকার ফিরে পাওয়ার দাবি করে। তা না হলে, তার ধৈর্য প্রায় নিঃশেষ হয়ে যাবে। এ কারণেই (বদরের যুদ্ধে) হযরত বিলাল রাযি. যখন দেখলেন, উমাইয়া ইবনে খালাফ হযরত আব্দুর রহমান বিন আউফ রাযি. এর হাতে বন্দী তখন তাকে (হত্যা না করে এভাবেই) ছেড়ে দেয়াটা তিনি বরদাশত করতে পারলেন না। আব্দুর রহমান ইবনে আওফ রাযি. উমাইয়াকে রক্ষা করার জন্য বেলাল রাযি.কে লক্ষ্য করে বলছিলেন, আমার বন্দী! আমার বন্দী! (তাকে হত্যা করো না) কিন্তু বিলাল রাযি. কেবল একটি কথাই বার বার বলছিলেন, "সে বেঁচে গেলে আমার নিস্তার নেই! "সে বেঁচে গেলে আমার নিস্তার নেই!" রক্ত, মাংসে গড়া মানুষের ক্ষমতার একটা সীমাবদ্ধতা আছে, যাকে বিবেচনা করা উচিত।

কোনো আন্দোলনের নেতৃবৃন্দ যদি এটি বুঝতে না পারেন তাহলে যখন তাদের সমর্থকরা হঠাৎ পিছুটান দিবে এবং একের পর এক তাদের পাশ থেকে সরে পড়বে বা কমপক্ষে আন্দোলনের প্রতি উদাসীন হয়ে পড়বে এবং অনুদান দেয়া বন্ধ করে দিবে তখন নেতৃবৃন্দ যেন এ সবের জন্য নিজেদেরকেই দায়ী করেন। আর এমন হলে ধীরে ধীরে সেই আন্দোলন নিঃশেষ হয়ে যাবে অথবা কমপক্ষে এর নেতারা এ আন্দোলনকে একটি নিস্প্রভ বিকৃত আন্দোলনে রূপান্তরিত করতে বাধ্য হবে। ফলে তারা সদস্য সংখ্যা ধরে রাখার প্রতিই যত্নবান হবে, আর আন্দোলনকে এমন সব ধরণের কাজ থেকে দূরে রাখবে যার মধ্যে জান, মাল, সময় এবং ঘরবাড়ি ত্যাগ করার মতো বড় বড় কুরবানি দেয়ার প্রয়োজন পড়ে। তাঁরা এমন সব বিধানকে আন্দোলনের মূলনীতি ও আসল পদ্ধতি বানিয়ে নেবে যা ইতিপূর্বে ব্যক্তি বিশেষের ক্ষেত্রে কিংবা নির্দিষ্ট কিছু অবস্থার ক্ষেত্রে ব্যতিক্রমী বিধান হিসেবে প্রযোজ্য ছিল। তাছাড়া হককে বাতিলের সাথে মিশিয়ে ফেলা, জাহিলি রীতিনীতির উপর ইসলামি লেভেল লাগানো, যেন (তাগুত প্রশাসনের পক্ষ থেকে) কোন ধরনের চাপের সম্মুখীন হওয়া ছাড়াই অধিক পরিমাণে কর্মী ও সমর্থক সংগ্রহ করা যায় এবং এ উদ্দেশ্যে কুরআন-হাদিসের সুস্পষ্ট বক্তব্যকে বিকৃতি করা, এ সব তো আছেই।

এই ফিতনার মোকাবেলায় এবং জিহাদ ও কিতালের (পথে আসা নানা ধরণের) ফিতনার মোকাবেলায় দৃঢ় ও অবিচল থাকার ফলে (মুমিনদের) ঈমানের স্তর বৃদ্ধি পেতে থাকে এবং এই দু ধরণের ফিতনার মোকাবেলায় দৃঢ়তা ও অবিচলতা- ব্যক্তি এবং ইসলামি জামাতের তরবিয়তের ক্ষেত্রে বিরাট প্রভাব রাখে।

[**একটি প্রশ্ন ও তার উত্তর**]

এ ক্ষেত্রে একটি প্রশ্ন আসে যে, এমন হলে শরিয়ত কেন জেল, টর্চার ও কাফেরদের আধিপত্যের ফিতনা থেকে বাঁচার জন্য হিজরত করা এবং সত্য গোপন করে মিথ্যা বলার অবকাশ দিল -যদিও এ দুটির স্তরে তারতম্য রয়েছে-, অপর দিকে কিতালের ফিতনা থেকে বের হওয়ার কোন সুযোগই দিল না? অথচ হাদীসের ভাষ্যমতে এটিও 'ফিতনা'। যেমন এক হাদীসে এসেছে, كَفَى بِبَارِقَةِ السيوف فتنةً - '(মুজাহিদদের জন্য) ফিতনা হিসেবে তরবারির ঝলকই যথেষ্ট'। শুধু তাই নয়, বরং এ বিধানকে কেয়ামত পর্যন্ত চলমান একটি বিধান বলে সাব্যস্ত করেছে, আর তা থেকে পিছিয়ে থাকাকে বা এর জন্য যথাযথ শারীরিক প্রস্তুতি গ্রহণ না করাকে -বিশেষ করে যখন তা ফরযে আইন হয়ে যায়- মুনাফিকির লক্ষণ হিসেবে চিহ্নিত করেছে।

জেল, জুলুম ও টর্চারের ফিতনার বিষয়ে আমি বলবো, যদিও এর গুরুত্ব আছে বিশেষ করে প্রাথমিক পর্যায়ে, কিন্তু এর সময়কাল দীর্ঘ হলে আন্দোলন কর্মীদের ঝরে পড়ার সম্ভাবনা থাকে। যেমনটা আগেও আমি বলে এসেছি।

জিহাদের ফিতনার ব্যাপারে বলবো, প্রথমতঃ বড় ফিতনাকে দূর করার জন্যই এর অনুমোদন দেয়া হয়েছে। আল্লাহ তাআলা বলেছেন,

... وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ

তাদের বিরুদ্ধে কিতাল করতে থাকো যে পর্যন্ত না সকল ফিতনার অবসান ঘটে এবং দ্বীন একমাত্র আল্লাহর জন্য হয়ে যায় ...। [সূরা আনফাল : ৩৯]

আর সবচেয়ে বড় ফিতনা হল, জেল জুলুম ও টর্চারের মাধ্যমে দ্বীন থেকে সরিয়ে দেয়ার ফিতনা, যা কিতাল ছাড়া কিছুতেই দূর হবে না।

দ্বিতীয়তঃ কিতালের ফিতনায় বড় বড় মুছিবত ও পরীক্ষা থাকার ফলে তাতে এমন কিছু উঁচু অনুভূতি ও সম্মাননা জায়গা করে নেয় যা ওই ফিতনার প্রভাবকে অন্তর থেকে বহুলাংশে দূর করে দেয়, এমনকি একসময় কিতালের এ দরজা দিয়েই সকল দুশ্চিন্তা ও বিষণ্ণতা বিদায় নেয়।

তৃতীয়তঃ জিহাদের ময়দানে খুব সহজেই কেউ শাহাদাত লাভ করতে পারে, অথচ নির্যাতনের শিকার অধিকাংশ ভাইরাই (জেলখানায় বসে) সেই শাহাদাতের তামান্না প্রতিনিয়ত করতে থাকে। [এ বিষয়ে কথা শুরু করলে শেষ করা যাবে না।] সুতরাং জিহাদের ময়দানে রক্ত, খুলি ও অঙ্গ-প্রত্যঙ্গ উড়ে যাওয়ার মতো ভয়াবহ ফিতনা (পরিস্থিতি) থাকা সত্ত্বেও মানব হৃদয় দীর্ঘদিন পর্যন্ত তা মেনে নিতে পারে, বরং এসবের প্রতি তার আগ্রহ দিন দিন বাড়তে থাকে। পক্ষান্তরে জেলখানার ফিতনা সম্পূর্ণই তার বিপরীত।

তেমনিভাবে বাতিলের আধিপত্যের ফিতনা এবং তার সাথে থাকা কষ্ট-নির্যাতন (যেমন, জেল, টর্চার ইত্যাদি) মানব আত্মার সীমিত কিছু দিকের চিকিৎসা হিসেবে কাজ করে ঠিকই (যেমন, অহংকার দূর হয় এবং আল্লাহর পথের বিনম্র পথিক হওয়ার সময় নফসকে কিভাবে দমিয়ে রাখতে হবে এবং দূর্বল মনোবলকে কিভাবে শক্ত মনোবলে পরিণত করতে হবে তা শিখা হয়), কিন্তু প্রয়োজনের চেয়ে বেশি সময় এ পরিস্থিতি দীর্ঘায়িত হলে ব্যক্তির আত্মমর্যাদাবোধ এক সময় নষ্ট হয়ে যায়। বিশেষত এর পাশাপাশি যখন 'আধিপত্যবাদী বাতিল' গোষ্ঠীর পক্ষ থেকে চরমভাবে অপমানিতও হতে হয়। অপরদিকে যারা হক্বের ধারক-বাহক তাদের পক্ষ থেকে হীন কাপুরুষতা দেখা যায় এবং সহীহ তরিকায় এর প্রতিকার করার ব্যাপারে নেতিবাচক মনোভাব পরিলক্ষিত হয়।

অপরদিকে জিহাদ একজন মুজাহিদের মনের সকল অবস্থার চিকিৎসা করে; আল্লাহর পক্ষ থেকে সাহায্যপ্রাপ্তির সময় মনের অবস্থা, পরাজয়ের সময় মনের অবস্থা, আত্মপ্রসাদের সময় মনের অবস্থা এবং বিজয়ের সময় মনের অবস্থা। মোটকথা, জিহাদ (এই সবগুলো অবস্থায় মুজাহিদের অন্তরে মন্দ যত কিছু আসতে পারে সবগুলোর চিকিৎসা করার মাধ্যমে) একজন পূর্ণাঙ্গ ব্যক্তিত্ব গড়ে তুলে।

এজন্যই তুমি দেখতে পাবে, সাহাবায়ে কেরামের মধ্যে যারা (কাফেরদের হাতে নির্যাতিত হওয়ার ফিতনা এবং জিহাদের ফিতনা) দুটোরই মুখোমুখী হয়েছেন এদের সংখ্যা নেহায়েতই কম। পক্ষান্তরে সাহাবায়ে কেরামের বড় অংশটিই ছিল এমন যারা কেবল জিহাদের ফিতনার মুখোমুখী হয়েছেন। কারণ, শুধু জিহাদের ধাপগুলোই ঈমানসমৃদ্ধ এমন এমন ব্যক্তি ও দল গঠনে যথেষ্ট, যারা পরবর্তীতে অন্যান্য মুমিনদের জান, মাল ও ইজ্জত রক্ষায় দায়িত্ব নিতে সক্ষম।

জিহাদ একটি ফিতনা বা পরীক্ষা ঠিকই তবে এটি এমন এক ফিতনা যে ফিতনার ভিতরেই রয়েছে এর প্রতিষেধক। একদিকে আল্লাহর শত্রুরা তোমাকে ভয় দেখাতে থাকবে, অপরদিকে তারা তোমার ভয়ে ভীত-সন্ত্রস্ত হয়ে থাকবে। তোমার জন্য এ মর্যাদাই যথেষ্ট যে, তুমি সমস্ত বাতিলের গোলামির জিঞ্জির ছিন্ন করে তোমার সৃষ্টিকর্তা ও রিযিকদাতা এক আল্লাহর হুকুমের সামনে মাথানত করে অস্ত্র হাতে নিয়েছো।

সারকথা

কাফের মুশরিকদের আধিপত্যের অধীনে থেকে নির্দিষ্ট একটা সময় পর্যন্ত জেল, জুলুম ও নির্যাতন সহ্য করার পরীক্ষা এবং কুফর শিরকের বিরুদ্ধে জিহাদে ঝাঁপিয়ে পড়ার পরীক্ষা- দুটোই একজন ঈমানদার ব্যক্তি এবং ইসলামি দলের তরবিয়তের জন্য এবং ঈমানের স্তর বৃদ্ধির জন্য জরুরি। তবে জেল জুলুমের পরীক্ষা কামনা করা উচিত নয়, এমন কি যদি আমরা এমন এমন কাজ করি যার পরিণতি নিশ্চিতভাবে এটাই। যেমন, হক কথা সুস্পষ্ট ভাবে বলা। আমরা হক কথা সুস্পষ্ট ভাবে বলতে থাকব, পাশাপাশি আল্লাহর কাছে (সব ধরণের বিপদাপদ থেকে) নিরাপত্তাও কামনা করতে থাকব।

কারো উপর এই পরীক্ষা যদি চলেই আসে তাহলে এর সময়কাল খুব বেশি দীর্ঘ হতে দেয়া উচিত নয়। অন্যদিকে জিহাদ এবং তরবারির ঝলকের পরীক্ষা ও ফিতনার দিকে এগিয়ে যাওয়ার আদেশ দেয়া হয়েছে। আর এটা এমন বিধান যা কেয়ামত পর্যন্ত চলমান থাকবে, সুতরাং দীর্ঘ সময় জিহাদের ময়দানে কাটানোর কারণে কখনোই অন্তরের উপর নেতিবাচক কোনো প্রভাব পড়বে না।

আমরা যখন বলি যে, ‘বাতিলের আধিপত্যের ফিতনা দীর্ঘায়িত হওয়া উচিত নয়’ তখন আমাদের উদ্দেশ্য হয় এ কথা বুঝানো যে, আমাদের বন্দী ভাইদেরকে মুক্ত করার জন্য একটা শক্তিশালী পথ খুঁজে বের করতে হবে, অর্থাৎ আমাদের আন্দোলনের একটা লক্ষ্য থাকবে বন্দি ভাইদের মুক্ত করা।

কাফেরদের নির্যাতন থেকে বাঁচার উপায় হিসেবে- আন্দোলনের নেতৃত্ব পর্যায়ের কেউ তো নয়ই, এমনকি একজন সাধারণ দ্বীনদার মুসলমানও দ্বীনকে গোপন করে বা দ্বীনের মধ্যে পরিবর্তন এনে আত্মরক্ষা করতে বলবে না, যেটা করলে হয়তো বাতিল গোষ্ঠী সন্তুষ্ট হয়ে চাপ প্রয়োগে শিথিলতা করবে।

হ্যাঁ, ক্ষেত্র বিশেষে ব্যক্তি বিশেষের জন্য এটি বৈধ। হযরত আম্মার রাযি. এর ঘটনা থেকে যেমন বুঝা যায়। কিন্তু মক্কী জীবনের (যার পুরোটি ছিল আসলে একটা ব্যতিক্রমী সময়) ব্যতিক্রমী একটি ঘটনার উপর ভর করে যখন পুরো একটা আন্দোলন দাঁড়িয়ে থাকে তখন স্পষ্ট বুঝা যায় যে, সেই আন্দোলনটি একটি ভঙ্গুর আন্দোলন, এই দ্বীনের আমানত বহন করার কোন ক্ষমতাই তার নেই। এ জাতীয় আন্দোলনের নেতৃবৃন্দের জন্য ভালো হবে, আন্দোলনকে ভেঙ্গে দেয়া এবং এর কর্মীদেরকে সব ধরণের বাইয়াহ ও অঙ্গিকার থেকে মুক্ত করে দেয়া, যেন তাদের মধ্যে যারা আন্তরিক ভাবেই আল্লাহর দ্বীনের জন্য কাজ করতে চায় তারা এমন দলকে সাহায্য করতে পারে যারা সুদৃঢ় ভাবে এই দ্বীনের আমানত বহন করার ক্ষমতা রাখে।

এটাই হল মূল বিষয়, যা আমি বুঝাতে চাচ্ছি। মুসলিম বিশ্বে যে সব উলামায়ে কেরাম মুসলমানদের তরবিয়তের কাজ করে যাচ্ছেন তাঁরা এ বিষয়টি নিয়ে চিন্তা করবেন বলে আমি আশা রাখি।

পবিত্র ও সুমহান সেই সত্ত্বা যার শরয়ী বিধিবিধান এবং সৃষ্টি জগতের স্বাভাবিক নিয়মকানুন এক ও অভিন্ন। গোটা বিশ্বজগতের সব কিছু এই দুয়ের সাথে মিল রেখেই চলে। সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহরই জন্য যিনি বিশ্ব জগতের প্রতিপালক।

তৃতীয় প্রবন্ধ

যুদ্ধের অগ্নি পরীক্ষায় মুখোমুখি দু'পক্ষ

... سُلْطَانًا بِهِ يُنَزِّلْ لَمْ مَا بِاللَّهِ أَشْرَكُوا بِمَا الرُّعْبَ كَفَرُوا الَّذِينَ قُلُوبِ فِي سَنُلْقِي

শীঘ্রই আমি কাফেরদের মনে ভীতির সঞ্চার করবো। কারণ, ওরা আল্লাহর সাথে এমন অংশীদার সাব্যস্ত করে, যা সম্পর্কে তিনি কোনো সনদ অবতীর্ণ করেননি। সূরা আলে ইমরান ১৫১

সকল প্রশংসা মহান আল্লাহর জন্য। সালাত ও সালাম বর্ষিত হোক তাঁর রাসূলের উপর, তাঁর পরিবার-পরিজনের উপর, সাহাবাগণের উপর এবং কিয়ামত পর্যন্ত তাঁর অনুসারীগণের উপর।

পর কথা হল, দৃশ্যমান প্রতিটি জিহাদের ভূমিতে প্রায়ই কিছু ঘটনা ঘটে থাকে।

এই আরব উপদ্বীপে একবার এক মুজাহিদ ভাই তাঁর কয়েকজন সাথীসহ তাগুত বাহিনীর বেশ কয়েকটি গাড়ির ঘেরাওয়ে অবরুদ্ধ হয়ে পড়েন। পরে তিনি কোন প্রকার আড়াল ব্যবহার না করেই গাড়ি থেকে বের হয়ে শত্রুবাহিনীর উপর হালকা গুলি বর্ষণ করে সামনে বাড়তে শুরু করলেন। তাঁর এটা জানা ছিলো যে, তাঁর শত্রুরা সংখ্যায় অনেক। তাদের কেউ যদি একটু স্থির হতে পারে এবং গুলি চালায় তাহলে তাকে সহজেই নিশানা বানাতে পারবে। কারণ তিনি কোনো আড়াল ছাড়াই খোলা জায়গায় ছিলেন। কিন্তু তারা ইঁদুরের ন্যায় পালিয়ে যায়।

এখানে যে বিষয়টি আমাদের জন্য গুরুত্বপূর্ণ শিক্ষা তা হলো, তাগুত বাহিনীর যে অংশটি পেছনভাগে ছিল তারা যখন পরিস্থিতি অবলোকন করলো তখন খুব দ্রুত পলায়ন করলো। এমনকি মুজাহিদ ভাই তাদের উপর একটি গুলিও বর্ষণ করেননি। বিষয়টি এখানেই শেষ এমন নয়। এই ভাই সামনে বেড়ে অবশিষ্ট সৈন্য ও অফিসারদেরকে তাঁর হাতে থাকা আসলিহা নিয়ে ধাওয়া দিলেন, অথচ তিনি ছিলেন সম্পূর্ণ খোলা জায়গায়। অপরদিকে তাগুত বাহিনীর কেউ কেউ ছিল গাড়িতে, তাছাড়া সকলেই ছিল বুলেটপ্রুফ জ্যাকেট পরিহিত।

এমন ধারাবাহিক ঘটনা ইতিহাসের পাতায় পাতায় বিদ্যমান। যা বদর থেকে শুরু হয়ে ততদিন পর্যন্ত মুজাহিদীনের সকল রণক্ষেত্রে ধারাবাহিকভাবে ঘটে চলেছে, যতদিন মুজাহিদীন নিয়ত ও লক্ষ্য-উদ্দেশ্য ঠিক করে ঈমানের বলে বলীয়ান ছিলেন এবং যথাসাধ্য উপায়-উপকরণ গ্রহণ করার পর আল্লাহর উপর পূর্ণ ভরসা রেখেছেন।

একজন ভাই বলেন, আফগানিস্তানের খোস্ত শহর বিজয়ের পূর্বে রাশিয়ান সৈন্যরা কোনো এক দূর্গে ঢুকে বসেছিল। মুজাহিদগণ শহরটিকে বেশ দীর্ঘ সময় ঘেরাও করে পূর্বের এক যুদ্ধে গনিমত হিসাবে প্রাপ্ত সাঁজোয়া যানের অপেক্ষায় ছিলেন। উদ্দেশ্য, ওগুলোকে দূর্গে প্রবেশের সময় ব্যবহার করবেন। তাঁদের অবস্থা দেখে মনে হচ্ছিল, তারা যেন মনে মনে ভাবছিলেন, এ সাঁজোয়া যানগুলো এসে গেলে আমরা পরাজিত হবো না। পরবর্তীতে যখন সাঁজোয়া যান এল এবং আক্রমণ শুরু হল তখন (শত্রুপক্ষের) কিছু গোলা এসে এগুলোর ওপর আঘাত হানল। এতে ওই সাঁজোয়া যানগুলো ধ্বংস হয়ে গেল। মুজাহিদগন পলায়ন করলেন এবং বেশ কয়েকজন শহীদও হলেন। এর কিছুক্ষণ পর তাঁরা আবার একত্রিত হয়ে আল্লাহর উপর ভরসা করে পুনরায় দূর্গ ঘেরাও করে আক্রমণ শুরু করলেন। এখন আর তাদের সামনে (রক্ষাকারী হিসাবে) সাঁজোয়া যানের চিন্তা নেই, এমতাবস্থায় তাঁরা শুধু কিছু হালকা অস্ত্র দিয়েই দূর্গ বিজয় করে তাতে প্রবেশ করতে সক্ষম হন। ওই ভাই পাহাড়ের উপর থেকে ঘটনা প্রত্যক্ষ করার জন্য অপেক্ষা করছিলেন। তিনি বলেন, একটু আগে আমি যে সৈন্যদেরকে সাঁজোয়া যান ধ্বংস করতে দেখলাম একটু পর তাদেরকেই নিজেদের হালকা ও ভারী সকল অস্ত্র ফেলে রেখে উর্ধ্বশ্বাসে পালিয়ে যেতে দেখলাম। আর এভাবেই খোস্ত বিজয় হয়।

মুজাহিদগণ (বাহ্যিকভাবে) দূর্বল হওয়া সত্ত্বেও কীভাবে তাদের উপর স্থিরতা আসলো? আর শত্রুদের সৈন্যরা ভাল অবস্থানে থেকেও কেন পলায়ন করলো?

رَسُولِهِ عَلَىٰ سَكِينَتَهُ اللَّهُ أَنزَلَ ثُمَّ ۚ مُدْبِرِينَ وَلَّيْتُم ثُمَّ رَحُبَتْ بِمَا الْأَرْضُ عَلَيْكُمُ وَضَاقَتْ شَيْئًا عَنكُمْ تُغْنِ فَلَمْ كَثْرَتُكُمْ أَعْجَبَتْكُمْ إِذْ حُنَيْنٍ وَيَوْمَ ...
(التوبة الْكَافِرِينَ جَزَاءُ وَذَٰلِكَ كَفَرُوا الَّذِينَ وَعَذَّبَ تَرَوْهَا لَّمْ جُنُودًا وَأَنزَلَ الْمُؤْمِنِينَ وَعَلَى ٢٦ :٢٥-)

... এবং হুনাইনের দিনে, যখন তোমাদের সংখ্যাধিক্য তোমাদেরকে উৎফুল্ল করেছিল, অথচ তা তোমাদের কোন কাজে আসেনি। আর যমীন প্রশস্ত হওয়া সত্ত্বেও তোমাদের উপর সংকীর্ণ হয়ে গিয়েছিল। অতঃপর তোমরা পৃষ্ঠ প্রদর্শন করে পলায়ন করেছিলে। তারপর আল্লাহ তাঁর পক্ষ থেকে প্রশান্তি নাযিল করলেন তাঁর রাসূলের উপর ও মুমিনদের উপর এবং নাযিল করলেন এমন সৈন্যবাহিনী যাদেরকে তোমরা দেখনি, আর কাফিরদেরকে আযাব দিলেন। আর এটা কাফিরদের কর্মফল। [সূরা তাওবা ২৫-২৬]

কোনো কোনো সুহৃদ ব্যক্তি এটাকে মুজাহিদীনের বীরত্ব এবং আল্লাহর শত্রুদের কাপুরুষতা বলতে পারে, যদিও এটি অনেকক্ষেত্রে একটি কারণ বটে, তবে একজন মুজাহিদ নিজেও জানেন যে, এ সকল অবস্থায় তাঁর বীরত্ব আসলে যথেষ্ট নয়। অপরদিকে এমন হয় যে, শত্রুসেনা যারা ইতিপূর্বে মুজাহিদীন ব্যতীত অন্য কারো সাথে যুদ্ধে অংশ গ্রহণ করে তাদের সহজাত বীরত্ব প্রমাণ করেছিলো, তাহলে এরাই যখন মুজাহিদীনের মুখোমুখি হল তখন এমন কী ঘটলো? কেন তারা ভীত-সন্ত্রস্ত হল? কেনইবা একজন মুজাহিদ নিজের ভেতরে তাঁর প্রত্যাশার চেয়েও বহুগুণ বেশি দৃঢ়তা অনুভব করলো? আর কেনইবা শত্রু সৈন্যরা গুলিবর্ষণ করার সময় নিজেদের অঙ্গে পক্ষাঘাত (জড়তা) অনুভব করলো? পৃথিবীবাসীর কাছে এর কোনো ব্যাখ্যা নেই।

একজন গুলিবর্ষণকারী মুজাহিদ যখন আল্লাহর নামে গুলি বর্ষণ করেন এবং এ ব্যাপারে প্রায় নিশ্চিত যে, তাঁর গুলি লক্ষ্যে পৌছাবে না, কিন্তু তিনি নিরুপায় হয়ে গুলি ছোড়েন এবং পরবর্তীতে দেখতে পান যে, গুলি শত্রুর ঠিক লক্ষ্যবস্তুতে আঘাত করেছে, তাহলে এসব কিভাবে ঘটে? কখনো এমন হয় যে, দূরত্ব বেশি হবার কারণে তাত্ত্বিকভাবে অস্ত্রের টার্গেট এত দূরে পৌছানোর কথা নয়, কিন্তু সেখানেও গিয়ে আঘাত হেনে থাকে।

এগুলো কিভাবে ঘটে যে, একবার মুশরিকরা কোনো এক যুদ্ধে বিজয় অর্জন করে এবং অবশিষ্ট মুমিনদেরকে পৃথিবী থেকে মুছে দেয়ার সক্ষমতাও তাদের থাকে, কিন্তু এরপরও আল্লাহ তাদেরকে ফিরিয়ে দেন, [যাতে করে আল্লাহ মুমিনদেরকে পরীক্ষা করে নেন যে, এমন (করুণ) পরিস্থিতি দেখার পরও তাঁরা কি আল্লাহর রাহে দৃঢ়পদ থাকে, নাকি পূর্বের অবস্থায় ফিরে যায়?]

এটা কিভাবে ঘটে যে, মুজাহিদীন যখন নিজেদের সর্বাত্মক চেষ্টা জারি রাখে এবং আল্লাহর শরয়ী বিধান ও মহাজাগতিক নিয়মনীতি বজায় রাখে তখন মুজাহিদীনের কোনো কৃতিত্ব ছাড়াই যুদ্ধের দৃশ্যপট পাল্টে যায়? এমনকি খন্দকের যুদ্ধে 'একটি মাত্র মুহূর্ত' যা খন্দকের (গর্তের) এপাড়ে অবস্থানরত

সাহাবায়ে কেরামের পরিস্থিতির মাঝে পরিবর্তন এনে দিয়েছিল। অথচ (এক মুহূর্ত পূর্বেও) তাদের কেউ এখান থেকে সরে গিয়ে প্রকৃতির ডাকে সাড়া দিবে এমন নিরাপদ বোধ করছিল না। (পরিস্থিতি এতটাই শোচনীয় ছিল যে,) তাদের প্রাণ ছিল ওষ্ঠাগত, কেউ কেউ আল্লাহর ব্যাপারে নানা রকম ধারণা করতে শুরু করেছিল।

সেই শোচনীয় পরিস্থিতি ও আল্লাহর পক্ষ থেকে মুশরিকদের উপর বাতাস প্রেরণের মাঝে কেবল একটি মুহূর্তই ছিল। (সেই এক মুহূর্তের ব্যবধানেই পুরো চিত্র পাল্টে যায়) বাতাস তাদের আগুন নিভিয়ে দেয় এবং হাড়ি-পাতিল উল্টে দেয়। কিন্তু গুরুত্বপূর্ণ বিষয় হলো, মুশরিকদের নেতৃত্ব তাদের সৈন্যদের ব্যাপারে অনুভব করে যে, তাদের যুদ্ধাভিলাষী মনোভাবে ধ্বস নেমেছে, তারা এখানে আর এক মুহুর্তও থাকতে চায় না। ফলে নেতৃবৃন্দ ফিরে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করে এবং সেই বিশাল বাহিনীর পরিস্থিতি পাল্টে যায়। তারা তাদের বিশ্বাসঘাতক মিত্রদের পরিত্যাগ করে। প্রতিকূল পরিস্থিতি আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উক্তি 'এখন থেকে আমরা তাদের বিরুদ্ধে লড়বো, তারা আর লড়তে আসবে না'- এ দু'য়ের মাঝে কেবল একটি মুহূর্তই ছিল, যে মুহূর্তে ভয় তাদের হৃদয়কে গ্রাস করে নেয়। আর এই ভয়ই মুমিনদের জন্য গনিমত হিসেবে দেখা দেয়।

এজন্য আমরা ইরাকের মুজাহিদীনকে সুসংবাদ দেই যে, যতদিন তাঁরা দৃঢ়পদ থাকবেন এ ধারা অপরিবর্তিত থাকবে, সে বিশেষ মুহুর্ত অবশ্যই আসবে, এমনকি তাদের উপর যদি প্রচন্ড ঝাঁকুনি আসে তবুও। বরং এমন প্রকম্পমান অবস্থায়ই এ অবস্থা এসে থাকে। মুমিনগণ যখন তাদের অন্তরের গভীর থেকে বলতে থাকে 'আল্লাহ ও তাঁর রাসূল আমাদের যে ওয়াদা দিয়েছেন এটি তো সেই ওয়াদাই। আর আল্লাহ ও তাঁর রাসূল সত্যই বলেছেন'।

মুজাহিদীনের পূর্ববর্তী অপারেশনগুলোর মতো অনেক কিছুই শত্রুদের এমন পলায়নের সিদ্ধান্তের পেছনে কারণ হয়ে থাকতে পারে। যেমন আমেরিকানদেরকে জবাই করা, আবু গারিব এর মতো নতুন কোনো লজ্জাজনক অবস্থা, অথবা ফালুজাতে যেমনটি ঘটেছিল তার মতো নতুন কোন অলৌকিক দৃষ্টান্ত। আল্লাহ তা'আলা ফালুজাকে সম্মানিত করুন, যেখানে বিশ্বের সবচেয়ে উন্নত ও ধ্বংসাত্মক অস্ত্রসজ্জিত বড় সেনাবাহিনী নিয়ে ছোট এই শহরটিকে ঘেরাও করেছিলো আর মুজাহিদীন হালকা কিছু অস্ত্র হাতে এর মোকাবেলা করতে দাঁড়িয়ে যায়, তাদের হালকা অস্ত্রগুলো শত্রুর হালকা অস্ত্রের সাথে তুলনাও করা চলে না। হে ইরাকি মুজাহিদীন! এটাই সেই বিশেষ মুহুর্ত। বিইযনিল্লাহ! শুধুমাত্র একটু দৃঢ়পদ থাকাটাই মূল। এটি যখন এসে যায় তখন এ অপার করুণা ও নেয়ামতের শুকরিয়া জ্ঞাপনের জন্য প্রস্তুত হোন এবং এজন্য ধন্য হোন যে, এখন আর বিশ্রাম নেয়ার সময় নেই। এমনকি এখন সে দূর্গে প্রবেশের পরই কেবল সালাত আদায় করা হবে।

আর এটা নিশ্চিত জেনে রাখুন যে, তাদের প্রভু আমেরিকা যখন সৈন্য প্রত্যাহার করবে তখন তাদের অন্তরে বর্ণনাতীত ভীতি সঞ্চারিত হবে। তারপর তাদের ও তাদের এজেন্ট সরকারের মন্ত্রীদের সাথে এবং সৈন্যদের সাথে এমন আচরণ করতে হবে যেমনটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বনূ কুরাইযাহ এর সাথে করেছিলেন। তখন কেবল সা'দ বিন মু'আয রাযি.র রায়-ই গ্রহণ করবে। সেটা কতই না উত্তম রায় ছিল!

এসময় যারা বলবে যে, আমেরিকা এবং তার মিত্ররা ফিরে যাবে না অথবা বলে যে, তারা আবারও ফিরে আসবে' এমন ব্যক্তিদের কথায় ভ্রুক্ষেপ করবেন না। এরা তো তারাই যারা ইতিপূর্বে আপনাদেরকে পরিত্যাগ করে চুপচাপ আপনাদের অবস্থা অবলোকন করছিলো।

قَلِيلًا إِلَّا قَاتَلُوا مَّا فِيكُم كَانُوا وَلَوْ أَنبَائِكُمْ عَنْ يَسْأَلُونَ الْأَعْرَابِ فِي بَادُونَ أَنَّهُم لَوْ يَوَدُّوا الْأَحْزَابُ يَأْتِ وَإِن يَذْهَبُوا لَمْ الْأَحْزَابَ يَحْسَبُونَ
الأحزاب﴾: ﴿٢٠

তারা মনে করে, সম্মিলিত বাহিনী চলে যায়নি। তবে সম্মিলিত বাহিনী যদি এসে পড়ে তখন তারা কামনা করবে যে, নিশ্চয় যদি তারা মরুবাসী বেদুঈনদের মধ্যে অবস্থান করে তোমাদের খবর জিজ্ঞাসা করতে পারত (তবে ভালই হত)! আর যদি এরা তোমাদের মধ্যে থাকত তাহলে তারা অল্পই যুদ্ধ করত। সূরা আহযাব-২০

সুতরাং এমন পরিস্থিতিতে এ ধরনের সম্মিলিত বাহিনী যখন চলে যায় তখন আর ফিরে আসে না। নিশ্চিত বিশ্বাস করুন!

আল্লাহর কাছে কামনা করি এমন সময়ে আল্লাহ যেন আপনাদের উপর অনুগ্রহ করেন। এ সকল বিশ্বাসঘাতকদের উপর এবং তাদের সহায়তাকারী প্রতিবেশী সেসব রাষ্ট্রের উপর যেন আপনাদেরকে সক্ষমতা দান করেন।

আমি বলি, আল্লাহর ইচ্ছায় এ ধরনের পরিস্থিতি যে অচিরেই ঘটতে যাচ্ছে এর যথেষ্ট ধারাবাহিক প্রমাণ রয়েছে। সেখানে আমরা তাদের সৈন্যদের চিৎকার-চেচামেচি ও কান্নাকাটি শুনতে পাই। এমনকি যুদ্ধের শব্দের চেয়ে তাদের কান্নার শব্দ বেশি উচ্চ হয়ে থাকে। আর তাদের বোকামির আরো দিক হল··· এমনকি মুজাহিদীন তাদেরকে একই জায়গা থেকে অসংখ্যবার আঘাত হেনে থাকেন।

আর তাদের ভয়, উৎকণ্ঠা ও আত্মকেন্দ্রিকতার ব্যাপারে মুজাহিদ ভাইগণ বলেন, তাদের সামরিক বহরে কোনো একটি গাড়িতে যখন হামলা হয় তখন সেখান থেকে বেঁচে যাওয়া ব্যক্তি অন্যদের ভাগ্যে কি ঘটলো তা দেখা ছাড়াই পালিয়ে যায়। আমার তো এ ব্যাপারে কোনো সন্দেহ নেই যে, এই সৈনিকরা তাদের বাড়ি থেকে আসার সময় সাহসী ও বুদ্ধিমান হিসাবেই এসেছিল, আর সে মুজাহিদীনের সাথে লড়ার সময় ব্যাপক লড়াই করবে বলেই ধারনা করতো।[24]

এত কিছুর পর আমরা কি এটাই বুঝে নেবো না যে, আল্লাহই এ সব কিছু তাঁর ইচ্ছামত পরিবর্তন করে দেন, যার হাতে সকল বান্দার অন্তর এবং তাদের সকল কিছুর নিয়ন্ত্রণ রয়েছে। তিনি তাদের চক্ষুকে অন্ধ করে দেন, তাদের হাতগুলোকে অসাড় করে দেন, তাদের ক্ষেপনাস্ত্রগুলোকে ব্যর্থ করে দেন। আর তিনি মুমিনগণকে সুরক্ষা দান করেন এবং মুমিনদের পক্ষ থেকে প্রতিরোধ করে থাকেন। সুতরাং শত্রুপক্ষের জন্য এ পরিস্থিতিতে কিইবা করার থাকে? বরং আল্লাহ যদি চান তবে তাদের অন্তরসমূহকেও মুমিনদের প্রতি সহানুভূতিশীল করে দিতে পারেন। এমনিভাবে আমরা ইরাকে বিভিন্ন অলৌকিক ঘটনা দেখেছি এবং শুনেছি যে, বিশাল বিশাল মাকড়সা এসে আমেরিকা ও তার জোটের সৈন্যদের উপর আক্রমণ করে ভীতি ছড়িয়েছে। মশার কামড়ে তাদের চামড়াগুলো ফুলে উঠে খসে পড়েছে এবং এর কোনো চিকিৎসা তারা করতে পারেনি। কুফফারদের পত্র-পত্রিকায় এমন কিছু ঘটনাও বর্ণিত হয়েছে যে, (তাদের ভাষায়) ভূত-প্রেতের মত কিছু বাহিনী মুজাহিদীনের সাথে থেকে যুদ্ধ করেছে, যাদের উপর আমেরিকান উন্নত অস্ত্রগুলো কোনো আঘাত করতে পারছিল না। এসবই আল্লাহর অনুগ্রহ এবং সকল প্রশংসা তারই প্রাপ্য।

যারা পশ্চিমা নিউজ রিপোর্ট এবং চ্যানেলসমূহে সবিস্তারে প্রচারিত এসব ঘটনাবলীতে চোখ রাখে এবং এগুলো অনুসরণ করে তারা পশ্চিমা সমাজে এবং তাদের সৈন্যদের উপর এসব ঘটনাবলীর প্রভাব প্রত্যক্ষ করবে। এসব অলৌকিক ঘটনাবলী এবং ইতিপূর্বের নিউইয়র্ক, ওয়াশিংটন হামলা ও এতদুভয়ের মধ্যবর্তী সময়ে সংঘটিত বিভিন্ন বিস্ময়কর ঘটনাবলীর সংবাদ কুফফারদের প্রতিটি ঘরে আজ প্রবাহমান। এমন একটি ঘরও নেই যেখানে এসব সংবাদ পৌঁছেনি। যার ফলে বর্তমান সময়ে আল্লাহর ইচ্ছায় মুমিনদের জন্য জিহাদের এক অনন্য ধাপের পথ তৈরি হচ্ছে। সে ধাপে এসে শত্রু নিশ্চিতভাবে টের পাবে যে, সে আল্লাহর বিরুদ্ধে লড়াই করছে। তখন আসলি কুফফার ও মুরতাদ বাহিনীর যেসব যুবক ও সৈনিকদের মাঝে ভালো কিছু আছে এবং সঠিক বুদ্ধি-বিবেচনা আছে এমন কাউকে মুজাহিদীনের কাফেলায় যোগ দিতে দেখলে তুমি আশ্চর্য হয়ো না। আমরা কীভাবে আশ্চর্য হতে পারি অথচ ইতিহাসের বিভিন্ন গ্রন্থ থেকে আমরা জানতে পারি যে, ক্রুসেডার বাহীনির বহু সংখ্যক নেতৃবর্গ এসব অলৌকিক ঘটনা প্রত্যক্ষ করার পর সালাহুদ্দিন আইয়ুবী রহ. এর বাহিনীতে যোগদান করেছে।

এই যে হযরত খালিদ বিন ওয়ালিদ রাযি., যিনি তখনও কুফফার বাহিনীর বড় কমান্ডার ছিলেন, গাযওয়াতুল আহযাবের পর মদীনার দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে আরেক কমান্ডার 'আমর ইবনুল আস' রাযি. এর সাথে সাক্ষাৎ হয়, যিনি নিজেও একই দিকে যাচ্ছিলেন। তখন আমর ইবনুল আস খালিদ বিন ওয়ালিদকে জিজ্ঞেস করলেন- কোথায় চলেছ? উত্তরে খালিদ বিন ওয়ালিদ বললেন, 'ইতিমধ্যেই আলামত স্পষ্ট, রাস্তা পরিস্কার। আমরা তাদের (মুসলিমদের) যেসব বিষয় দেখেছি, তাদের প্রতি আল্লাহর সাহায্য, তাদের ধৈর্য্য যা আমরা প্রত্যক্ষ করেছি– এগুলো এমনই স্পষ্ট নিদর্শন যা প্রমাণ করে যে, তারাই মহাবিশ্বের সৃষ্টিকর্তা মহান আল্লাহর প্রকৃত দ্বীনের ধারক-বাহক।

আমার ভাই! তুমি কখনোই আশ্চর্য হয়ো না, কেননা আমাদের দাওয়া ও জিহাদী তরীকার এগুলোই হচ্ছে বৈশিষ্ট্য, লক্ষ্য এবং দলীল। দেখা যায়, দ্বীনের একেবারে বড় থেকে বড় শত্রু আল্লাহর কুদরতে কয়েক মুহূর্তেই এমন নিষ্ঠাবান অনুগত বান্দায় রূপান্তরিত হয় যে, তারা আল্লাহর রাস্তায় তাদের জীবন বিলিয়ে দিয়ে ইসলামী আন্দোলনের এমন হাজারো-লাখো নিষ্প্রাণ ধার্মিক যুবকদের চেয়ে আগে জান্নাতের দিকে ছুটে চলে যারা বহু বছর মুসলিমদের মাঝে পেছনে পড়ে থাকা বেদুঈনদের মতো জীবন যাপন করে। আল্লাহর কাছে আমাদের সকলের জন্য এমন অবস্থা থেকে ক্ষমা, পরিত্রাণ ও অনুগ্রহ কামনা করি।

তুমি আশ্চর্য হয়ো না হে আমার ভাই, কারণ, উহুদের যুদ্ধে কাফিররা যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চেহারায় আঘাত করে রক্তাক্ত করে দিয়েছিল তখন তিনি বলেছিলেন, 'এমন জাতি কখনোই সফল হবে না যারা তাদের নবীকে রক্তাক্ত করে' তখন আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা আয়াত নাযিল করেন যা কিয়ামত পর্যন্ত পঠিত হতে থাকবে,

ظَالِمُونَ فَإِنَّهُمْ يُعَذِّبَهُمْ أَوْ عَلَيْهِمْ يَتُوبَ أَوْ شَيْءٌ الْأَمْرِ مِنَ لَكَ لَيْسَ

এ ব্যাপারে আপনার কোনও ইখতিয়ার নেই, হয় আল্লাহ তাদের ক্ষমা করবেন কিংবা আযাব দেবেন, কারণ তারা জালেম। সূরা আলে-ইমরান ১২৮

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা আরও বলেনঃ

الْحَرِيقِ عَذَابُ وَلَهُمْ جَهَنَّمَ عَذَابُ فَلَهُمْ يَتُوبُوا لَمْ ثُمَّ وَالْمُؤْمِنَاتِ الْمُؤْمِنِينَ فَتَنُوا الَّذِينَ إِنَّ

যারা মুমিন পুরুষ ও নারীদেরকে নিপীড়ন করেছে, অতঃপর তওবা করেনি, তাদের জন্যে আছে জাহান্নামের শাস্তি, আর আছে দহন যন্ত্রণা। সুরা বুরুজ-১০

ইয়া আল্লাহ! (কতইনা আশ্চর্য আল্লাহর মহিমা) মুমিনদেরকে নির্যাতন করার পরও তাদের জন্য তাওবা করে নতুন জীবন লাভ করার সুযোগ রয়েছে।

মুজাহিদগণ বাড়িঘর, পার্থিব সুযোগ-সুবিধা, দুনিয়াবী স্বার্থ বিসর্জন দিয়ে হিজরত ও জিহাদের মাধ্যমে, রক্ত ঝরানোর মাধ্যমে, নিজেদের জীবন উৎসর্গ করার মাধ্যমে যুগ যুগ ধরে যেসব আমল পেশ করেছেন এবং যেসব ভয়ঙ্কর পরিস্থিতি মোকাবেলা করেছেন এগুলো কখনোই বিফলে যাবে না। কিছুকাল পর হলেও এর প্রতিক্রিয়া প্রকাশ পাবেই।

এই যে হযরত ইকরামা ইবনে আবু জাহল রাযি. ও হযরত সুফিয়ান ইবনে হারব রাযি., তারা ইসলাম গ্রহণের পর পরই একে অপরকে বলছিলেন, লোকেরা আমাদের চেয়ে অনেক আগে বেড়ে গেছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথীদেরকে নির্যাতন করা হয়েছে, হত্যা করা হয়েছে। তাঁরা ঘরবাড়ি, পরিবার-পরিজন ছেড়ে হিজরত করেছে। নিজেদের জান-মাল উৎসর্গ করে বড় বড় কোরবানি পেশ করেছে, সে হিসেবে আমাদের অবস্থান কোথায়? অপরজন জবাব দিয়েছিলেন এভাবে, চল, আমরাও কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করি, এতে করে আশা করা যায় আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা আমাদেরকেও শাহাদাত দান করবেন, তারপর ক্ষমা করে দিবেন এবং আমাদের মর্যাদা বৃদ্ধি করে দিবেন।

সুবহানাল্লাহ! মুমিন-মুজাহদীন ভয়-ভীতির মুখোমুখি হয়ে যে ত্যাগ দিয়ে যাচ্ছেন, ইসলামের ভবিষ্যৎ প্রজন্মের উপর এর ফলাফল পরিলক্ষিত হবে ইনশাআল্লাহ। এর আরও একটি ফল রয়েছে তা হল, আল্লাহ তাদেরকে এমন অবস্থায় পতিত করবেন যে, শত্রুরা অপরাধের এমন ধাপে পৌঁছে যাবে যা তাদেরকে আল্লাহর কঠিন আযাবে নিপতিত করার পরিপূর্ণ যোগ্য করে তুলবে যা হ্রাস করা হবে না।

সাম্প্রতিককালে রাশিয়া তার হেলিকপ্টারগুলো দিয়ে আফগানের এমন গ্রামগুলোতে অবতরণ করে যার পুরুষরা পাহাড়ে যুদ্ধরত ছিলো। তারা সে গ্রামে শুধু বৃদ্ধ, নারী ও শিশুদেরকে পেয়ে শিশু ও বৃদ্ধদেরকে হত্যা করে নারীদেরকে হেলিকপ্টারে করে তুলে নিয়ে মহিলাদেরকে উলঙ্গ করে হেলিকপ্টার থেকে জীবন্ত ফেলে দেয়। মুজাহিদগণ ফিরে এসে এ অবস্থা দেখে নিজেদের পোষাক খুলে তাদের মা-বোন আর স্ত্রীদেরকে ঢেকে দিয়ে রাশিয়ানদের বিরুদ্ধে আল্লাহর দরবারে বদ দু'আর হাত উত্তোলন করেন। এর অল্পকিছুকাল পরেই আল্লাহ চের্নোবিল বিপর্যয়ের মাধ্যমে তাদের অসংখ্যকে ধ্বংস করে দেন এবং পরবর্তীতে আল্লাহ তাআলা মুজাহিদদেরকে বিজয় দান করেন আর এটিই ছিল সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে টুকরো টুকরো হওয়ার অন্যতম কারণ। তাদের বাহিনীর অনেকেই পরে তাওবা করে তাজিকিস্তান, চেচনিয়া ও আবখাযিয়ায় এমনকি রাশিয়ার অভ্যন্তরে বিদ্যমান জিহাদি কাফেলায় শরিক হয়েছেন। চেচেন বংশোদ্ভুত গওহর দোদায়েভের মতো রাশিয়ান জেনারেলকে আমরা বিশ্বের সবচেয়ে দূর্ধর্ষ ও ভয়ংকর বাহিনীর বিরুদ্ধে জিহাদে নেতৃত্ব দিতে দেখেছি। তিনি তাঁর বাহ্যিক পদমর্যাদা ও অবস্থান ছুড়ে দিতে একটুও দ্বিধা করেননি। এ ধরনের ব্যক্তিগণ কীভাবে আসলেন? এটা কি বিশ্বের সর্ববৃহৎ অস্ত্রভান্ডারের অধিকারী কুফফারদের সামনে সবরকারীদের দৃঢ়তা ও অবিচলতা, আল্লাহর নিদর্শন এবং কথিত পরাশক্তিগুলোর বাস্তবতা প্রত্যক্ষ করার কারণে নয়?

হ্যাঁ, সাম্প্রতিক বছরগুলোতে ঘটে যাওয়া ঘটনাগুলোর আরও বিভিন্ন দিকও রয়েছে। তন্মধ্যে একটি হলো, আল্লাহ মুমিনদেরকে পবিত্র করতে চান, মানুষের কাছে তাদের দৃঢ়তা ও ঈমানের সত্যতা প্রকাশ করতে চান এবং কাফিরদেরকে ধ্বংস করতে চান। আর তাদেরই মধ্য হতে যাকে ইচ্ছা ক্ষমা করে আমাদেরকে এমনকিছু নিদর্শন ও প্রমাণ দেখিয়ে দিতে চান যে, বান্দার অন্তর এবং বান্দার পূর্ণ নিয়ন্ত্রণ একমাত্র তাঁর হাতেই।

নিশ্চয় আল্লাহর ইচ্ছায় এমন হারে দৃশ্যপট পাল্টে যাবে যে, মানুষের বিবেক তা বিশ্বাসও করতে পারবে না। শত্রুদের সৈন্যরা আমাদের সামনে থেকে পলায়ন করবে, আর কখনো আমাদের মুখোমুখি হতে চাইবে না। বরং অচিরেই আমরা দেখবো যে, আল্লাহর ইচ্ছায় তাদের মাঝে থাকা ভালো মনের মানুষগুলো আমাদের সাথে এসে মিলিত হবে, যদি আল্লাহ তাআলা আমাদেরকে যে জ্ঞান শিক্ষা দিয়েছেন এর মাধ্যমে আমরা তাদের অন্তর ও বিবেকের দ্বার খুলে দেবার চাবিকাঠি অর্জন করতে পারি।

আমরা যে পরিস্থিতি বা যে ধাপের দ্বারপ্রান্তে পৌঁছাতে চাই এর জন্য আমাদের উচিত এর প্রাথমিক ধাপগুলোতে আল্লাহর বিধি-নিষেধ অব্যাহতভাবে মেনে যাওয়া। সহীহ মুসলিমে এক হাদীসে কুদসীতে এসেছে, আমি আমার বান্দাদেরকে 'দ্বীনে হানীফ' তথা শিরক মুক্ত একনিষ্ঠ ধর্মের উপর সৃষ্টি করেছি। আর শয়তান তাদের কাছে এসে প্ররোচনা দিয়ে তাদের দ্বীন থেকে দূরে সরিয়ে নিয়ে যায় এবং তাদের জন্য যা হালাল করা হয়েছে তা সে হারাম হিসাবে সাব্যস্ত করে এবং আমার সাথে এমন এমন জিনিসকে শিরক করতে আদেশ করে যেসবের ব্যাপারে আমি কোনো প্রমাণ নাযিল করিনি।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একই হাদিসে বলেন, আল্লাহ আমাকে আদেশ দিয়েছেন কুরাইশদেরকে জ্বালিয়ে দিতে, তখন আমি বললাম, ইয়া রব! এমতাবস্থায় তারা আমার মাথা চুর্ণ করে রুটির মত বানিয়ে ফেলবে। তিনি যেন এটা বলতে চাচ্ছেন যে, হে রব, আমি দূর্বল, আমার আশপাশের লোকজন এদেরকে প্রতিরোধ করার ক্ষমতা রাখে না। তখন আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা বলেন, তারা যেমন আপনাকে বের করে দিয়েছে তেমনি আপনি তাদেরকে বের করে দিন, তাদের বিরুদ্ধে যুদ্ধ করুন, আমি আপনাকে সাহায্য করবো। আপনি আল্লাহর রাস্তায় ব্যয় করুন, আমিও আপনার জন্য ব্যয় করবো। আপনি বাহিনী প্রেরণ করুন, আমি এর পাঁচগুণ প্রেরণ করবো। আপনার অনুগতদেরকে সাথে নিয়ে আপনার বিরোধীদের বিরুদ্ধে যুদ্ধ করুন।

সে পর্যায়ে বা তার কাছাকাছি পর্যায়ে পৌঁছা পর্যন্ত আমাদের যে শর্ত ও পদ্ধতি অনুসরণ করা উচিত তা হলো, কাফিরদের মধ্যে বিভ্রান্তির শিকার এমন দলগুলোকে ফিতরাতের দিকে ফিরিয়ে নিয়ে আসা, যেখান থেকে শয়তান তাদেরকে প্ররোচিত করে দূরে সরিয়ে নিয়ে গেছে। দূরে সরিয়ে বিভিন্ন সন্দেহ, অস্পষ্টতা ও প্রবৃত্তির পূজায় লিপ্ত করেছে। এমনকি বিশ্বপ্রকৃতি ও নিজেদের দেহসত্ত্বায় থাকা আল্লাহর নিদর্শনগুলো দেখা থেকে বিরত রেখেছে।

আমি বলবো, তরীকা হলো, আমরা কাফেরদের গ্রামে-গঞ্জে, শহরে 'জ্বালাও-পোড়াও নীতি' অনুসারে কাজ করবো এবং আল্লাহর অনুগত বান্দাদের সাথে নিয়ে আল্লাহর অবাধ্যদের বিরুদ্ধে যুদ্ধ করবো, অতঃপর হয়তো আল্লাহ তাআলা এর মাধ্যমে তাদেরকে ধ্বংস করবেন এবং বিশ্ব ও বিশ্ব মানবতাকে তাদের থেকে মুক্তি দিবেন অথবা তাদের হেদায়াতের জন্য তাঁর নিদর্শন ও দলিল-প্রমাণ তাদের সামনে প্রস্ফুটিত করবেন। এটিই আমাদের কাছে বেশি পছন্দনীয়, যেমনটি কুরাইশদের সাথে ঘটেছে।

আল্লাহর নিদর্শনাবলী পরিপূর্ণভাবে ততক্ষণ প্রকাশিত হবে না যতক্ষণ না মুমিনদেরকে আমরা উত্তপ্ত রণময়দানে প্রেরণ করবো। আল্লাহ তাআলা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে লক্ষ্য করে বলেছেন, আপনি তাদের বিরুদ্ধে যুদ্ধ করুন আমি আপনার পক্ষে যুদ্ধ করবো। আপনি আল্লাহর রাস্তায় ব্যয় করুন, আমিও আপনার জন্য ব্যয় করবো। আপনি বাহিনী প্রেরণ করুন, আমি এর পাঁচগুণ প্রেরণ করবো। আপনার অনুগতদেরকে সাথে নিয়ে আপনার বিরোধীদের বিরুদ্ধে যুদ্ধ করুন।

এ ক্ষেত্রে যে কোনো প্রকারের শিথিলতা, পশ্চাদগামীতা, দ্বিধাগ্রস্ততা কিংবা যুবকদেরকে ফরজ জিহাদ থেকে বাধা প্রদান করা, এসব কারণে শত্রুর পাঁচগুণ ফেরেশতা পাঠিয়ে আল্লাহর কুদরতের নিদর্শনাবলী প্রকাশ পাওয়ার বিষয়টিতে (সমস্যাগুলোর স্তরভেদে) ঘাটতি তৈরি হবে।

প্রচলিত দাওয়া পদ্ধতি কখনোই কাঙ্ক্ষিত ফলাফল বয়ে আনবে না যদি না এর সাথে যুক্ত হয় এমন নিদর্শনাবলী ও সমসাময়িক মানব দৃষ্টান্ত যা মুমিনদেরকে দৃঢ়পদ রাখবে ও কুফফারদের দৃষ্টি আকর্ষণ করবে। আবার সেসব নিদর্শন কখনোই প্রকাশ পাবে না যতক্ষণ না আমাদের দাওয়া পদ্ধতি সাহাবায়ে কেরামের মানহাজ ও রীতি অনুযায়ী হবে, যেই মানহাজের উপর ভিত্তি করে তাদের বেশিরভাগ আমল ছিল। আর তা হলো জিহাদ ফী সাবীলিল্লাহ।

সাহাবীদের মাঝে কিছু প্রসিদ্ধ দাঈ হলেন হযরত মুসআব বিন উমাইর রাযি., মুআয বিন জাবাল রাযি. ও প্রমুখ ক্বারী সাহাবীগণ। সাহাবীদের অধিকাংশই ছিলেন দাঈ, পাশাপাশি যোদ্ধা। বরং যারা দাওয়া'র ক্ষেত্রে বিশেষ মর্যাদা লাভ করেছিলেন তারা ছিলেন যোদ্ধা এবং শহীদ।

এ প্রবন্ধে যা বলতে চেয়েছি

আমরা একটি বৃহৎ যুদ্ধক্ষেত্রে রয়েছি, যেখানে আমরা শত্রুদের অপেক্ষায় ওঁৎ পেতে আছি এবং শত্রুরাও আমাদের অপেক্ষায় ওঁৎ পেতে আছে। আবার এ বৃহৎ যুদ্ধক্ষেত্রের ভিতরে রয়েছে ছোট ছোট অনেক যুদ্ধক্ষেত্র। এসব যুদ্ধক্ষেত্রে যখন বিকট শব্দে বোমা বিস্ফোরিত হয় আর মুহুর্মুহু শব্দে গুলিবর্ষণ হয় এবং মৃত্যু যখন একেবারে মাথার সন্নিকটে এসে পড়ে, তখন চোখ থেকে আবরণ সরে যায়, চোখের পর্দা খুলে যায়। তখন যে তাঁর রবের সাক্ষাৎ কামনা করে সে কোনো কিছুরই পরোয়া করে না, তার অবস্থাই যেন তখন বলতে থাকে, মারহাবা! এই ভয়াবহতাকে মারহাবা! যদি এর মাঝেই নিহিত থাকে তোমার সন্তুষ্টি হে আমার মাওলা!

অপরদিকে যে ব্যক্তি তার রবের সাক্ষাৎ কামনা করে না, তার জন্য সেই মুহুর্তটি বাস্তবতাকে উপলব্ধি করার চূড়ান্ত মুহুর্ত, হয়তো সে ধ্বংস হবে কিংবা আল্লাহ তাকে মুক্তি দিবেন। তখন আমাদের উচিত পরিস্থিতির প্রভাব তার দেহ ও মন থেকে শীতল হয়ে যাওয়ার পূর্বেই তার অবস্থাকে কাজে লাগানো। সম্ভবত তার মস্তিষ্কে এর প্রভাব দীর্ঘকাল পর্যন্ত স্থায়ী হয়। বড় বড় যুদ্ধ পরিস্থিতির মধ্য দিয়ে আমরা বিশ্বজুড়ে উত্তপ্ত পরিবেশ-পরিস্থিতির সম্মুখীন। এসব বড় বড় যুদ্ধের পর এবং ছোট ছোট অপারেশনের পর অবশ্যই আমাদের বক্তব্যগুলো বিশ্ববাসীর সামনে তুলে ধরতে হবে, যেন তারা সংঘাতের বাস্তবতা বিবেচনা করতে পারে। আমরা বিশ্বাস করি, যদি আমরা যুদ্ধের দাবানলকে ছড়িয়ে দিতে পারি এবং যুদ্ধের মাঝেই আমাদের বক্তব্যকে সঠিকভাবে তুলে ধরতে পারি (সাথে সাথেই হোক বা কিছু পরে), তাহলে আমরা নিশ্চিত যে, পরিস্থিতি কল্পনাতীত ভাবে পাল্টে যাবে। এগুলো স্বপ্নদৃষ্ট কল্পনা নয়, বরং যুগ যুগ ধরে এসব ঘটনার পুনরাবৃত্তি ঘটেছে। মুমিনদের এমন যে কোনো দলের সাথেই তা ঘটেছে যে দলটি আল্লাহর ওয়াদার উপর স্থির বিশ্বাস রেখেছে এবং আপন রবের কাছে মাগফিরাত ও দৃঢ়তা কামনা করেছে।

আল্লাহর কাছে কামনা করি, তিনি যেন আমাদের তাওবা কবুল করেন, আমাদের ভুল-ত্রুটি ক্ষমা করেন, আমাদেরকে দৃঢ়পদ রাখেন, কাফিরদের বিরুদ্ধে আমাদেরকে বিজয় দান করেন এবং এ উম্মতের জন্য এমন হেদায়েতের পথ রচনা করে দেন যা তাঁর অনুগত বান্দাদেরকে সম্মানিত করবে এবং অবাধ্যদেরকে অপমানিত করবে এবং যে পথে সৎ কাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ করা যাবে। তিনিই এর উপযুক্ত ও এর উপর ক্ষমতাবান। সকল প্রশংসা তারই।

চতুর্থ প্রবন্ধ

প্রকৃতির স্বাভাবিক নীতিঃ যা মুমিন, কাফের উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য

إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ ۝ الَّذِينَ إِن مَّكَّنَّاهُمْ فِي الْأَرْضِ أَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ وَأَمَرُوا بِالْمَعْرُوفِ وَنَهَوْا عَنِ الْمُنكَرِ ۗ وَلِلَّهِ عَاقِبَةُ الْأُمُورِ ۝ وَإِن يُكَذِّبُوكَ فَقَدْ كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوحٍ وَعَادٌ وَثَمُودُ ۝ وَقَوْمُ إِبْرَاهِيمَ وَقَوْمُ لُوطٍ ۝ وَأَصْحَابُ مَدْيَنَ ۖ وَكُذِّبَ مُوسَىٰ ۖ فَأَمْلَيْتُ لِلْكَافِرِينَ ثُمَّ أَخَذْتُهُمْ ۖ فَكَيْفَ كَانَ نَكِيرِ ۝ فَكَأَيِّن مِّن قَرْيَةٍ أَهْلَكْنَاهَا وَهِيَ ظَالِمَةٌ فَهِيَ خَاوِيَةٌ عَلَىٰ عُرُوشِهَا وَبِئْرٍ مُّعَطَّلَةٍ وَقَصْرٍ مَّشِيدٍ ۝ أَفَلَمْ يَسِيرُوا فِي الْأَرْضِ فَتَكُونَ لَهُمْ قُلُوبٌ يَعْقِلُونَ بِهَا أَوْ آذَانٌ يَسْمَعُونَ بِهَا ۖ فَإِنَّهَا لَا تَعْمَى الْأَبْصَارُ وَلَٰكِن تَعْمَى الْقُلُوبُ الَّتِي فِي الصُّدُورِ ۝ وَيَسْتَعْجِلُونَكَ بِالْعَذَابِ وَلَن يُخْلِفَ اللَّهُ وَعْدَهُ ۚ وَإِنَّ يَوْمًا عِندَ رَبِّكَ كَأَلْفِ سَنَةٍ مِّمَّا تَعُدُّونَ ۝ وَكَأَيِّن مِّن قَرْيَةٍ أَمْلَيْتُ لَهَا وَهِيَ ظَالِمَةٌ ثُمَّ أَخَذْتُهَا وَإِلَيَّ الْمَصِيرُ ۝ قُلْ يَا أَيُّهَا النَّاسُ إِنَّمَا أَنَا لَكُمْ نَذِيرٌ مُّبِينٌ ۝ فَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُم مَّغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ ۝ وَالَّذِينَ سَعَوْا فِي آيَاتِنَا مُعَاجِزِينَ أُولَٰئِكَ أَصْحَابُ الْجَحِيمِ ۝ وَمَا أَرْسَلْنَا مِن قَبْلِكَ مِن رَّسُولٍ وَلَا نَبِيٍّ إِلَّا إِذَا تَمَنَّىٰ أَلْقَى الشَّيْطَانُ فِي أُمْنِيَّتِهِ فَيَنسَخُ اللَّهُ مَا يُلْقِي الشَّيْطَانُ ثُمَّ يُحْكِمُ اللَّهُ آيَاتِهِ ۗ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ۝ لِّيَجْعَلَ مَا يُلْقِي الشَّيْطَانُ فِتْنَةً لِّلَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ وَالْقَاسِيَةِ قُلُوبُهُمْ ۗ وَإِنَّ الظَّالِمِينَ لَفِي شِقَاقٍ بَعِيدٍ ۝ وَلِيَعْلَمَ الَّذِينَ أُوتُوا الْعِلْمَ أَنَّهُ الْحَقُّ مِن رَّبِّكَ فَيُؤْمِنُوا بِهِ فَتُخْبِتَ لَهُ قُلُوبُهُمْ ۗ وَإِنَّ اللَّهَ لَهَادِ الَّذِينَ آمَنُوا إِلَىٰ صِرَاطٍ مُّسْتَقِيمٍ ۝ وَلَا يَزَالُ الَّذِينَ كَفَرُوا فِي مِرْيَةٍ مِّنْهُ حَتَّىٰ تَأْتِيَهُمُ السَّاعَةُ بَغْتَةً أَوْ يَأْتِيَهُمْ عَذَابُ يَوْمٍ عَقِيمٍ ۝ الْمُلْكُ يَوْمَئِذٍ لِّلَّهِ يَحْكُمُ بَيْنَهُمْ ۚ فَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ فِي جَنَّاتِ النَّعِيمِ ۝ وَالَّذِينَ كَفَرُوا وَكَذَّبُوا بِآيَاتِنَا فَأُولَٰئِكَ لَهُمْ عَذَابٌ مُّهِينٌ ۝ وَالَّذِينَ هَاجَرُوا فِي سَبِيلِ اللَّهِ ثُمَّ قُتِلُوا أَوْ مَاتُوا لَيَرْزُقَنَّهُمُ اللَّهُ رِزْقًا حَسَنًا ۚ وَإِنَّ اللَّهَ لَهُوَ خَيْرُ الرَّازِقِينَ ۝ لَيُدْخِلَنَّهُم مُّدْخَلًا يَرْضَوْنَهُ ۗ وَإِنَّ اللَّهَ لَعَلِيمٌ حَلِيمٌ ۝ ذَٰلِكَ وَمَنْ عَاقَبَ بِمِثْلِ مَا عُوقِبَ بِهِ ثُمَّ بُغِيَ عَلَيْهِ لَيَنصُرَنَّهُ اللَّهُ ۗ إِنَّ اللَّهَ لَعَفُوٌّ غَفُورٌ ۝ ذَٰلِكَ بِأَنَّ اللَّهَ يُولِجُ اللَّيْلَ فِي النَّهَارِ وَيُولِجُ النَّهَارَ فِي اللَّيْلِ وَأَنَّ اللَّهَ سَمِيعٌ بَصِيرٌ ۝ ذَٰلِكَ بِأَنَّ اللَّهَ هُوَ الْحَقُّ وَأَنَّ مَا يَدْعُونَ مِن دُونِهِ الْبَاطِلُ وَأَنَّ اللَّهَ هُوَ الْعَلِيُّ الْكَبِيرُ ۝ أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ أَنزَلَ مِنَ السَّمَاءِ مَاءً فَتُصْبِحُ الْأَرْضُ مُخْضَرَّةً ۚ إِنَّ اللَّهَ لَطِيفٌ خَبِيرٌ ۝ لَّهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۚ وَإِنَّ اللَّهَ لَهُوَ الْغَنِيُّ الْحَمِيدُ ۝ أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ سَخَّرَ لَكُم مَّا فِي الْأَرْضِ وَالْفُلْكَ تَجْرِي فِي الْبَحْرِ بِأَمْرِهِ ۚ وَيُمْسِكُ السَّمَاءَ أَن تَقَعَ عَلَى الْأَرْضِ إِلَّا بِإِذْنِهِ ۚ إِنَّ اللَّهَ بِالنَّاسِ لَرَءُوفٌ رَّحِيمٌ ۝ وَهُوَ الَّذِي أَحْيَاكُمْ ثُمَّ يُمِيتُكُمْ ثُمَّ يُحْيِيكُمْ ۗ إِنَّ الْإِنسَانَ لَكَفُورٌ ۝ لِّكُلِّ أُمَّةٍ جَعَلْنَا مَنسَكًا هُمْ نَاسِكُوهُ فَلَا يُنَازِعُنَّكَ فِي الْأَمْرِ وَادْعُ إِلَىٰ رَبِّكَ ۖ إِنَّكَ لَعَلَىٰ هُدًى مُّسْتَقِيمٍ ۝ وَإِن جَادَلُوكَ فَقُلِ اللَّهُ أَعْلَمُ بِمَا تَعْمَلُونَ ۝ اللَّهُ يَحْكُمُ بَيْنَكُمْ يَوْمَ الْقِيَامَةِ فِيمَا كُنتُمْ فِيهِ تَخْتَلِفُونَ ۝ أَلَمْ تَعْلَمْ أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا فِي السَّمَاءِ وَالْأَرْضِ ۗ إِنَّ ذَٰلِكَ فِي كِتَابٍ ۚ إِنَّ ذَٰلِكَ عَلَى اللَّهِ يَسِيرٌ ۝ وَيَعْبُدُونَ مِن دُونِ اللَّهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلْطَانًا وَمَا لَيْسَ لَهُم بِهِ عِلْمٌ ۗ وَمَا لِلظَّالِمِينَ مِن نَّصِيرٍ ۝ وَإِذَا تُتْلَىٰ عَلَيْهِمْ آيَاتُنَا بَيِّنَاتٍ تَعْرِفُ فِي وُجُوهِ الَّذِينَ كَفَرُوا الْمُنكَرَ ۖ يَكَادُونَ يَسْطُونَ بِالَّذِينَ يَتْلُونَ عَلَيْهِمْ آيَاتِنَا ۗ قُلْ أَفَأُنَبِّئُكُم بِشَرٍّ مِّن ذَٰلِكُمُ ۗ النَّارُ وَعَدَهَا اللَّهُ الَّذِينَ كَفَرُوا ۖ وَبِئْسَ الْمَصِيرُ ۝ يَا أَيُّهَا النَّاسُ ضُرِبَ مَثَلٌ فَاسْتَمِعُوا لَهُ ۚ إِنَّ الَّذِينَ تَدْعُونَ مِن دُونِ اللَّهِ لَن يَخْلُقُوا ذُبَابًا وَلَوِ اجْتَمَعُوا لَهُ ۖ وَإِن يَسْلُبْهُمُ الذُّبَابُ شَيْئًا لَّا يَسْتَنقِذُوهُ مِنْهُ ۚ ضَعُفَ الطَّالِبُ وَالْمَطْلُوبُ ۝ مَا قَدَرُوا اللَّهَ حَقَّ قَدْرِهِ ۗ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ ۝ اللَّهُ يَصْطَفِي مِنَ الْمَلَائِكَةِ رُسُلًا وَمِنَ النَّاسِ ۚ إِنَّ اللَّهَ سَمِيعٌ بَصِيرٌ ۝ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ ۗ وَإِلَى اللَّهِ تُرْجَعُ الْأُمُورُ ۝ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا ارْكَعُوا وَاسْجُدُوا وَاعْبُدُوا رَبَّكُمْ وَافْعَلُوا الْخَيْرَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ۝ وَجَاهِدُوا فِي اللَّهِ حَقَّ جِهَادِهِ ۚ هُوَ اجْتَبَاكُمْ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي الدِّينِ مِنْ حَرَجٍ ۚ مِّلَّةَ أَبِيكُمْ إِبْرَاهِيمَ ۚ هُوَ سَمَّاكُمُ الْمُسْلِمِينَ مِن قَبْلُ وَفِي هَٰذَا لِيَكُونَ الرَّسُولُ شَهِيدًا عَلَيْكُمْ وَتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ ۚ فَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ وَاعْتَصِمُوا بِاللَّهِ هُوَ مَوْلَاكُمْ ۖ فَنِعْمَ الْمَوْلَىٰ وَنِعْمَ النَّصِيرُ ۝

আল্লাহ যদি (সকল যুগে) মানবজাতির একদলকে অপর দল দ্বারা প্রতিহত না করতেন (অর্থাৎ তাঁর বন্ধুদেরকে জিহাদের নির্দেশ দিয়ে তাঁদের মাধ্যমে তাঁর শত্রুদেরকে প্রতিহত না করতেন) তাহলে (স্ব স্ব যুগে খ্রীস্টানদের) এবাদত খানা, গির্জা, (ইহুদিদের) উপাসনালয় এবং (মুসলমানদের) মসজিদসমূহ ধ্বংস করে দেয়া হত, যেগুলোতে আল্লাহর নাম অধিক স্মরণ করা হয়। যারা (কাফেরদেরকে প্রতিহত করার মাধ্যমে) আল্লাহর (দ্বীনের) সাহায্য করবে আল্লাহ অবশ্যই তাঁদেরকে সাহায্য করবেন। নিশ্চয়ই আল্লাহ শক্তিধর ও পরাক্রমশালী। সূরা হজ্ব - ৪০

সকল প্রশংসা আল্লাহ তা'আলার জন্য এবং সালাত ও সালাম বর্ষিত হোক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর এবং তাঁর পরিবারবর্গ ও সাহাবীদের উপর এবং যারা তাঁর প্রতি আনুগত্য প্রদর্শন করে তাদের উপর।

পূর্ববর্তী একটি প্রবন্ধে আমি বলে এসেছি যে, 'শান্তিপূর্ণ পন্থা' বা 'অহিংস আন্দোলন' - যা হাত গুটিয়ে রাখার প্রবক্তা এক দল লোকের বক্তব্য- এটি মূলত (ভারতের হিন্দু নেতা) গান্ধীর পদ্ধতি থেকে নেয়া। এই দলের কিছু কিছু বুদ্ধিজীবী গান্ধীর পদ্ধতিটিকে (নাউযুবিল্লাহ) মক্কী যুগে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবন যাত্রার আধুনিক উদাহরণ হিসাবে উপস্থাপন করে থাকে। নিশ্চয়ই আল্লাহর দ্বীন এসব লোকদের জঘন্য মিথ্যাচার ও অপবাদ থেকে পবিত্র।

এ বিষয়ে সম্যক ধারণা রাখার দাবি করে এমন একজন 'রাসূলের সংস্কার পদ্ধতি গান্ধী পদ্ধতির সাথে সাদৃশ্যপূর্ণ'- এ বক্তব্যকে নাকচ করে দিয়ে বলেন, একইভাবে কেউ কেউ জিহাদি আন্দোলন সম্পর্কেও ধারণা করতে পারে যে, তা আইরিশ রেড আর্মির[25] নীতি ও পদ্ধতির সাথে সাদৃশ্যপূর্ণ, কারণ তারাও সশস্ত্র প্রতিরোধ নীতি অবলম্বন করে থাকে।

সম্ভবত এই লোক সহ আরো অনেক পাঠকই এ কথা জেনে অবাক হবেন যে, জিহাদী আন্দোলন সম্পর্কে তার এ মন্তব্য একটা পর্যায়ে সঠিক হলেও কিছু বিষয়ে ব্যতিক্রম রয়েছে।

এই বক্তব্য থেকে সৃষ্ট অস্পষ্টতা দূর করাই এই প্রবন্ধটি লেখার উদ্দেশ্য। পূর্বোক্ত প্রবন্ধটি লেখার উদ্দেশ্য ছিল, এ কথা প্রমাণ করা যে, গান্ধীর পদ্ধতি অনুসরণ করে গড়ে উঠা অহিংস আন্দোলনগুলো এমন একটি পন্থা অবলম্বন করেছে যা প্রকৃতির স্বাভাবিক নিয়মের পরিপন্থী এবং যে উদ্দেশ্যে তারা এই পন্থা অবলম্বন করেছে তা তারা কখনোই অর্জন করতে পারে না আর আসলে প্রকৃতির স্বাভাবিক নিয়মের পরিপন্থী এই 'গান্ধী পদ্ধতি'টি ভারতের রাষ্ট্রীয় ক্ষমতা তার বা তার দলের হাতে তুলে দেয়নি (সাধারণত যা মনে করা হয়ে থাকে) এবং এ পদ্ধতি তাকে এবং তার অনুসারীদেরকে ইংরেজদের জুলুম নির্যাতন থেকে রক্ষাও করেনি।

বরং আসল কথা হল, যে কারণে ইংরেজরা গান্ধীর হাতে নিয়ন্ত্রণ ছেড়ে দিতে বাধ্য হয়েছিল তা হল, সশস্ত্র জিহাদ- সশস্ত্র প্রতিরোধ, যা ভারতের মুসলমানরা এবং অন্যান্য বেশ কয়েকটি দল অব্যাহত ভাবে চালিয়ে আসছিল, যারা প্রায় দুই শতাব্দী ধরে ক্রমাগত প্রতিরোধের মাধ্যমে ইংরেজদের পতন ঘটাতে চাচ্ছিল। তারা কখনো কিছুটা স্তিমিত হয়ে গেলে পুনরায় আরও আক্রমণাত্মকভাবে ফিরে আসত, তারা নিরাশ হয়নি। শেষ পর্যন্ত তারা ইংরেজদের ধৈর্য নিঃশেষ করে দিতে সক্ষম হয়। মূলত এটিই ইংরেজদেরকে দেশের চাবি শান্তিপূর্ণভাবে এমন একজন লোকের হাতে অর্পন করতে বাধ্য করেছিল, যে তার ব্যক্তিত্বের কারণে প্রসিদ্ধ এবং যে তাদের ভারত ছেড়ে যাওয়ার পরও তাদের স্বার্থ রক্ষা করবে এবং এ অঞ্চলে ইসলামি রাষ্ট্র কায়েম হতে বাধা দিতে সক্ষম হবে। ইংরেজদের চলে যাওয়ার কারণ সম্পর্কে এটি হল একটি ব্যাখ্যা।

এর আরেকটি ব্যাখ্যা হল, ভারত থেকে প্রত্যাহার ছিল (নানা কারণে বিশ্বের বিভিন্ন স্থানে থাকা) তাদের উপনিবেশগুলিকে ছেড়ে যাওয়া এবং সেগুলোকে এমন আন্দোলনের নেতাদের হাতে অর্পন করারই একটি অংশ, যে আন্দোলনের নেতারা বা যাদের আশপাশের লোকগুলো ছিল তাদের অনুগত। ব্যাখ্যা দুটির মধ্যে কোনটি অধিক সম্ভাবনাময় তা নির্ধারণ করা দীর্ঘ সময় সাপেক্ষ ব্যাপার এবং তা আমাদেরকে মূল বিষয়বস্তু থেকেও দূরে সরিয়ে দেবে। (তাই সে দিকে যাচ্ছি না)

সুস্থ বিবেক সম্পন্ন ব্যক্তিরা এ কথাতে একমত এবং পুরোপুরি নিশ্চিত যে, গান্ধীর আন্দোলন প্রকৃতির স্বাভাবিক নিয়মকে লঙ্ঘন।

পাশাপাশি তারা এ কথাতেও একমত যে, যে কোনো রাষ্ট্র গঠন করা এবং তার উপর কর্তৃত্ব প্রতিষ্ঠা করা শক্তি প্রয়োগ ও প্রতিরোধ ব্যবস্থা ছাড়া সম্ভব নয়। এমনকি গণতান্ত্রিক রাষ্ট্রগুলিও যুদ্ধের পরই প্রতিষ্ঠিত হয়েছিল। একদল অন্যদলের উপর বিজয়ী হওয়ার পর বিজয়ীরা এই ধরণের রাজনৈতিক শৃঙ্খলার বিষয়ে চুক্তিতে আসে। এই চিত্রটি একদম বাস্তব।

আর যে নীতিতে সর্ব প্রথম মদীনায় একটি ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠা সম্ভব হয়েছিল, তা হচ্ছে আউস ও খাজরাজ গোত্রের আনসারদেরকে সশস্ত্রকরণ, যা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কায় থাকালীন সময় থেকেই চাচ্ছিলেন, যেন তিনি তাদেরকে নিয়ে একটি রাষ্ট্র প্রতিষ্ঠা শুরু করতে পারেন, যদিও এর জন্য ঘরবাড়ি, পরিবার পরিজন এবং সম্পদ ত্যাগ করতে হয়। কারণ, তিনি জানতেন, সশস্ত্র আনসাররাই মসজিদ, বাড়িঘর, মানুষ, সম্পদ এবং অন্যান্য সব কিছুর উপর ক্ষমতা প্রতিষ্ঠা করতে পারবে। তার চেয়েও স্পষ্ট বিষয় হচ্ছে, (পরবর্তী সময়ে সংঘঠিত বিভিন্ন যুদ্ধে) আল্লাহ সাহায্য ও বিজয় আসার পরই ব্যাপক ভাবে সাধারণ জনগণ ইসলামে প্রবেশ করে এবং ইসলামি রাষ্ট্র বিস্তৃতি লাভ করে। আর এতো নিশ্চিত যে, এটি প্রকৃতির স্বাভাবিক নিয়ম অনুসারেই হয়েছিল।

অন্যদিকে অহিংস আন্দোলনের প্রবক্তারা সশস্ত্র আনসার সংগ্রহ করাকে এড়িয়ে চলে। তাদের যুক্তি, এসকল কার্যক্রম তাগুত সরকারকে তাদের বিরুদ্ধে উস্কে দেবে এবং তারা ধারনা করে, এর ফলে তাদের দাওয়াতি কাজের অর্জনগুলো হুমকির সম্মুখীন হবে। তারা এমন দেশে কিংবা এমন পাহাড়ি এলাকায় হিজরত করা থেকেও বিরত থাকে যেখানে আনসার রয়েছে, রয়েছে জিহাদের প্রশিক্ষণের জন্য নিরাপদ জায়গা। এর কারণ, তারা যেন তাগুতি রাষ্ট্রকে ধ্বংস করার জন্য কাজ করছে, এমন অভিযোগে অভিযুক্ত না হয়। তাদের যুক্তি, তারা এসব রাষ্ট্র থেকে সকল দাঈ ও মুবাল্লিগদেরকে বের করে দেয়া হোক, এটা তারা চায় না। তারা এমনই ধারনা করে (যে, তারা এসব করলে তাগুতি রাষ্ট্রপ্রধানরা এমন করবে)

এর মাধ্যমে তারা মক্কী যুগের শরয়ী নিয়ম নীতি- যা প্রকৃতির স্বাভাবিক নিয়মও বটে- এর বিরুদ্ধে অবস্থান নিয়েছে এবং তাগুতকে প্রতিপক্ষের 'বিষদাঁত তুলে ফেলার নীতি' অবলম্বন করে তাদের দাওয়াতের ফসল নিজেদের ঘরে তোলাকে সহজ করে দিয়েছে। ফলে এ জাতীয় অহিংস আন্দোলনকারীরা একটি অন্ধকার দুষ্টু চক্রে ঘুরপাক খেতে থাকে। ফলে তাদেরকে আবার শুরু থেকে শুরু করতে হবে, বা কখনও তারও পিছন থেকে, বা কখনও কখনও তারা আর শুরুই করতে পারে না। এক্ষেত্রে তিউনিসিয়া আমাদের জন্য একটি শিক্ষা।

খিলাফত পতনের পর যেসকল ইসলামী আন্দোলন গড়ে উঠেছিল তাদের অনেকেই এই প্রশ্নের উত্তর খুঁজতেই দীর্ঘ সময় অতিবাহিত করে দিয়েছে যে, ইসলামি রাষ্ট্র ব্যবস্থাকে ফিরিয়ে আনার শরয়ী পদ্ধতি কী? এই প্রশ্নের সঠিক উত্তর পাওয়ার জন্য বা এর বৈশিষ্ট্যগুলো বর্ণনা করার জন্য প্রচুর সময় এবং প্রচেষ্টা প্রয়োজন, বিশেষ করে যখন অন্য আরও প্রশ্ন রয়েছে যেগুলোর স্পষ্ট কোন উত্তর তারা দিতে পারেনি। হোক তা বাস্তব কোন ঘটনা বলা বা আল্লাহর কোন হুকুম বলা।

উত্তরে আমি বলবো, প্রত্যেকটির জন্যই আলাদা আলাদা পর্যায় ও ধাপ রয়েছে। দাওয়ার আলাদা ধাপ রয়েছে, যারা (জিহাদ ছেড়ে) হাত গুটিয়ে বসে আছে তারা আজ পর্যন্ত দাওয়াতের সেই ধাপ বুঝেই উঠতে পারেনি। তেমনিভাবে সৎকাজের আদেশ এবং অসৎকাজের নিষেধ- এগুলোরও আলাদা আলাদা ধাপ

রয়েছে। (জিহাদ ছেড়ে) যারা হাত গুটিয়ে বসে আছে, তারা আজ পর্যন্ত তা বুঝেওনি, প্রতিষ্ঠিতও করতে পারেনি। আমরা পূর্বের বিস্তারিত গবেষণায় ও প্রবন্ধগুলোতে বিষয়গুলো জেনেছি।

মহান আল্লাহর কাছে প্রার্থনা, তিনি যেন আমাদেরকে দ্বীনের সারগর্ভ জ্ঞান, তাঁর বিধানাবলীর মহত্ত্ব ও বড়ত্ব বুঝার তাওফিক দান করেন এবং বিধানাবলীর সাথে প্রকৃতির স্বাভাবিক নিয়মের যে সামঞ্জস্য ও সঙ্গতি রয়েছে তা বুঝার তাওফিক দান করেন। পরিশেষে, সমস্ত প্রশংসা মহান রাব্বুল আলামীনের জন্য।

ষষ্ঠ প্রবন্ধ

পরিভাষার ফেতনা

কল্যাণ-অকল্যাণঃ পরিভাষার ফেতনার একটি নমুনা

وَلَا تَلْبِسُوا الْحَقَّ بِالْبَاطِلِ وَتَكْتُمُوا الْحَقَّ وَأَنتُمْ تَعْلَمُونَ ﴿البقرة: ٤٢﴾

"তোমরা সত্যকে মিথ্যার সাথে মিশ্রন করো না এবং জানা সত্ত্বেও সত্যকে গোপন করো না।" (সূরা বাক্বারাহঃ ৪২)

সকল প্রশংসা মহান আল্লাহর, সালাত ও সালাম বর্ষিত হোক রাসূলুল্লাহর উপর, তাঁর পরিবার পরিজন, সাহাবাগণ ও তাঁর অনুসারীগণের উপর।

অতঃপর, একথা অত্যুক্তি হবে না যদি বলি যে, শ্লোগান আর পরিভাষার ফিতনা এ যুগে জনসাধারণের উপর তো বটেই, এমনকি বিশেষভাবে মুসলিম যুবক শ্রেণির উপর প্রকট আকার ধারণ করেছে। বরঞ্চ যুগ যুগ ধরে অতীতের বিভিন্ন উম্মতের মাঝেও আমরা দেখি যে, লোকেরা হেদায়েতের পথ থেকে সটকে পড়লেও তখনই পড়তো যখন তাদের মনোবাসনা পূরণের নিশ্চয়তা দিয়ে এবং মস্তিষ্কে ঝেঁকে থাকা বিভিন্ন সংশয় ও কুবুদ্ধির সমর্থনে তাদেরকে চমকপ্রদ নানা শ্লোগান শোনানো হতো।

এদিকে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উম্মতের অবস্থা হলো, ইসলামের প্রথম যুগ থেকে আমাদের সাথে সময়ের ব্যবধান যতই বাড়ছে ততই যেন এ ধরনের ফিতনা প্রকট হচ্ছে। আল্লাহ তাআলা যখন কোনো বান্দার ব্যাপারে মঙ্গল চান তখন তাকে এসব ফিতনা থেকে হেফাজত করেন এবং তাকে হেদায়েতের ঝান্ডাবাহী সেসকল ইমামগণের সান্নিধ্যে থাকার তৌফিক দান করেন যারা কিয়ামত পর্যন্ত ভ্রান্তবাদীদের অপব্যাখ্যা ও দ্বীন বিদ্বেষীদের বিকৃতি থেকে ইসলামকে রক্ষা করার জন্য সচেষ্ট ছিলেন। যারা সাহাবায়ে কেরাম ও তাদের উত্তম অনুসারীদের বুঝ অনুযায়ী কোরআন-সুন্নাহ'র ঝান্ডার নিচে দৃঢ়পদ ছিলেন।

কোরআন-সুন্নায় ব্যবহৃত শব্দাবলীর সাথে শরঈ বিধান, জাগতিক বিধান দু'টোরই সম্পর্ক রয়েছে। সুতরাং যখন কেউ এসব গুরুত্বপূর্ণ শব্দগুলোতে বিকৃতি ঘটায়, তখন স্বভাবতই শরঈ বিধানগুলো তার নিজস্ব রূপ হারিয়ে ফেলে। আর তখনই এমন ফিতনার উদ্ভব হয় যার সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উম্মাতের উপর দাজ্জালের ফিতনার চেয়েও বেশি আশংকা প্রকাশ করেছেন।

এ প্রবন্ধে আমি খুবই গুরুত্বপূর্ণ এমন দু'টি পদ্ধতি নিয়ে আলোচনা করবো যে দু'পদ্ধতিতে এই ফিতনা বেশিরভাগ হয়ে থাকে। আর ইন্টারনেটে প্রকাশিত দরস সমূহে শাইখ ওমর মাহমুদ আবু ওমর ইতোমধ্যেই এ দু'টি পদ্ধতির প্রতি ইঙ্গিত করেছেন (আল্লাহ তাঁকে কারামুক্ত করুন)। তারপর দ্বিতীয় পদ্ধতি সম্পর্কে একটি গুরুত্বপূর্ণ উদাহরণ পেশ করতে চেষ্টা করবো।

প্রথম পদ্ধতি: যুবকদের নেতৃত্বে যারা রয়েছে তাদের কেউ কেউ বাস্তব পরিস্থিতিকে শরঈ বিধানের মাধ্যমে ও শরিয়তের নির্ধারিত শব্দগুলো প্রয়োগের মাধ্যমে মোকাবেলা না করে এমন এমন ভাষা ও শব্দ প্রয়োগের আশ্রয় নেয়, যেগুলোতে ব্যাপকতা থাকার দরুন একাধিক উদ্দেশ্য নেওয়ার সুযোগ থাকে। ঠিক আরব্য পোষাক 'আবা' (আলখেল্লা) এর মত; যা স্থূলদেহ, জীর্ণদেহ সব দেহেই সুন্দরভাবে ফিট হয়ে যায়। যখনই কোনো জটিলতা দেখা দেয় বা কোনো বিপদ সংঘটিত হয় কিংবা এমন কোনো পরিস্থিতি তৈরি হয় যা জিহাদ বা আন্দোলন গড়ে উঠার দাবি রাখে, তখন কেউ এসে যখন এসব

মাশায়েখদের মধ্য হতে কারো কাছে কিছু জানতে চায়, তখনই তারা নিজেদের অজ্ঞতা বা কাপুরুষতা ঢাকতে, অথবা নিজেদের জবাবদিহিতা এড়াতে অথবা তারা যে অবস্থান গ্রহন করেছে এর বিপরীত কিছু প্রকাশ পেলে পুনরায় যেন কিছু বলার সুযোগ থাকে- এসব বিষয় মাথায় রেখে তখনই তারা দ্বিমুখী শব্দের প্রয়োগ শুরু করে দেয়। যেন লোকেরা এমন মনে করে যে, তিনি এমন ব্যক্তি যার ভুল হতে পারে না, তিনি গবেষক এবং ফতোয়া ও মশোয়ারার ক্ষেত্রে সর্বাধিক আস্থাভাজন। সুতরাং (এসব অসৎ উদ্দেশ্যে) তারা শরিয়তের এমন যে কোনো সুনির্দিষ্ট শব্দের প্রয়োগ থেকে পালিয়ে বেড়ায়, যা অবস্থানকে স্পষ্ট করে দিবে এবং কোনো আন্দোলন ও প্রত্যয়ের জন্ম দিবে, যেগুলো প্রয়োগ করলে তার নিজের জন্য এবং প্রশ্নকারীর জন্যও বিভিন্ন ফরজ বিধান আবশ্যক হয়ে পড়বে। এসব করার পর পরিস্থিতি কোনদিকে গড়ায় দূর থেকে তা পর্যবেক্ষণ করতে থাকে, এটা কি সেই জিহাদই যা ফল দেয়া শুরু করলো? তবে তো সে এ যুদ্ধের আগুন উস্কে দিয়েছে, আর এই অভিমত তো সে পূর্বেই দিয়ে রেখেছে।

পক্ষান্তরে যদি আল্লাহর ফায়সালা অনুযায়ী কোনো কারণে পরাজয় ঘটে, তবে জুব্বার নিচ থেকে ছড়ি বের করে জিহাদ করার কারণে মুসলিমদের উপর কষাঘাত করতে থাকে। মূলত এমন পরিস্থিতিতে সব ধরণের বিপদ ও দূর্ভোগের মূল হোতা কিন্তু ওরাই, যেখানে ওরাই কিনা উম্মাহকে গোমরাহী থেকে বাঁচানোর ত্রাণকর্তা!! পাশাপাশি এ বিষয়টি সন্দেহাতীতভাবে যে কোনো চিন্তাশীলই উপলব্ধি করবেন যে, এমন পরিস্থিতিতে মুসলমানদের পরাজয়ের একটি গুরুত্বপূর্ণ কারণ বরং সর্বাধিক গুরুত্বপূর্ণ কারণ হলো, এসব মাশায়েখ বিবদমান জিহাদী পরিস্থিতির সাথে সম্পৃক্ত শরঈ বিধানগুলোকে হালকা করে দেখানোর পাশাপাশি জাতি ও যুবক শ্রেণিদের নিয়ে খেলা করছে এবং তাদেরকে দ্বিধান্বিত পরিস্থিতিতে ফেলে রেখেছে, বিশেষত সেসব যুবকদেরকে যারা তাদের উপর আস্থা রাখে। আর পরিস্থিতি এমন যে, কোনো প্রশ্ন করার সুযোগ রাখে না। ফলে যুবকরা এটা জানে না যে, জিহাদ কি ফরজ বিধানগুলোর মধ্যে একটি ফরজ বিধান? নাকি এমন নানান উপকরণের মধ্যে একটি উপকরণ মাত্র, যার মধ্য হতে যে কোনোটি গ্রহণ করা যায়? তেমনিভাবে যুবকরা শত্রুপক্ষের বিভিন্ন গোষ্ঠীর সাথে লড়াইয়ের বিধানাবলী বিশদভাবে জানে না। মাশায়েখদের কাউকে দেখবেন, যদি শত্রু বাহিনী সম্পর্কে তাদেরকে প্রশ্ন করা হয় তারা উত্তরে বলে যে, 'তারা অপরাধী'। যদি বলা হয় যে, আমরা আরও পরিস্কার, বিস্তারিত ও সুবিন্যস্ত সিদ্ধান্ত জানতে চাই যার উপর ভিত্তি করে একটি আন্দোলন ও প্রত্যয় গড়ে উঠবে এবং সুনির্দিষ্ট শরঈ বিধান পালন করা যাবে, তখন দেখবেন যে, তারা পলায়ন করছে এবং 'তারা অপরাধী' এ কথার চেয়ে আর বেশি কিছু বলতে চাচ্ছে না! পাঠক লক্ষ্য করুন, এ নিবন্ধে দরবারি আলেমদের কথা বলা হচ্ছে না।

~~সারকথা~~

[দ্বিমুখী শব্দ প্রয়োগের প্রবণতা] এটা ওসব মাশায়েখদের শাস্ত্র যারা 'বড় বড় শ্লোগান শাস্ত্র' রপ্ত করার পর এই শাস্ত্রকে রপ্ত করেছেন। অন্যথায় এসব মাশায়েখদের ওই আলোচনাগুলো কোথায়, যেখানে তারা জাতিসংঘ ও তার সনদ সম্পর্কে এবং এ সংস্থাটি আন্তর্জাতিকভাবে গড়ে উঠার বৈধতা সম্পর্কে আল্লাহর কী হুকুম, তা নিয়ে আলোচনা করেছেন? পাশাপাশি জাতীয়তাবাদ, ভৌগলিক সীমারেখা ও দেশাত্ববোধ সম্পর্কে আল্লাহর কী হুকুম, তা নিয়েও আলোচনা করেছেন? এ সকল বিষয় এবং আরও যেসব বিষয়ের আলোচনা থেকে তারা পলায়ন করে থাকেন ওগুলো সম্পর্কে আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার বিস্তারিত হুকুম আহকাম কী? তেমনিভাবে এগুলোর কারণে যেসব সমস্যা তৈরি হয় সেগুলো প্রতিকারের জন্য আল্লাহ তাআলা কী বিধান দিয়েছেন?

~~দ্বিতীয় যে পদ্ধতিতে পরিভাষার ফিতনা হয়ে থাকে তা হল,~~

পরিভাষাসমূহকে ভুলভাবে, বিকৃত করে সীমাবদ্ধ করে ফেলা। যার ফলে এসব পারিভাষিক শব্দ থেকে বের হওয়া বিষয় ও বিধানগুলোতে বিকৃতি ঘটে। এখান থেকেই লোকদের মধ্যে ব্যাপক ফেতনা-ফাসাদ সৃষ্টি হয়ে থাকে। আর উম্মাহ এমন অনর্থক বিষয়াদির মধ্যে ঘুরপাক খেতে থাকে যা আল্লাহর দ্বীনের কোনই কাজে আসে না।

যখন আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক ব্যবহৃত অনবদ্য শব্দগুলোর অর্থে বিকৃতি ঘটবে এবং এর ফলে শরয়ী আহকামকে তার যথার্থ রূপে বিশ্লেষণ করা না হবে [উদাহরণত 'ঈমান'- এই পরিভাষাটির কথাই ধরা যাক], যদি ঈমান শব্দটির অর্থ নির্ধারণে মিশ্রন ঘটে ও ভুল হয়, তাহলে তার সঠিক মর্ম বুঝার ক্ষেত্রে এবং তার সাথে সম্পর্কিত বহু শরয়ী বিধান পালনের ক্ষেত্রে বিপর্যয় তৈরি হবে। তেমনিভাবে ঈমানের সঠিক বাস্তবায়ন ছাড়া প্রকৃতির স্বাভাবিক বিধানগুলোও সঠিকভাবে বাস্তবায়িত হবে না।

এমনিভাবে পাঠকের উচিত 'কুফর' শব্দটি নিয়ে চিন্তা করা। এটা কি লজ্জাজনক নয় যে, কোনো একটি দল দীর্ঘ কয়েক বছর ধরে যুবকদেরকে পরিচালিত করার পর যখন কোনো ফেতনা দেখা দিল, তখন দেখা গেল যে, ওই যুবকরা 'কুফর' শব্দের মর্মই বুঝতে পারছে না?!

'জিহাদ' পরিভাষাটিও এমনই। উম্মাহ একে অপরের বিরুদ্ধে তাগুতের পথে লড়াই করে এরই নাম দিবে 'জিহাদ'- এটা কি করে হতে পারে? লোকেরা জিহাদের মত এমন একটি মহান ও সম্মানিত পরিভাষার পেছনে পেছনে ছুটবে, কিন্তু মৃত্যুবরণ করবে এমন পথে যা আল্লাহর পথ নয়- এটা কি করে হতে পারে?

পরিতাপের বিষয় হচ্ছে, আমাদের বর্তমান বাস্তব জীবনে এমন অনেক পরিভাষা রয়েছে যেগুলোকে সংজ্ঞায়িত করার ক্ষেত্রে এবং ওই শব্দগুলো যে মর্মের উপর নাযিল হয়েছিল সে মর্ম নির্ধারণের ক্ষেত্রে –ইচ্ছায় হোক বা অনিচ্ছায়- এমন এমন ভুল হচ্ছে যা বড় ধরণের বিপর্যয় ও বিরামহীন ফিতনার জন্ম দিচ্ছে। কখনো বা মর্ম নির্ধারণে বাড়াবাড়ি হচ্ছে, কখনো আবার ছাড়াছাড়ি। এ ধরণের পরিভাষার অসংখ্য উদাহরণ রয়েছে যেমন, হারবী (সামরিক), মাদানী (বেসামরিক), জাহিলিয়্যাহ, তাগুত, অন্তর্বর্তীকাল, কল্যাণ-অকল্যাণ ইত্যাদি।

বরং 'ফিতনা' পরিভাষাটির সঠিক সংজ্ঞা না থাকায় সে নিজেই ফিতনায় পতিত হয়েছে!! সুতরাং বুঝার উপায় নেই, কোনটি ওই ফেতনা, যা থেকে বেঁচে থাকা জরুরি? আর কোনটি ওই ফিতনা, যার একদম মাঝখানে ভয়াবহ পরিস্থিতিতে ঝাঁপিয়ে পড়ে শাহাদাতের মৃত্যু আলিঙ্গন করা জরুরি? আর কোনটি ওই ফেতনা, যা থেকে গা বাঁচিয়ে থাকা বরং ফেতনা?

এখানে এসে একটি পরিভাষার ব্যাপারে আমাদের সকলের একটু থামা উচিত, যে পরিভাষাটি উম্মাহর পরিবর্তনের যাত্রাপথে আমাদের প্রতিটি পদক্ষেপের সাথে জড়িয়ে আছে এবং উম্মাহ যেই অন্ধকার টানেলে প্রবেশ করেছে সেখান থেকে বের করে আনার বিষয়টিও যার সাথে জড়িত। আপনাদের জানা উচিত সে পরিভাষাটি হচ্ছে 'মাসলাহা-মাফসাদাহ' বা 'কল্যাণ-অকল্যাণ'। বাস্তবতার সাথে এই পরিভাষাটি ফিট করার ক্ষেত্রে যে ধরণের হেরফের হয় তা বিশ্লেষণ করার লক্ষ্যে আমরা একটি বিষয় তুলে ধরবো। আর সেটি হচ্ছে 'মুরতাদ শাসকের বিরুদ্ধে বিদ্রোহ করার কল্যাণ-অকল্যাণ'। শেষ দুই শতকে আমাদের ভূমিগুলোর উপর হামলাকারী [আসলী] কুফফার গোষ্ঠীর বিরুদ্ধে যেসব ইস্যু নিয়ে যুদ্ধ হচ্ছে এই ইস্যুটি তেমনই একটি চমৎকার বাস্তবসম্মত ইস্যু। এবং এই পরিভাষাটি প্রয়োগ করতে গিয়ে যে ধরণের তাহরীফ হয়েছে তা পরিভাষাটি না বুঝার কারণে এবং সঠিকভাবে সংজ্ঞায়িত না করার কারণে।

বিকৃতকারীরা প্রথমে একটি সুন্দর ও সঠিক ভূমিকা দিয়ে শুরু করে। আর তা হলো- 'শরীয়তের বিধানাবলী এসেছে যাবতীয় কল্যাণ অর্জন করতে ও তা পরিপূর্ণতায় পৌঁছাতে এবং যাবতীয় অকল্যাণ দূর করতে ও হ্রাস করতে। আর মুরতাদ শাসকের বিরুদ্ধে বিদ্রোহের নির্দেশটিও এর অন্তর্ভুক্ত'। এ পর্যন্ত তাদের কথা ঠিকই আছে। তবে এরপর তারা মুরতাদ শাসকের বিরুদ্ধে বিদ্রোহ করাকে জালিম শাসকের বিরুদ্ধে জিহাদের সাথে তুলনা করে এগিয়েছে। এরপর তারা এমন বক্তব্য প্রদান করে যে, যদি আমরা এর স্বপক্ষে সালাফদের কারো বক্তব্য দেখানোর কথা বলে তাদের জন্য কিয়ামত পর্যন্তও অপেক্ষা করি তারপরও তারা তা দেখাতে পারবে না। আর তাদের এ ভুলের ফলে ইসলামী অঙ্গনে ব্যাপক মতবিরোধ দেখা যায়। তারা যদি এ বিষয়ে সালাফদের আদর্শের উপর থাকতো তবে এ মতবিরোধ করার কোনই প্রয়োজন ছিল না। তারা তাওহীদ ও জিহাদপন্থীদের সামনেই মানুষকে জিহাদ বিমুখ করতে বিকৃতভাবে 'কল্যাণ-অকল্যাণ' এর শ্লোগান তুলে। সংক্ষিপ্তভাবে তাদের ভুলগুলোর বর্ণনা নিম্নরূপঃ

'মুরতাদ শাসকের বিরুদ্ধে বিদ্রোহ' এটি এমন একটি আত্মরক্ষামূলক জিহাদ যা (শরিয়ত কর্তৃক) নির্দেশিত। আর সেই শাসকের মোকাবেলায় যথেষ্ট জনশক্তি অর্জিত হওয়ার আগ পর্যন্ত এর ফরজিয়্যাত উম্মাহ'র প্রতিটি সদস্যের উপর থাকে। এ ব্যাপারে আল্লামা ইবনে হাজার আল-আসকালানী রহ. ইজমা পাওয়া যাওয়ার বিষয়টি তার এ বক্তব্যের মাধ্যমে উল্লেখ করেছেনঃ

'কুফরের কারণে ইমাম অপসারিত হবে- এটা সর্বসম্মত মত। সুতরাং এ ব্যাপারে প্রত্যেক মুসলমানের পদক্ষেপ নেওয়া ওয়াজিব। সুতরাং অপসারণ করতে যে সক্ষম হবে সে সওয়াব লাভ করবে, আর যে অপারগ হবে তার হিজরত করতে হবে, আর যে এ ব্যাপারে শৈথিল্য প্রদর্শন করবে সে গুনাহগার হবে'।

বরং মুরতাদ শাসকের বিরুদ্ধে জিহাদের বিষয়টি প্রত্যেক সেসব আয়াত এবং হাদিসের ব্যাপকতার অন্তর্ভূক্ত যেসব আয়াত ও হাদিসে (সাধারণ) কুফফার ও মুরতাদদের বিরুদ্ধে জিহাদ করার নির্দেশ দেয়া হয়েছে। পক্ষান্তরে জালিম শাসকের বিরুদ্ধে বিদ্রোহের 'নির্দেশ' কোথাও আসেনি। [হ্যাঁ, কোরআন-সুন্নাহ'র কিছু বক্তব্যের ব্যাপকতায় তার জুলুম প্রতিহত করার বিষয়টি অন্তর্ভূক্ত হয়।] এক্ষেত্রে মৌলিকভাবে যে নির্দেশনা পাওয়া যায় তা হলো, ধৈর্যধারণ করা এবং মুসলিম জালিম শাসকের ওই জুলুমকে প্রতিহত করতে না যাওয়া যেটা করতে গেলে আরও বড় জুলুমের শিকার হতে হবে। তাছাড়া নরমালভাবে জুলুম প্রতিহত করলে আনুগত্য থেকে বের হয়ে যাওয়াও সাব্যস্ত হয় না। সুতরাং মুসলিম জালেম শাসকের জুলুম প্রতিহত করা সংক্রান্ত যেসব নীতিমালা ওলামায়ে কেরাম নির্ণয় করেছেন সেগুলোকে কাফের বা মুরতাদ শাসকের বিরুদ্ধে জিহাদের সাথে কিভাবে মিলানো যেতে পারে?

একজন প্রাথমিক পর্যায়ের ছোট তালিবে ইলমও এটা বুঝে যে, জিহাদের ময়দানে প্রাণহানী ঘটা এবং পরাজয়ের সম্ভাবনা থাকা- এটা কখনোই এমন অকল্যাণ বা সমস্যা হিসেবে বিবেচিত হতে পারে না যার কারণে জিহাদকে পরিত্যাগ করা যেতে পারে। যখন এ বিষয়টি আমরা বুঝবো, তখন আমরা ধরতে পারবো যে, শরিয়ত এক্ষেত্রে যেসব সমস্যা বিবেচনায় নেয়নি সেসব সমস্যাকে বিবেচনায় নেওয়ার জন্য লোকেরা কি পরিমাণ প্রতারণার আশ্রয় নিয়েছে।! তারা এ বিষয়টিকে অন্য এমন বিষয়ের সাথে মিলিয়ে প্রতারণার আশ্রয় নিয়েছে, যেখানে শরিয়ত এসব সমস্যাকে বিবেচনায় নিয়েছে। সুতরাং যে অকল্যাণ বা সমস্যা পাওয়া যাওয়ার পরও শরয়ী দলিলের ভিত্তিতে কোনো বিধান প্রমাণিত হয়, বুঝতে হবে সে অকল্যাণ বা সমস্যা শরিয়ার কাছে গ্রহণযোগ্য বা বিবেচ্য নয়।

মুরতাদ সরকারগুলোর শাসনাধীন মুসলিম সমাজগুলো মানব রচিত আইনের অধীনে থেকে যে নিরাপত্তা, স্থিতিশীলতা ও স্বাচ্ছন্দময় জীবন লাভ করছে (!!) এ প্রসঙ্গে লোকেরা গুঞ্জন তোলে... (তারা বলে যে, যদি এসব শাসকদের বিরুদ্ধে বিদ্রোহ করা হয় তাহলে এসব সুবিধা বিঘ্নিত হবে)। তারা না বুঝার ভান করছে, অথচ বর্তমান পরিস্থিতিকে যদি সালাফদের মত করে সঠিকভাবে বিশ্লেষণ করা হয় তাহলে আমি বলবো, নিরাপদ পরিস্থিতিতে (মুরতাদ শাসকের বিরুদ্ধে বিদ্রোহ করা) আমাদের উপর বেশি জরুরি ওই পরিস্থিতির চেয়ে যে পরিস্থিতি আমাদের উপর আগ্রাসী শত্রুর বিরুদ্ধে [আগ্রাসন চলাকালীন পরিস্থিতির সকল চাহিদা পূর্ণ করে] প্রতিরক্ষামূলক জিহাদকে ফরয করে দেয়। আগ্রাসন চলাকালীন পরিস্থিতির সকল চাহিদা পূর্ণ করা বলে উদ্দেশ্য হলো, 'কোনক্রমেই আত্মসমর্পণ না করে আমৃত্যু আগ্রাসী শত্রুর বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যাওয়া'।[29] এর বিবরণ নিম্নরূপ,

কেউ কেউ নিজস্ব ধ্যান-ধারণার আলোকে মনে করে যে, আগ্রাসী শত্রু যেই মাত্র সদলবলে মুসলিম ভূখন্ডে আগমন করলো কেবল তখনই শুধু তার বিরুদ্ধে জিহাদ করতে হবে। পক্ষান্তরে শত্রু যখন প্রতিষ্ঠিত হয়ে যায় এবং তার লক্ষ্য পূরণ হয়ে যায় তখন জনগণ যেই নিরাপত্তা ও স্থিতিশীলতার মাঝে জীবন যাপন করছে তা বিনষ্ট করা এক প্রকার ফাসাদ বা অকল্যাণ!!

অথচ বাস্তবে এ স্থিতিশীলতা ধ্বংস করে দেয়াই হচ্ছে প্রকৃত কল্যাণ। কেননা কাফির বা মুরতাদ যদি যেকোনো রাষ্ট্রক্ষমতায় স্থায়ী ও স্থিতিশীল হয়ে যায় তবে কার্যত সে ওই অঞ্চলের মানুষকে বে-দ্বীন বানাতে শুরু করবে। এ প্রেক্ষিতে পাঠক বর্তমান চেচনিয়া এবং দু'যুগ পূর্বের চেচনিয়ার প্রতি লক্ষ্য করতে পারেন, যেখানে মুসলিম সমাজ নিরাপদেই বসবাস করছিল, কিন্তু কাফির শাসক তাদেরকে দ্বীন থেকে দূরে সরিয়ে ফেলে। পরিস্থিতি এ পর্যায়ে গিয়েছে যে, কেউ যদি কুরআন তেলাওয়াতের ইচ্ছা করতো তবে কেউ জেনে যাবে এই ভয়ে তাকে গোপন আন্ডারগ্রাউন্ড কক্ষে গিয়ে লুকিয়ে লুকিয়ে কুরআন পড়তে হতো।

পাঠক! আলজেরিয়ায় মুজাহিদীনের প্রায় অর্ধশতাব্দীকালের অব্যাহত জিহাদের কথা ভেবে দেখুন এবং একটু চোখ বন্ধ করে জিহাদ ব্যতীত আলজেরিয়ার কথা একবার চিন্তা করুন এবং এর পাশেই তিউনিসিয়ার কথা ভেবে দেখুন। যারা আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বুঝতে চায় এবং কুফর ও কুফফারদের চরিত্র সম্পর্কে বুঝতে চায় তাদের জন্য এসবের মাঝেই প্রচুর শিক্ষণীয় বিষয় রয়েছে।

যখন কোন জাতি (জিহাদ না করার কারণে) তাদের ওপর আসা নানান বিপদ আপদকে (উল্টো) জিহাদ করার জন্য বাধা হিসেবে দাঁড় করায় তখনই এটা স্পষ্ট হয় যে, তারা আল্লাহর সাহায্য থেকে বঞ্চিত হয়ে শাস্তির মধ্যে নিমজ্জিত হয়ে আছে, ফলে তারা বুঝতেই পারছে না যে, জিহাদ ছেড়ে তাদের এ বসে থাকাটাই হল এসব বিপদাপদের মূল কারণ। তাদের অবস্থা যেন এ কথা বলতে চায় যে, যখন কেউ জিহাদ থেকে বিরত থাকে এবং তার বসে থাকার কারণে আল্লাহর সাহায্য বিলম্বিত হয়ে যুদ্ধ দীর্ঘায়িত হয় এবং ওই ব্যক্তিসহ আরও অন্যান্য বসে থাকা লোকদের উপর বিপদ নেমে আসে- তখন মুজাহিদীনেরও উচিত জিহাদ বন্ধ করে যাদের কারণে আজ এ পরিস্থিতি তাদের সাথে বসে থাকা!!

(তাদের এই পরিস্থিতি দেখে এটা স্পষ্ট হয়ে যায় যে, তাদের বিবেক মূলত আল্লাহর আযাবে নিপতিত) কেননা জিহাদ পরিত্যাগকারী এই লোকদের উপর তো মূলত মুরতাদের বিরুদ্ধে লড়াই করা ওয়াজিব ছিল। যেমনটা আল্লামা ইবনে হাজার আসকালানী রহ. স্পষ্ট করেছেন এবং তিনি এ ব্যাপারে 'ইজমা' উল্লেখ করেছেন। যেখানে মুসলিমদের সংখ্যা হলো লক্ষ লক্ষ এবং (অনুকুল পরিবেশে থাকার কারণে) বিজয়ের সম্ভাবনাও প্রবল, সেখানে (মুরতাদ সরকারের বিরুদ্ধে) জিহাদের ফরযিয়্যাত উঠে গিয়ে তা মুস্তাহাব পর্যায়ে কোনক্রমেই নেমে আসতে পারে না। সুতরাং (তাওহীদপন্থী জিহাদী ভাইদের সহযোগিতা না করে) জিহাদ ছেড়ে বসে থাকার ফলে যেসব সমস্যা জনসাধারণের উপর নেমে আসে সেগুলোর অজুহাত তুলে মুজাহিদীনকে জিহাদ পরিত্যাগে বাধ্য করার কথা কোনো বিবেকবান ব্যক্তি কি বলতে পারে?! এই স্বাচ্ছন্দময় অনুকূল পরিবেশে এসব লোকদেরকে কি 'অসহায়' (مستضعفين) বলা যেতে পারে, যেখানে শরঈ মানদন্ডে তাদের ব্যাপারে তা প্রমাণিত হয় না? যদি (ধরেও নেয়া হয় যে,) তারা অসহায় অক্ষম (مستضعفين), তবে তো জিহাদের ক্ষয়ক্ষতি এড়াতে হিজরতের পথ বেছে নেয়ার বা কাফেরদের সাথে তাক্বিয়া তথা কৌশলগত মিথ্যা বলার অবকাশ তাদের জন্য রয়েছেই। আর তারা যদি হিজরতও না করতে পারে এবং তাক্বিয়ার মাধ্যমে যুদ্ধের ক্ষয়ক্ষতি থেকে নিজেদের আত্মরক্ষাও না করতে পারে, তবে তো যুদ্ধের তোপের মুখে নিহত হলে তারা শহীদ হিসেবে বিবেচিত হবে এবং যে কোনো ধরণের কষ্টের শিকার হলে সওয়াব প্রাপ্ত হবেই।

সুতরাং (মুজাহিদীনের আক্রমণের ফলে) তাদের উপর আপতিত কষ্টের দায়ভার কোনক্রমেই জিহাদ ও মুজাহিদীনের উপর আসতে পারে না। হ্যাঁ, এর দায়ভার প্রথমত কাফের, মুরতাদ ও জালেমদের উপর আসবে। দ্বিতীয়ত, যারা মুজাহিদীনের সাথে যোগদান করার সামর্থ থাকা সত্ত্বেও বসে থাকার ফলে কষ্টের শিকার হয়েছে তারা এর দায় নিবে। এমনকি শাইখুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়া রহ. উল্লেখ করেছেন যে, মুজাহিদীনের সাথে যোগদানকারীদের চেয়ে জিহাদ থেকে পালিয়ে বেড়ানো লোকেরাই হত্যা, নির্যাতনের বেশি শিকার হয়।

আমরা আরও জোর দিয়ে বলতে চাই যে, এটি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রেরণকাল থেকেই জিহাদের বৈশিষ্ট্য যে, যুদ্ধের সারি থেকে এমনকিছু সীমালঙ্ঘনকারীর উদ্ভব ঘটে যারা নিরপরাধ লোকদের রক্ত প্রবাহিত করে এবং এমন এমন ফিতনা ঘটিয়ে থাকে যা সম্পর্কে একমাত্র আল্লাহই জানেন। কিন্তু এরপরও এগুলো এমন ক্ষয়ক্ষতি হিসেবে বিবেচিত হয় না যার কারণে জিহাদ বন্ধ করে দেওয়া উচিত।

এমনিভাবে জিহাদের আরেকটি বৈশিষ্ট্য হলো, কিছু লোক যুদ্ধের সারি থেকেই পশ্চাদপসারন করবে। আর এটিও এমন ক্ষয়ক্ষতি হিসেবে বিবেচিত হয় না যার কারণে আমরা জিহাদ মুলতবি করবো।

একবার হযরত আবু বকর রাযি. এর কাছে ফুজাআহ নামক এক ব্যক্তি এসে মুরতাদদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য সরঞ্জামাদি ও জনবল চাইলো। আবু বকর রাযি. তাকে কিছু সরঞ্জাম দিলেন এবং লোকদের একটি গ্রুপের আমীর বানিয়ে দিলেন। কিন্তু দেখা গেল, সে তাদের নিয়ে দস্যুবৃত্তি শুরু করে দিল। মুসলিম-মুরতাদ নির্বিশেষে সকলকেই হত্যা করে তাদের ধন সম্পদ লুট করতে লাগলো। এমনকি সে এমনকিছু লোকদেরকেও হত্যা করলো যারা আবু বকর রাযি. কে বাইয়াত দেওয়ার জন্য এসেছিল। পরে আবু বকর রাযি. সেই ফুজাআকে আগুনে পুড়িয়ে হত্যা করেন। কই, কিতালের নামে এসব লুণ্ঠনও তো আবু বকর রাযি. কে জিহাদ বন্ধ করতে অনুপ্রাণিত করেনি। বরং কেউ যদি এসব ঘটনাকে দলিল বানিয়ে জিহাদ থেকে ফিরে যায়, তাদের বিরুদ্ধেও জিহাদ করা ওয়াজিব।

হযরত আলী রাযি. এর খেলাফতকালে একদল খ্রিস্টান (ইসলাম গ্রহণ করার পর পুনরায়) একথা বলে ইসলাম ত্যাগ করে যে, যে ধর্ম তার অনুসারীদেরকে রক্তপাত ঘটানো ও রাস্তাঘাটে ভীতিসঞ্চার করা থেকে বিরত রাখে না সে ধর্মের চেয়ে আমাদের পূর্বের ধর্মই ভালো। তারপর আলী রাযি. ইসলাম ত্যাগ করার কারণে এদের বিরুদ্ধে যুদ্ধ করেন। (মোটকথা) আল্লাহ তাআলা কিছু লোকদের অন্তরকে এ উদ্দেশ্যে বক্র করে দেন যাতে করে তাদের মাধ্যমে কিয়ামত পর্যন্ত মুমিনদেরকে রিযিক দান করতে পারেন। যদি আমরা দ্বীন বুঝে থাকি তবে এটিই হচ্ছে জীবনের বাস্তবতা।

আমাদের অবশ্যই জানা উচিৎ যে, জিহাদ ও প্রতিরোধ যদি বন্ধ হয়ে যায় তবে এ পৃথিবী ধ্বংস হয়ে যাবে। কিতাবুল্লাহর ভাষ্য এমনই এবং সাহাবায়ে কিরামও তাঁদের চারপাশে দুনিয়া ও তার প্রকৃতি এমনই বুঝেছেন। তাঁরা জানতেন যে, যদি কাফিরদেরকে এ ধরাতে স্থির হতে দেয়া হয়, তাহলে এমন বড় ফাসাদ ও বিপর্যয় মাথাচাড়া দিয়ে উঠবে যার আশপাশে অন্যান্য যে কোনো ফাসাদকেই তুচ্ছ মনে হবে এবং এর ফলে দুনিয়া ও আখিরাতে এমন আযাব অবধারিত হয়ে যাবে যা বুঝতে পারলে সকলেই কামনা করবে- যত ঝড়ঝাপ্টা আসুক না কেন জিহাদের ঝান্ডাকেই বুলন্দ করতে হবে।

আল্লাহর কাছে কামনা করি, তিনি যেন তাওহীদবাদী মুজাহিদীনকে রাষ্ট্রক্ষমতা দান করেন এবং মুশরিক ও ফাসাদকারী যে কোনো শক্তিকে নিবৃত্ত করেন। সমস্ত প্রশংসা মহান আল্লাহর, যিনি সকল জগতের প্রতিপালক।

৭ম প্রবন্ধ

সম্পদের মাধ্যমে মেরুকরণ

إِنَّ هَٰذَا الْقُرْءَانَ يَهْدِى لِلَّتِى هِىَ أَقْوَمُ

অর্থ: নিশ্চয়ই এই কুরআন সর্বাধিক সঠিক পথ দেখায়। [সূরা বনি ইসরাঈল ১৭ : ৯]

সকল প্রশংসা আল্লাহ তা'আলার জন্য এবং সালাত ও সালাম বর্ষিত হোক আল্লাহর রসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি ও তাঁর পরিবার পরিজন, তাঁর সাহাবা এবং যারা তাঁর অনুগত তাদের সবার প্রতি।

কাফেরদের যুদ্ধকে প্রতিহত করা এবং তাদের অনিষ্ট থেকে মুসলমাদেরকে রক্ষা করা শরিয়তের খুবই গুরুত্বপূর্ণ একটি লক্ষ্য ও উদ্দেশ্য। জিহাদি আন্দোলনগুলোর উচিৎ, এর জন্য বৈধ এমন সকল পন্থা অবলম্বন করা যার মাধ্যমে এ লক্ষ্যে পৌঁছা যাবে। আমরা যখন কাফেরদের যুদ্ধকে শুধুই প্রতিহত করার চেষ্টা না করে বরং তাদের রণশক্তি ও তাদের ক্ষমতাকে উল্টো মুসলমানদের উপকারে কাজে লাগানোর চেষ্টা করবো তখনই শরিয়ার অনেক লক্ষ্য বাস্তবায়িত হবে এবং আমরা মুমিনদের জন্য -কাফেরদের যুদ্ধকে শুধুই প্রতিহত করার চেয়েও- বেশি উপকার বয়ে আনতে পারবো।

আমরা যদি নিজেদেরকে জিজ্ঞাসা করি, কাফের কিংবা মুরতাদ বাহিনীর সেনা কমান্ডাররা কিসের জন্য আল্লাহর শত্রুদের সাথে মিশে কাজ করে? তেমনিভাবে নেতৃস্থানীয় লোকেরা -যাদের ক্ষমতা ও শক্তিবলয় কিছু সমর্থকদের ঘিরে- তারা কিসের জন্য কুফফার ও মুরতাদ শাসন ব্যবস্থার প্রতি সমর্থন দেয়? আমরা দেখব যে, সংক্ষেপে এর উত্তর হচ্ছে, তাদের কারও কারও আদর্শিক কারণ আছে, তবে অন্য কিছু কারণও আছে, যেগুলো মুরতাদ সরকারগুলোর প্রতি আনুগত্যের জন্য তাদেরকে অনুপ্রাণিত করার ক্ষেত্রে আরও বেশি গুরুত্বপূর্ণ। কুফফার সরকারগুলোর কাছে সম্পদ থাকার কারণে তারা তাদের জন্য প্রচুর অর্থ সম্পদ, আনন্দ ফূর্তি ও ভোগবিলাসের উপকরণ এবং লোভনীয় সব কিছুর ব্যবস্থা করে। ফলে মানবাত্মার সহজাত চাহিদা তথা 'ঈমান' এর সামনে কুফরি মতাদর্শ দুর্বল হওয়া সত্ত্বেও, অন্যান্য দিকগুলো -যা আমরা উল্লেখ করলাম- তাদেরকে পরকাল সম্পর্কে উদাসীন এবং দুনিয়ার (ক্ষণস্থায়ী) চাকচিক্য নিয়ে সন্তুষ্ট করে রাখে।

পূর্ববর্তী কিছু প্রবন্ধে আমি এ বিষয়গুলোর কয়েকটি নিয়ে আলোচনা করেছি এবং দেখিয়েছি যে, নেতৃবৃন্দ কীভাবে বাধাপ্রাপ্ত হয় এবং তাদের অনুসারীরা শত্রুকে সহায়তা করা বন্ধ করতে তাদেরকে কীভাবে চাপ দেয়। পাশাপাশি প্রচন্ড যুদ্ধের উত্তাপ তাদের অন্তরে দুপক্ষের সংঘাতটা আসলে কী জন্য, তা বুঝার জন্য প্রেরণা দিতে থাকে। এ বিষয়গুলোই এক সময় তাদেরকে হকপন্থীদের সাথে যোগ দিতে বাধ্য করে, যেন তারা কাফের ও জালেমদের সারিতে মৃত্যবরণ করে দুনিয়া-আখেরাত দুটোই বরবাদ করার পরিবর্তে ঈমানের উপর মৃত্যুবরণ করতে পারে কিংবা এটি কমপক্ষে তাদেরকে (পক্ষ ত্যাগ করে) পালিয়ে যেতে এবং যুদ্ধের ফলাফল দেখার অপেক্ষায় একটি নিরপেক্ষ অবস্থান গ্রহণ করতে বাধ্য করে।

আমরা আরও দেখিয়েছি যে, শরিয়ার একটি নীতি হচ্ছে, শত্রুকে চাপে ফেলার জন্য তার অর্থনীতিকে আক্রমণের লক্ষ্যবস্তু বানানো। যেন তারা বুঝতে পারে যে, মুসলমানদের সাথে ক্রমাগত লড়াইয়ের ফলে চরম ভাবে তাদের জাগতিক স্বার্থহানি হবে। আর নিজেদের জাগতিক স্বার্থকে নিরাপদ রাখাই হল তাদের মূল লক্ষ্য, যাকে তারা ছলনাময় স্লোগান এবং মিথ্যা আদর্শের আড়ালে ঢেকে রাখে।

এই প্রবন্ধে আমি জনসাধারণকে হকপন্থীদের দিকে মেরুকরণ করার একটি গুরুত্বপূর্ণ পদ্ধতি নিয়ে আলোচনা করব। আর তা হচ্ছে, অর্থের মাধ্যমে মেরুকরণ করা, যেন আমরা শত্রু পক্ষের লোকজন এবং যারা নিরপেক্ষ তাদেরকে আমাদের দিকে আকৃষ্ট করতে পারি। আমরা তাদেরকে জাগতিক কিছু জিনিস দেব যেন আমরা তাদের সমর্থন লাভ করতে পারি।

একটি গুরুত্বপূর্ণ ভূমিকাসহ এই পদ্ধতিটি নিম্নে উল্লেখ করছি,

শরিয়তের বিধানগুলো এসেছে সম্ভাব্য সর্বাধিক কল্যাণ বয়ে আনার জন্য এবং সম্ভাব্য সর্বাধিক ক্ষতি প্রতিহত করার জন্য। সুতরাং এসব বিধান সাধারণভাবে সকল কল্যাণ বয়ে আনে না, আবার সকল ক্ষতি প্রতিহতও করে না। এর অর্থ এই নয় যে, আল্লাহ তাআলা এমন বিধান দিতে অক্ষম যা সকল কল্যাণ বয়ে আনবে এবং সকল ক্ষতিকে প্রতিহত করবে। বরং এটি খোদ মানুষের মধ্যে এবং এই পার্থিব জীবনের মধ্যে থাকা সৃষ্টিগত অসম্পূর্ণতার কারণে। তাছাড়া আল্লাহ তা'আলার হিকমাহ এবং তাঁর আসমা ও সিফাতের পূর্ণতার দাবিই এমন যে, এগুলো কিছু ক্ষতি ও অকল্যাণকে তাঁর সীমাহীন হিকমতের অবিচ্ছেদ্য অংশ হিসেবে সাব্যস্ত করে, যেসব হিকমাহ অনাদিকাল থেকেই তাকদীরে চূড়ান্ত হয়ে আছে।

যেমনটি আমি আগেই বলেছি যে, কিছু লোক কেবল অর্থের জন্য বাতিলপন্থীদেরকে সমর্থন করে অথচ তারা জানে যে, কোনটি হক। দুনিয়ার ভালোবাসা ও (আখেরাতের উপর) দুনিয়াকে প্রাধান্য দেয়ার মানসিকতা তাদেরকে হকপন্থী মুমিনদের সাথে যুক্ত হতে দেয় না। আমরা যখন তাদেরকে তাদের পছন্দসই জিনিসটি দিব তখন তারা অবশ্যই হকপন্থীদেরকে সমর্থন করবে এবং তাদের অনুগত্যে আসতে রাজি হবে। এরপর তারা যখন হকপন্থীদের সাথে যুক্ত হয়ে তাদের সাথে উঠাবসা করবে, তাদের মাঝে বসবাস করবে, ঈমানের নূর, কারামত ও অলৌকিক ঘটনাগুলো নিজের চোখে দেখবে এবং ঈমানের সজীবতা তাদের অন্তরের সাথে মিশে যাবে তখন তাদের অন্তরগুলো অবশ্যই হক ও সত্যের কাছে অবনত হয়ে যাবে আর তখন তারা একমাত্র দ্বীনের জন্য কাজ করবে এবং নিজেকে দ্বীনের জন্য উত্সর্গ করে দেবে।

সালাত ও সালাম বর্ষিত হোক আমাদের রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর, যিনি দুনিয়া ও আখিরাতে এমন কোনো কল্যাণকর জিনিস নেই যার কথা আমাদেরকে বলে যাননি। তাঁর মৃত্যুর পর তাঁর সাহাবীগণ তাঁর দেখানো পথে চলেই গোটা বিশ্বের নেতৃত্ব লাভ করতে সক্ষম হয়েছেন।

সম্পদের মাধ্যমে যাদের মনোরঞ্জন করা হবে দেখা যাবে তাদের বেশিরভাগই হবে অর্থনৈতিকভাবে পিষ্ট সাধারণ জনগণ ও সাধারণ সৈনিক। আর কিছু হবে সেনাবাহিনীর নিম্ন লেভেলের কর্মকর্তা। আমি বলবো, আমাদের কর্তব্য হবে সকল মুমিনদের পাশাপাশি বিশেষভাবে এসব লোকদের মাথায় এ কথা ঢুকিয়ে দেওয়া যে, আল্লাহর কাছে যে প্রতিদান রয়েছে তা (দুনিয়ার এ তুচ্ছ সম্পদ অপেক্ষা) বহুগুণে উত্তম এবং স্থায়ী। সুতরাং সবাইকে উপদেশ দেয়ার কাজটি যুদ্ধ পরিস্থিতিতেই করে যেতে হবে, যে পরিস্থিতিতে বিভিন্ন ঘটনার মাধ্যমে আপনা আপনিই লোকদের তরবিয়ত হতে থাকে। আল্লাহ তাআলা বলেন,

يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓا۟ إِذَا ضَرَبْتُمْ فِى سَبِيلِ ٱللَّهِ فَتَبَيَّنُوا۟ وَلَا تَقُولُوا۟ لِمَنْ أَلْقَىٰٓ إِلَيْكُمُ ٱلسَّلَٰمَ لَسْتَ مُؤْمِنًا تَبْتَغُونَ عَرَضَ ٱلْحَيَوٰةِ ٱلدُّنْيَا فَعِندَ ٱللَّهِ مَغَانِمُ كَثِيرَةٌ كَذَٰلِكَ كُنتُم مِّن قَبْلُ فَمَنَّ ٱللَّهُ عَلَيْكُمْ فَتَبَيَّنُوٓا۟ إِنَّ ٱللَّهَ كَانَ بِمَا تَعْمَلُونَ خَبِيرًا .

হে মু'মিনগণ! তোমরা যখন আল্লাহর পথে বের হবে তখন (সবকিছু) যাচাই করে নেবে এবং কেউ তোমাদেরকে সালাম দিলে তাকে বলো না যে, 'তুমি মুমিন নও'। তোমরা কি পার্থিব জীবনের সম্পদ পেতে চাও; অথচ আল্লাহর কাছে প্রচুর সম্পদ রয়েছে। তোমরাও তো আগে এমনই ছিলে; অতঃপর আল্লাহ তোমাদের প্রতি অনুগ্রহ করেছেন। অতএব (সবকিছু) যাচাই করে নাও। তোমরা যা কিছু করো আল্লাহ সে বিষয়ে নিশ্চয়ই অবহিত রয়েছেন। সূরা নিসা : ৯৪

অর্থের মাধ্যমে যাদের মনোরঞ্জন করা হয়েছে তাদের কেউ কেউ পরবর্তীতে ধর্মত্যাগ করতে পারে এবং মুমিনদের জন্য পরীক্ষার কারণ হয়ে দাঁড়াতে পারে। কারণ, তারা বিশুদ্ধ নিয়ত ছাড়াই মুমিনদের সাথে যোগ দিয়েছিল এবং শুরু থেকেই আনুগত্যের উপর তারা বেড়ে উঠেনি; বরং বেড়ে উঠেছে উপঢৌকন, দুনিয়াবি সামগ্রী ও স্বার্থের উপর। আর শুধুই অর্থের জন্য তাদের সাথে মৈত্রী গড়েছে। এসব তো আছেই, কখনও আবার কোনো ঝাঁকুনি আসলে যাত্রার মাঝামাঝি এসেও এ ধরণের বিষয় ঘটতে পারে। যেমন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মৃত্যু বা কোনো নেতার মৃত্যু। কখনও আবার যুদ্ধপরিস্থিতির অবনতি ঘটলেও হতে পারে, ইত্যাদি। এদের ধর্মত্যাগ করার কারণে বড় ধরণের ক্ষতি হতে পারে, যেমনটি আমি প্রবন্ধের ভূমিকাতে বলে এসেছি যে, শুরুর দিকে যখন আমরা দূর্বল অবস্থায় থাকি তখন এসব লোককে হকপন্থীদের দলে ভিড়ানোর ফলে যে উপকার ও কল্যাণ অর্জিত হয় তা পরবর্তীতে (তাদের বিশ্বাসঘাতকতার ফলে) সৃষ্ট জটিলতা ও ক্ষয়-ক্ষতির তুলনায় বেশি। তাছাড়া পূর্ণাঙ্গ কল্যাণ লাভ করার মাধ্যমে ওই ক্ষতিকে সম্পূর্ণরূপে দূর করা, এটি যুক্তি ও শরিয়ত বা ভিন্ন ভাবে বললে- প্রকৃতির স্বাভাবিক নিয়ম ও শরিয়ত কোনো বিচারেই সম্ভব নয়। যেমন আমি আগেও বলেছি যে, শরিয়তের বিধানগুলো এসেছে অকল্যাণকে প্রতিহত ও হ্রাস করার জন্য, আর কল্যাণ অর্জন করে এর শীর্ষে পৌঁছাবার জন্য। সুতরাং (আমরা দেখি যে,) আমাদের কাছে থাকা সকল নেতৃবৃন্দ যদি ঈমানী বলে বলিয়ান হয় তাহলে এটাই হচ্ছে 'পরিপূর্ণ কল্যাণ'। কিন্তু প্রকৃতির স্বাভাবিক নিয়মের কারণেই এরূপ কখনো সম্ভব হবে না। কারণ, জাহিলিয়াত তথা নিকৃষ্ট সভ্যতা ও এর ধ্বজাধারীরা আমাদেরকে কখনই তা করতে দেবে না। আর কিছু লোক যদি ধর্মত্যাগ করে তবে এই ক্ষতি পরবর্তীতে বেশ কিছু উপকার ও কল্যাণ বয়ে আনতে পারে। আর তা এভাবে যে, 'মুমিনদের শক্ত ঘাঁটি' বিভিন্ন নতুন নতুন সমস্যা মোকাবেলার মাধ্যমে নতুন করে নিজেদের প্রশিক্ষণকে ঝাঁলাই করে নিতে পারবে এবং এর মধ্য দিয়ে তারা মানুষের স্বভাব-চরিত্র ও জীবন সম্পর্কে পরিপূর্ণ ধারণা পাবে। পাশাপাশি তারা শয়তানের পথ সম্পর্কেও জানতে পারবে এবং এও জানতে পারবে যে, আল্লাহ কীভাবে (বহু মানুষের মধ্য থেকে)

শহীদদেরকে বাছাই করেন এবং পবিত্র অপবিত্র আলাদা করেন, যাতে করে ওই লোকদেরকে নিজের জন্য বাছাই করে নিতে পারেন যাদেরকে তিনি ভালোবাসেন এবং তারাও তাঁকে ভালোবাসে, যারা তিরস্কারকারীদের তিরস্কারকে ভয় করে না। এবং যাতে করে তিনি শোকর আদায় কারীদেরকে প্রতিদান দিতে পারেন।

ধর্ম ত্যাগের এই ঘটনা মুমিনদের চেতনাকে শাণিত করবে। এ বিষয়টি আমি পিছনে 'কঠিন পরিস্থিতির মাধ্যমে তরবিয়ত' এই নীতির অধীনে উল্লেখ করেছি। অধিকন্তু এর চেয়েও গুরুত্বপূর্ণ বিষয় হলো, অর্থের বিনিময়ে এসব লোকদেরকে দলে ভিড়ানোর মাধ্যমে যে কল্যাণ সাধিত হওয়ার কথা আমরা ভাবছি সেটা কখনোই অর্জন করতে পারবো না যদি আমরা এমন কাল্পনিক প্ল্যান অনুসরণ করি যা প্রাথমিক পর্যায়ে থাকা স্বাভাবিক পরিস্থিতির সাথে অসামঞ্জস্যপূর্ণ।

(অর্থের বিনিময়ে দলে ভিড়ানোর ক্ষেত্রে) কল্যাণ হয়তো এটাই যে, তারা যখন ধর্মত্যাগ করছে ততদিনে হয়তো মুসলমানদের জন্য সামনে অগ্রসর হওয়ার মত বিভিন্ন ঘাঁটি প্রস্তুত হয়ে গেছে এবং বিভিন্ন সরঞ্জাম ও সুবিধা সমৃদ্ধ একটি ইসলামী রাষ্ট্র কায়েমের জন্য কোনো ভূখন্ড বা অঞ্চলকে অগ্রযাত্রার প্রাথমিক স্টেশন ও আশ্রয়স্থল বানিয়ে সেখানে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়ে গেছে এবং আমরা আমাদের অর্জিত শক্তি-সামর্থ দিয়ে -আল্লাহ না করুন- নতুন করে ধর্মত্যাগের ঘটনা ঘটলে তার প্রতিকার করার মত সক্ষমতা অর্জন করে ফেলেছি।

আমরা আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করি এবং দ্বীন, দুনিয়া ও আখেরাতে সব ধরণের নিরাপত্তা কামনা করি।

তবে আমাদের (পূর্ব থেকে গড়া) শক্ত ঘাঁটি ও তরুণ মুজাহিদীনের সমন্বয়ে গঠিত হক্বের কাফেলাকে সম্পদের মাধ্যমে মানুষের হৃদয়কে আকৃষ্ট করার হুকুম-আহকাম স্ববিস্তারে জানতে হবে। তন্মধ্যে কিছু বিধান হলো, (১) যে ব্যক্তি শুধু সম্পদের জন্য যুদ্ধ করবে আখেরাতে সে কোনও প্রতিদান পাবে না (২) আর যার মূল উদ্দেশ্য থাকবে আল্লাহর কালিমাকে সমুন্নত করা তবে সাথে গনিমত লাভ করার নিয়তও থাকে কিন্তু সেটি দ্বিতীয় পর্যায়ে থাকবে তার প্রতিদান কিছুটা কমে যাবে। (৩) যে ব্যক্তি (যুদ্ধের ময়দান থেকে) নিরাপদে ফিরে আসে এবং গনিমতও লাভ করে তাকে তার প্রতিদানের দুই তৃতীয়াংশ নগদ দিয়ে দেয়া হয় (৪) আর যে ব্যক্তির রক্ত ঝরলো অর্থাৎ যে শহীদ হয়ে যায় এবং সম্পদও ধ্বংস হয়ে যায় সে পূর্ণ প্রতিদান লাভ করে।

(মক্কা বিজয়ের পরপরই হুনাইনের যুদ্ধ হয়।) হুনাইনের যুদ্ধে আনসাররা নিজেদের প্রাপ্য গনিমত ছেড়ে দেন। মক্কা বিজয়ের পর যারা ইসলামে নতুন প্রবেশ করেছে তাদের মনোরঞ্জনের জন্য তারা সেসব গনিমত ছেড়ে দেন।

হক্বের কাফেলাকে এ কথা ভালোভাবে বুঝতে হবে যে, পরবর্তীতে তাদের হাতে সম্পদ আসার সম্ভাবনা আছে, সাহাবায়ে কেরাম এবং তাঁদের সন্তানাদি ও তাবেয়ীদের ক্ষেত্রে যেমন হয়েছিল। তবে এ কথা ঠিক যে, সম্পদের ফেতনা অভাব অনটনের ফেতনার চেয়ে ভয়ংকর। তাছাড়া সম্পদ হাতে পেয়ে আমরা সাহাবায়ে কেরামের মতো দৃঢ় ও স্থির থাকতে পারবো সেই যোগ্যতা তো আমাদের নেই। যেমন হাদিসে এসেছে, আমি তোমাদের ব্যাপারে অভাব অনটনের আশংকা করি না। আমি আশংকা করি, দুনিয়া তোমাদের সামনে উন্মুক্ত করে দেয়া হবে (আর তোমরা দুনিয়ার পিছনে ছুটবে) পরিণামে দুনিয়া তোমাদেরকে ধবংস করে ছাড়বে যেভাবে তোমাদের পূর্ববর্তীদেরকে ধবংস করে ছেড়েছে।

তাওহীদ ও জিহাদপন্থী ভাইদের মধ্যে যারা গভীর ইলমের অধিকারী তাদের জন্য সম্পদের মাধ্যমে মানুষের হৃদয়কে আকৃষ্ট করা সংক্রান্ত শরিয়তের হুকুম আহকামকে স্ববিস্তারে বর্ণনা করা এবং এ সংক্রান্ত মূলনীতিগুলোকে একত্রিত করার এখনই সময়। তাদের উচিৎ, প্রথমে এ সংক্রান্ত হুকুম আহকামগুলোর মূলনীতি ও বিস্তারিত ব্যাখ্যা ফিকহুল জিহাদ ও শরিয়া রাজনীতি বিষয়ক কিতাবাদি থেকে বের করা এবং সমসাময়িক পরিস্থিতির সাথে ওগুলোকে ফিট করা এবং শরিয়তের মূলনীতির সাথে সামঞ্জস্য রেখে নতুন নতুন পরিস্থিতিতে ইজতিহাদ (গবেষণা) এর মাধ্যমে সমাধান বের করা।

বাস্তবে এর প্রচুর উদাহরণ রয়েছে। ফিকহ শাস্ত্র প্রয়োগ করে (গবেষণার মাধ্যমে) এসব নতুন নতুন পরিস্থিতি থেকে আমরা উপকৃত হতে পারি। আমি বিশ্বাস করি, বর্তমান যুদ্ধের সাম্প্রতিক ঘটনাবলীর আলোকে আমাদের ফিকহকে বাস্তবায়ন করার সময় এসেছে।

উদাহরণস্বরূপ আমরা জানি যে, কোন বাহিনীর আমীর যুদ্ধে নিহত ব্যক্তি থেকে প্রাপ্ত গনিমত তার হত্যাকারীকে দিতে পারে। এখন শত্রুর পক্ষের নেতা, সাধারণ সৈনিক কিংবা তাদের রক্ষীদের কেউ যদি মুজাহিদদের সাথে যোগদান করে এবং যোগদানের পূর্বে তাদের কোন মন্ত্রী বা কোন কমান্ডারকে বা এ পর্যায়ের কাউকে হত্যা করে, তাহলে যাকে সে হত্যা করেছে তার থেকে প্রাপ্ত গনিমত অপেক্ষা তাকে আরও বেশি কিছু দেয়া কি মুজাহিদদের হাইকমান্ডের জন্য বৈধ হবে? যেমন ধরুন, তার গোটা সম্পদের এক দশমাংশ এ কথার ভিত্তিতে দেয়া হলো যে, মুসলমানরা যখন পুরো এলাকা দখল করবে

তখন সে এটি পাবে। অপরদিকে যেই কমান্ডার বা মন্ত্রীকে সে হত্যা করেছে তার অনিষ্ট থেকে মুসলমানদেরকে রক্ষা করার জন্য সম্ভাব্য সব কিছু সে করেছিল এবং হত্যা করার পর মুসলমানদের সাথে যোগদান করার জন্য সুরক্ষিত কোনো জায়গায় পালিয়ে যাওয়ার ব্যবস্থাও সে নিজেই করেছিল।

আমি বলি, এটি একটি উদাহরণ মাত্র, এমন আরও অনেক উদাহরণ রয়েছে।

এখন আমাদের মধ্যে যারা গভীর ইলমের অধিকারী তাঁদের কাছে আবেদন হল, তাঁরা যেন শরিয়তের আলোকে এ জাতীয় বিষয়গুলো নিয়ে গবেষণা করেন (এবং এগুলোর সমাধান বের করেন) যেন ফিল্ড কমান্ডাররা পরিকল্পনা করা ও নীতিমালা প্রণয়ন করার সময় ওগুলোর কিছু কিছু প্রয়োগ করা শুরু করতে পারেন।

তেমনিভাবে তাওহীদ ও জিহাদপন্থী ভাইদের কাছে উত্থাপিত পূর্বের এক গবেষণায় আমি বলেছি যে, তাদের (কাজের) অন্যতম একটি লক্ষ্য হচ্ছে, মুসলমানদের সম্পদের পুনঃবন্টন। এই কথাটির উদ্দেশ্য কী, তা ব্যাখ্যা করা এবং এর হুকুম আহকাম স্ববিস্তারে বর্ণনা করার এখনই সময়। কারণ, আমাদের যুদ্ধের সামনের পরিস্থিতির সাথে এর বিশেষ সম্পর্ক রয়েছে অর্থাৎ যখন আল্লাহর ইচ্ছায় একটি আংশিক ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠিত হবে। দ্বিতীয়ত এই প্রবন্ধে জনসাধারণের অর্থ ব্যবহার করে বিভিন্ন শ্রেণির মানুষের অন্তরকে আকৃষ্ট করার বিষয়ে যে আলোচনা হল তার সাথেও এর সম্পর্ক রয়েছে।

অতএব আমাদের ভাইদের মধ্যে যারা গভীর ইলম রাখেন তাদের কর্তব্য, মুসলমানদের সম্পদ বন্টনের ন্যায়সঙ্গত পদ্ধতি কী হবে তা জনগণের সামনে প্রমাণসহ সুস্পষ্টভাবে তুলে ধরা। প্রথমত, প্রত্যেক দেশেই এমন এমন (প্রাকৃতিক) সম্পদের প্রাচুর্য রয়েছে যা অন্যান্য দেশ থেকে ভিন্ন। বাস্তবতা হচ্ছে, যদি এসব সম্পদ চুরি ও লুটের শিকার না হতো, তাহলে আমাদের জাতি বিশ্বের অন্যতম ধনী জাতিতে পরিণত হতো। যাই হোক যখন মুসলমানদের সম্পদ ন্যায়সংগত ভাবে বন্টন করা হবে তখন কি (আমাদের অধীনে থাকা) সকল এলাকার সম্পদ সংগ্রহ করে সব এলাকার মুসলমানদের মাঝে বন্টন করা হবে, নাকি প্রতিটি এলাকার সম্পদ ওই এলাকায়ই বন্টন করা হবে?

এর সাথে সম্পর্কিত আরেকটি বিষয় হল, কোন এলাকা থেকে যে যাকাত উসূল করা হবে – আল্লাহর ইচ্ছায় যা অবশ্যই প্রচুর পরিমাণে হবে এবং বিভিন্ন ধরণের সম্পদে ভরপূর থাকবে- ওই যাকাতগুলো কি দারিদ্র কবলিত অন্যান্য এলাকায় বন্টন করা যাবে?

দ্বিতীয়ত, মুসলমানদের মধ্যে সম্পদ বন্টনের ধরণটা কেমন হবে, তাও স্পষ্ট করতে হবে। যে সব ব্যক্তি, উপজাতি, দল ও গোষ্ঠী (আমাদেরকে) আনুগত্য প্রদান করেছে, সহায়তা করেছে, আশ্রয় দিয়েছে এবং জান-মাল দিয়ে জিহাদে অংশগ্রহণ করেছে, তাদের কি ওই সব সাধারণ মুসলমানদের ওপর কিছুটা অগ্রাধিকার ও বিশেষত্ব থাকবে, যারা এসব করেনি, যারা শুধু জন্মগতভাবে মুসলমান। (না, সবার হুকুম একই থাকবে?)

সারকথা হল, এখানে অনেকগুলো সূক্ষ্ম ও স্পর্শকাতর মাসআলা রয়েছে, যেগুলোর মূলনীতি এখনই গবেষণার মাধ্যমে বের করা উচিৎ, যেন এসব ব্যাপারে এমন কোনো ভুলের শিকার আমরা না হই যা আমাদেরকে বড় ধরণের ক্ষতির সম্মুখীন করবে এবং এমন ফিতনার দরজা খুলে দেবে, যা থেকে আমাদের বেঁচে থাকা জরুরি। কিংবা এসব ভুল কারো কারো মনে এমন সংশয় তৈরি করবে যা আমাদের জন্য দূর করা সম্ভব ছিল, যদি এক্ষেত্রে নিয়মতান্ত্রিক সহীহ ইজতিহাদের মাধ্যমে দলিল নির্ভর সুস্পষ্ট মূলনীতি থাকতো।

প্রবন্ধটির শেষাংশে এসে আমি একটি কথা জোর দিয়ে বলতে চাই, তা হল- আমাদের এ যুদ্ধ তাওহীদ বনাম কুফরের যুদ্ধ, ঈমান বনাম শিরকের যুদ্ধ। এটি কোনো অর্থনৈতিক, রাজনৈতিক কিংবা সামাজিক যুদ্ধ নয়।

কিন্তু আমাদের ভুলে গেলে চলবে না যে, সমাজের বিভিন্ন পর্যায়ে দূর্বলমনা লোকদেরকে লক্ষ্য করে কথা বলার সময় শরিয়া পলিসির একটি অংশ হলো, আমরা তাদেরকে আমাদের সম্পদ ও অধিকার (শত্রুর কাছ থেকে) ফিরিয়ে আনার প্রতিশ্রুতি দিবো। বরং সমাজের নিকৃষ্ট লোকেরা যেসব রাষ্ট্রীয় সম্পদ কব্জা করে রেখেছে সেগুলোও তাদের কাছ থেকে উদ্ধার করার প্রতিশ্রুতি দিবো।

আমরা মনে করি না যে এই ধরণের প্রতিশ্রুতি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহাবাদেরকে (শত্রুর বিরুদ্ধে যুদ্ধ করতে) অনুপ্রাণিত করেছিল। বরং এটা ছিল শুধুই লোকদের মনের সান্ত্বনা এবং দূর্বলমনা লোকদেরকে একটু চাঙ্গা করা, যাতে করে তারা ইসলামের দিকে ধাবিত হয়। পরবর্তীতে, ঈমানদারদের সাথে মিশে এবং জিহাদের আগুনে পরিক্ষিত হয়ে এসব দূর্বল অন্তরওয়ালাদের ঈমানী অবস্থার উন্নতি হয়েছিল এবং শেষমেশ, অন্য যে কোন কিছুর পূর্বে তাওহীদই তাদের অনুপ্রেরণা ছিল।

এজন্যই আমরা দেখতে পাই, আল্লাহ তাআলা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নির্দেশ দিয়েছেন, তিনি যেন যুদ্ধবন্দীদেরকে সম্বোধন করে বলেন, 'আল্লাহ যদি তোমাদের অন্তরে কল্যাণকর কিছু রয়েছে বলে জানেন তাহলে তোমাদের কাছ থেকে (মুক্তিপণ হিসেবে) যা নেয়া হয়েছে তার চেয়ে উত্তম জিনিস তিনি তোমাদেরকে দান করবেন' |

আল্লাহ তাআলা বলেন,

يَٰٓأَيُّهَا ٱلنَّبِيُّ قُل لِّمَن فِيٓ أَيۡدِيكُم مِّنَ ٱلۡأَسۡرَىٰٓ إِن يَعۡلَمِ ٱللَّهُ فِي قُلُوبِكُمۡ خَيۡرٗا يُؤۡتِكُمۡ خَيۡرٗا مِّمَّآ أُخِذَ مِنكُمۡ وَيَغۡفِرۡ لَكُمۡ وَٱللَّهُ غَفُورٞ رَّحِيمٞ

হে নবী, আপনার হাতে যে সব বন্দীরা আছে আপনি তাদেরকে বলে দিন যে, আল্লাহ যদি তোমাদের অন্তরে কল্যাণকর কিছু রয়েছে বলে জানেন তাহলে তোমাদের কাছ থেকে (মুক্তিপণ হিসেবে) যা নেয়া হয়েছে তার চেয়ে উত্তম জিনিস তিনি তোমাদেরকে দান করবেন এবং তোমাদেরকে তিনি ক্ষমা করে দিবেন। আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু। [সূরা আনফাল ৮ : ৭০]

আমি আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার কাছে প্রার্থনা করি, তিনি যেন আমাদের কথা ও কাজে ইখলাস দান করেন এবং এই উম্মাহকে (তাঁর পরিপূর্ণ) আনুগত্য করার মাধ্যমে -যা সকল কল্যাণের চাবিকাঠি- শক্তিশালী করেন। সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহরই জন্য, যিনি বিশ্বজগতের পালনকর্তা।

*** *** ***

টিকা-

[1] সাইকস-পিকট (Sykes–Picot) চুক্তি, সরকারিভাবে যা এশিয়া মাইনর চুক্তি বলে পরিচিত, যুক্তরাজ্য ও ফ্রান্সের মধ্যকার একটি গোপন চুক্তি। এতে রাশিয়ারও সম্মতি ছিল। প্রথম বিশ্বযুদ্ধে উসমানীয় সাম্রাজ্যের পরাজয়ের পর মধ্যপ্রাচ্যের নিয়ন্ত্রণ নিয়ে ত্রিপক্ষীয় আতাতের উদ্দেশ্য এতে বিবৃত হয়। ১৯১৫ সালের নভেম্বর থেকে ১৯১৬ সালের মার্চের মধ্যে এই চুক্তির আলোচনা চলে।১৯১৬ সালের ১৬ মে এটি উপসংহারে পৌছায়। এই চুক্তির আওতায় আরব উপদ্বীপের বাইরে উসমানীয় সাম্রাজ্যের আরব প্রদেশগুলো ভবিষ্যত ব্রিটিশ ও ফরাসি নিয়ন্ত্রণ বা প্রভাবাধীন অঞ্চলে বিভক্ত হয়। ফরাসি পক্ষে কূটনৈতিক ফ্রাঙ্কোস জর্জ পিকট ও ব্রিটিশ পক্ষে স্যার মার্ক সাইকস এতে সমঝোতা করেন। সাইকস পিকট চুক্তিতে রাশিরার জারপন্থী সরকার কম গুরুত্বপূর্ণ পক্ষ হিসেবে ছিল। পরবর্তীতে ১৯১৭ সালের অক্টোবরে রুশ বিপ্লবের পর বলশেভিকরা চুক্তিটি প্রকাশ করে। ফলে ব্রিটিশরা বিব্রত হয়। অন্যদিকে আরবরা আতঙ্কিত হয়ে পড়ে এবং তা প্রকাশিত হওয়ায় তুর্কিরা আনন্দিত হয়। [অনুবাদক কর্তৃক নেট থেকে সংগৃহীত]

[2] **USA**- United States of America, (মার্কিন যুক্তরাষ্ট্র) যাকে সংক্ষেপে United States বা US বলা হয়ে থাকে।

USSR- Union of Soviet Socialist Republics, সম্মিলিত সমাজতান্ত্রিক সোভিয়েত প্রজাতন্ত্র।

[3] যাদের মতবাদ হলো, আমরা সবাই অনেকটা জড় পদার্থের মতই। সৃষ্টিকর্তা যেভাবে চাচ্ছেন সেভাবেই সব হচ্ছে, অতএব এখানে বান্দার কিছুই করার নেই। [অনুবাদক]

[4] একইরকম পরিকল্পনা করা হয়েছিল ৯/১১ এর ঘটনার পূর্বে আফগানিস্তানে তালিবান শাসনামলে, যদিও তার রূপটি ছিল একটু ভিন্ন। এই ক্ষেত্রে পরিকল্পনা ছিল দীর্ঘ অবরোধ আরোপ করে দেশকে নিঃশেষ করে ফেলা। তারপর সুবিধাজনক সময়ে বিরোধীদের অস্ত্র ও অর্থ সরবরাহ করা এবং প্রতিবেশী দেশ থেকে জনবল পাঠিয়ে বিরোধীদের সাপোর্টের মাধ্যমে তালিবানকে উৎখাত করা।

[5] 'মাকালাত বাইনা মানহাজাইন' লেখক, শাইখ ওমর মাহমুদ আবু ওমর (আল্লাহ তাঁকে বন্দীদশা থেকে মুক্তি করুন)

[6] 'তিলকা উম্মাতু মুহাম্মাদ (সাঃ) ওয়ালান তামূত' লেখক, শাইখ ওমর মাহমুদ আবু ওমর (আল্লাহ তাঁকে বন্দীদশা থেকে মুক্তি করুন)

[7] শাইখ (আবু মুসআব আস-সূরী) ওমর আব্দুল হাকিম হাফি.র গবেষণাসমূহ দ্রষ্টব্য। [দাওয়াতুল মুকাওয়ামা / The Global Resistance Call]

[8] মরক্কো, তিউনিসিয়া, লিবিয়া, আলজেরিয়া ও মৌরিতানিয়া। [অনুবাদক]

[9] ‘মাকালাত বাইনা মানহাজাইন’ শাইখ উমর মাহমুদ আবু উমর (আল্লাহ তাঁকে দ্রুত মুক্তি দান করেন)।

[10] সারকথা হল, এসব ক্রমবর্ধমান হামলার ফলে, বিশেষকরে সেপ্টেম্বরের হামলার ফলে আমেরিকার সামনে দুটি সঙ্কট তৈরি হয়েছে। এক. তাদের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে। দুই. বিশ্বজুড়ে জিহাদী জাগরণ তৈরি হচ্ছে। [অনুবাদক]

[11] প্রথম ফাঁদ হলো, আফগানিস্তানে আক্রমণ। আর দ্বিতীয় ফাঁদ হলো, আক্রমণের পর পুরো দেশ জুড়ে ছড়িয়ে ছিটিয়ে থাকা মুজাহিদীন ও সাধারণ জনগণের সাথে একটি দীর্ঘ যুদ্ধে জড়িয়ে যাওয়া। [অনুবাদক]

[12] নিজের ভাবমূর্তি রক্ষা করতে এবং ক্ষোভ প্রশমিত করতে গিয়ে যে ফাঁদে সে পা দিয়েছে। [অনুবাদক]

[13] আর সাধারণ মানুষকে মূলত এরাই বেশি বিভ্রান্ত করে। [অনুবাদক]

[14]১৪ ইমাম ইবনুল কাইয়্যিম রহ.; যাদুল মাআদ।

[15] ইমাম ইবনুল কাইয়্যিম রহ.; আত তুরুকুল হুকমিয়্যাহ।

[16] আধুনিক যুগে শহরগুলোর সিস্টেম এমন যে এগুলোকে গোত্রীয় নেতৃবৃন্দ ও বিশিষ্ট ব্যক্তিবর্গ নিয়ন্ত্রণ করে না। বরং বিভিন্ন নিরাপত্তা বাহিনী সেগুলো নিয়ন্ত্রণ করে এবং পল্লী ও মরু অঞ্চল ছেড়ে লোকেরা শহরমুখী হওয়ার মধ্য দিয়ে এবং নিজ এলাকা অনেকটা পরিত্যাগ করার মধ্য দিয়ে আধুনিক সভ্যতা সেসব সামাজিক ব্যবস্থাকে বিলুপ্ত প্রায় করে চলেছে। বরং বর্তমান জাহেলী সরকারগুলো সেসব পল্লী ও মরু অঞ্চলগুলোর গোত্রপ্রীতি চূর্ণ করার জন্য জোর প্রচেষ্টা চালাচ্ছে, যাতে করে সেখানে তাদের কর্তৃত্ব প্রতিষ্ঠিত করতে পারে বা তাদের সেই গোত্রপ্রীতিকে কাজে লাগিয়ে তারা তাদের জাহেলী টার্গেট উদ্ধার করতে পারে। এরপরও অনেক পল্লী ও মরু অঞ্চল এবং কিছু কিছু শহর অঞ্চল যেখানে ব্যাপক জনসমাবেশ রয়েছে সেখানে তারা তাদের ঐতিহ্য (গোত্রীয় বন্ধন বা গোত্রপ্রীতি) কিঞ্চিত হলেও ধরে রাখতে সক্ষম হয়েছে।

[17] মাকালাগুলো শায়খ ওমর মাহমূদ আবু ওমর কর্তৃক রচিত। [আল্লাহ তাকে বন্দীদশা থেকে মুক্ত করুন।]

[18] বর্তমান সময়ে আমি এমন কোনো আলেমের কথা জানি না যিনি ‘তরবিয়ত’ বিষয়ে শায়খ মুহাম্মদ আমীন মিসরী রহ. এর মতো এত গবেষণা ও দক্ষতা অর্জন করেছেন। তিনি ১৯১৪ইং সনে দামেস্কে জন্মগ্রহণ করেন এবং ১৯৭৭ইং মোতাবেক ১৩৯৭ হিজরীতে সুইজারল্যান্ডে একটি অপারেশনের পর মৃত্যুবরণ করেন। পরে তাঁর দেহ মক্কায় নিয়ে আসা হয় এবং সেখানেই দাফন করা হয়। আল্লাহ তাঁকে রহমতের চাদরে আবৃত করুন এবং উত্তম প্রতিদান দান করুন।

[19] এটি মিশরের তৎকালিন একটি জিহাদী সংগঠনের নাম। [অনুবাদক]

[20] ‘আল বিদায়াহ ওয়ান নিহায়াহ’ গ্রন্থে এখানে ‘মুসলিম নারীদের’ পরিবর্তে ‘উম্মাহাতুল মু‘মিনীনের’ কথা এসেছে। [অনুবাদক]

[21] ওদের ইসলাম হল সুন্নি ও সুফি ইজমের মিশ্রণ। [অনুবাদক]

[22] বিপরীতগামীতা দু‘ভাবে হতে পারে। এক। রিদ্দাহ তথা ইসলাম ত্যাগের মাধ্যমে। দুই। সীমালঙ্ঘনে লিপ্ত হওয়ার মাধ্যমে। সীমালঙ্ঘন এতটাই যে তাদের বিরুদ্ধে যুদ্ধ করা অপরিহার্য হয়ে পড়ে।

[23] এটি শায়খদের একজনের বক্তব্য, যা আমরা তাঁর অনুসারীদের বিপক্ষে দলিল হিসাবে পেশ করছি।

[24] আমেরিকা ও তার জোট কর্তৃক ইরাক আগ্রাসনের পূর্বাপর তাদের সৈন্যদের শারীরিক-মাসনিক অবস্থার উপর তৈরিকৃত বিশেষজ্ঞদের রিপোর্ট তাদেরই পত্রপত্রিকা থেকে সংগৃহীত। তারা এমন রিপোর্ট করেছে যে, কতক সৈন্যরা মুর্ছা যাচ্ছে এবং মানসিক রোগে ভুগছে।

[25] আইরিশ রেড আর্মি নামে আসলে কোন সংগঠন নেই। এই লোক – যার কথা এই প্রবন্ধের শুরুতে উল্লেখ করেছি, যিনি নিজেকে এবং তার সমর্থকরাও তাকে মিশরের সালাফী সংস্কারের একজন ইতিহাসবেত্তা হিসেবে মনে করে থাকেন -সম্ভবত তিনি 'আইরিশ রেড আর্মি' বলে 'আইরিশ রিপাবলিকান আর্মি' বোঝাতে চেয়েছেন!

[26] আরও বিস্তারিত জানতে হলে শাইখ ওমর মাহমুদ আবু ওমর (আল্লাহ তাআলা তাঁকে দ্রুত মুক্তি দান করুন) এর লেখা 'মাকালাত বাইনাল মানহাজাইন' বা 'আর্টিকেলস বিটুইন টু মেথডস' এর ৮৭ ও ৯৭ নম্বর প্রবন্ধ দুটি পড়তে পারেন। আমি আমার এই প্রবন্ধে আলোচিত বিষয়টি পরিষ্কার করার জন্য ওই প্রবন্ধ দুটি থেকে অনেক কথা এনেছি।

[27] সম্ভবত এর মাধ্যমে এটা বুঝানো হয়েছে যে, ইসলামী সমাজে এই বিধানটি গুরুত্ব বিবেচনায় সবার পরে এসেছে। এর বাইরে অন্যান্য নিষিদ্ধ বিধানগুলো আরো আগে এসেছে। সুতরাং সবার পরে আসা বিধানটা দু'পক্ষের সম্মতিতে হওয়ার পরও মুসলিম সমাজের জন্য এতটাই ভয়ানক যে আল্লাহ তাআলা এর বিরুদ্ধে যুদ্ধের ঘোষণা দিয়েছেন, তাহলে অন্যান্য গুনাহ যেগুলো ইসলামী সমাজ গঠনে এসেছেও আগে, আবার সংঘটিত হচ্ছেও কোনো এক পক্ষের সম্মতি ছাড়াই, সেগুলোর কারণে সমাজের বিপর্যয় কী পরিমাণ হবে। (অনুবাদক)

[28] গত শতাব্দীর নব্বইয়ের দশকের শুরুতে যখন মিশরে জিহাদের আগুন জ্বলে উঠে, তখন মুসলিম ব্রাদারহুড- মিসরের খ্রিস্টানদের সবচেয়ে বড় গোষ্ঠী 'অর্থোডক্স' এর প্রধান 'শেনুদা'র সাথে হাত মিলায়। শেনুদা ইতিপূর্বে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে স্পষ্ট ভাষায় গালিগালাজ করে অডিও বার্তা তৈরি করেছিল এবং তা খ্রিস্টানদের মধ্যে বিতরণও করেছিল। আর সত্তরের দশকে তার ব্যাপারে এটা প্রমাণিত যে, 'আল-যাবিয়াতুল হামরা' ও তদপরবর্তী ঘটনায় যে ধরণের চক্রান্ত হয়েছিল সেখানে ওগুলোর পরিচালনা সে-ই করছিল এবং অস্ত্রশস্ত্র যোগাড় করছিল। মুসলিম ব্রাদারহুডের সাথে সরাসরি যোগাযোগ ঘটার আগে শেনুদা পত্রপত্রিকায় ইসলামকে নিয়ে কটাক্ষ করেছিল। যেখানে সে ইসলামের কিছু কিছু বিধান নিয়ে বিদ্রুপ করেছিল। যেমন, কাফের রাষ্ট্রনায়ক না হতে পারার বিষয়টি নিয়ে সে সমালোচনা করেছিল। যেহেতু সে ইসলামের উক্ত বিধানকে প্রত্যাখ্যান করে, তাই সে বলেছিল যে, মিসরে শরিয়া প্রতিষ্ঠিত হওয়া অসম্ভব। কারণ এর ফলে খ্রিস্টানরা মিসরে দ্বিতীয় সারির নাগরিকে পরিণত হবে। আমি বলি, মুসলিম ব্রাদারহুড এই ক্রিমিনালের সাথে হাত মিলিয়েছিল সন্ত্রাসবাদের বিরুদ্ধে নিন্দা জ্ঞাপনের জন্য। তারা যখন শেনুদার সাথে সাক্ষাৎ করতে যায় তখন প্রথম সাক্ষাতেই শেনুদা বলেছিল, সন্ত্রাসী কার্যকলাপে জড়িত লোকগুলো কি মিশরের নীল নদের পানি পান করেনি? তারা কি এই ভূমিতে লালিত পালিত হয়নি?

জবাবে তারা বলেছিল, না! সন্ত্রাসীরা এই ভূমির সন্তান নয়, ইত্যাদি ইত্যাদি। মুসলিম ব্রাদারহুডের এক প্রবীন নেতা 'হাসান দূহ' তার এক প্রবন্ধে গর্বের সাথে এই সাক্ষাতকার প্রকাশ করেছিল। তারা ভুলে গিয়েছিল যে, নীলনদ সহ এ ভূখন্ডের আরও যত নিয়ামত নিয়ে তারা গর্ব করে এ সবকিছুর সৃষ্টিকর্তা একমাত্র 'আল্লাহ তাআলা' !! এই হচ্ছে ওদের তাওহীদের অবস্থা। খ্রিস্টানদের কুফর আর গাইরুল্লাহর উপাসনার বিষয়গুলো না হয় আলোচনায় নাই আনলাম। আল্লাহর কাছে দু'আ করি, আল্লাহ যেন এদের ওপর যথাযোগ্য শাস্তি নাযিল করেন।

[29] এখানে সম্ভবত উদ্দেশ্য হলো, নিরাপদ পরিস্থিতিতে মুরতাদ শাসকের বিরুদ্ধে লড়াই করা ঐ পরিস্থিতির চেয়ে বেশি সহজ যখন বহিরাগত কুফরী শক্তি আগ্রাসন চালানোর ফলে পরিস্থিতি আরও বেসামাল ও অনিরাপদ হয়ে পড়ে। [অনুবাদক]